DETROIT PUBLIC SCHOOLS COMMUNITY DISTRICT

Students Rise. We All Rise.

শিক্ষার্থীদের অধিকার, দায়িত্ব, এবং আচরণবিধি

2020-2025

DPSCD নিয়োগ ও ভর্তির সুযোগসহ এর শিক্ষা কর্মসূচি ও কর্মকান্ডের ক্ষেত্রে গোত্র, বর্ণ, জাতিগত পরিচয়, লিঙ্গ, যৌন অভিমুখীতা, লৈঙ্গিক পরিচয়, প্রতিবন্ধিত্ব, বয়স, ধর্ম, উচ্চতা, ওজন, নাগরিকত্ব, বৈবাহিক বা পারিবারিক মর্যাদা, সামরিক মর্যাদা, পূর্বপুরুষ, জেনেটিক তথ্য, অথবা আইনগতভাবে সুরক্ষিত অন্য কোনো শ্রেণিবিভাগের ভিত্তিতে কোনরূপ বৈষম্য করে না। কোনো প্রশ্ন আছে? কোনো উদ্বেগ? নাগরিক অধিকার সমন্বয়কের সাথে (313) 240-4377 নম্বরে অথবা dpscd.compliance@detroitk12.org ইমেইল ঠিকানায় অথবা 3011 West Grand Boulevard, 14th Floor, Detroit MI 48202 ঠিকানায় যোগাযোগ করুন।

বোর্ডের সদস্য

অ্যাঞ্জেলিক পিটারসন-মেবেরি
প্রেসিডেন্ট

মিশা স্টলওর্থ
ভাইস প্রেসিডেন্ট

ড. আইরিশ টেইলর
সেক্রেটারি

সোনিয়া মেইজ
কোষাধ্যক্ষ

শেরি গে-ডাগনোগো
সদস্য

লাট্রিস ম্যাকক্লেডন
সদস্য

বিশপ করলেটা জে. ভন
সদস্য

ড. নিকোলাই পি. ভিট্টি
সুপারইন্টেনডেন্ট

সূচিপত্র

বোর্ডের সদস্য 2
ভাষা সহায়তা সেবা 5
ব্লুপ্রিন্ট 6
শিক্ষা বোর্ড ও সুপারইন্টেনডেন্টের চিঠি 7
প্রতিদিন প্রত্যেক কমিউনিটির প্রতিটি শিক্ষার্থীকে শিক্ষিত করা এবং তাদের ক্ষমতায়ন 8
বহু-স্তরীয় সহায়তা পদ্ধতি 9
সম্মান প্রত্যাশা 10
স্কুলগুলোতে DPSCD-এর জননিরাপত্তা বিভাগের ভূমিকা 12
ভূমিকা, অধিকার, দায়িত্ব এবং প্রত্যাশা 13
উপস্থিতি নীতি 18
দীর্ঘকালীন অনুপস্থিতি 21
ড্রেস কোড 23
বিশেষ চাহিদাসম্পন্ন শিক্ষার্থীদের ক্ষেত্রে শৃঙ্খলা 24
শিক্ষার্থীর প্রতিবন্ধী হওয়া সন্দেহ করা 26
আর্লি ইলিমেন্টারি শিক্ষার্থীর সন্দেহজনক প্রতিবন্ধিত্ব 26
টাইটেল IX যৌন হয়রানি 27
প্রযুক্তি ব্যবহার 28
উৎপীড়ন নীতি 29
ইতিবাচক আচরণগত মধ্যস্থতা ও সহায়তা (PBIS) 30
মধ্যস্থতা, সহায়তা ও শাস্তিমূলক ব্যবস্থা 30
মধ্যস্থতা, সহায়তা এবং শাস্তিমূলক ব্যবস্থা বাস্তবায়ন 32
বিকল্প শাস্তিমূলক ব্যবস্থা 33
প্রশাসনিক বদলি 34
A লঙ্ঘন 35
A লঙ্ঘনের জন্য ঘটনা প্রতি শাস্তিমূলক ব্যবস্থা 36
B লঙ্ঘন 37
B লঙ্ঘনের জন্য ঘটনা প্রতি শাস্তিমূলক ব্যবস্থা 39
C লঙ্ঘন 42
C লঙ্ঘনের জন্য ঘটনা প্রতি শাস্তিমূলক ব্যবস্থা 44
D লঙ্ঘন 47
D লঙ্ঘনের জন্য ঘটনা প্রতি শাস্তিমূলক ব্যবস্থা 50
যথাযথ প্রক্রিয়ার অধিকার 52

স্কুল পর্যায়ের কনফারেন্স, শুনানি এবং বহিষ্কার পর্যালোচনা 53
স্থায়ী বহিষ্কার 54
স্থায়ী বহিষ্কারের পরে পুনর্বহাল..... 54
পুনঃভর্তি নীতিমালা ও শুনানি..... 55
আপিল 56
শিক্ষার্থীর অভিযোগ..... 57
শিক্ষার্থী এবং তাদের পরিবারের জন্য অতিরিক্ত রিসোর্স 58
উত্তেজনা প্রশমন – পৃথকীকরণ এবং সংযতকরণ 58
পরিশিষ্ট A – পরিভাষা শব্দকোষ 59
পরিশিষ্ট B – শৃঙ্খলা মামলায় শিক্ষার্থী এবং অভিভাবকদের যথাযথ প্রক্রিয়ার অধিকার..... 61
পরিশিষ্ট C – জিজ্ঞাসাবাদ ও তল্লাশী..... 62
পরিশিষ্ট D –প্রতিবেদনযোগ্য ঘটনার তালিকা..... 64
পরিশিষ্ট E – টাইটেল IX সংজ্ঞাসমূহ 65

ভাষা সহায়তা সেবা

ডেট্রয়েট পাবলিক স্কুলস কমিউনিটি ডিস্ট্রিক্ট সীমিত ইংরেজি দক্ষতার বাবা-মা এবং অভিভাবকদের ভাষা সহায়তা (মৌখিক দোভাষী ও লিখিত অনুবাদ) সেবা সরবরাহ করে। ডিস্ট্রিক্ট অতিরিক্ত কৈফিয়ত ছাড়াই কোনো মা/বাবা বা অভিভাবকের বিবৃতি গ্রহণ করে যে ইংরেজিতে কথা বলা, পড়া বা লেখার ক্ষেত্রে ভাষা সহায়তা প্রয়োজন। বিনামূল্যে সাহায্যের জন্য, অনুগ্রহ করে আপনার সন্তানের স্কুল বা ডিস্ট্রিক্টের অনুবাদ সমন্বয়কারীর সাথে (313) 870-3776 অথবা (313) 212-4312 নম্বরে যোগাযোগ করুন।

DPSCD-তে গোত্র, বর্ণ, জাতিগত পরিচয়, লিঙ্গ, প্রতিবন্ধিত্ব এবং/অথবা ধর্মের ভিত্তিতে কোনো বৈষম্য নিষিদ্ধ। কোনো প্রশ্ন আছে? কোনো উদ্বেগ আছে? কমপ্ল্যায়েন্স অফিসারের সাথে (313) 240-4377 নম্বরে যোগাযোগ করুন। আমরা বধির এবং শ্রবণে সমস্যা থাকা ব্যক্তিদের জন্য প্রোগ্রামে অংশগ্রহণ করতে সহায়তা প্রদান করি। কল বা টেক্সট করুন: 313-212-4312 ইমেইল: translation.request@detroitk12.org.

خدمات المساعدة اللغوية – اللغة العربية

توفر مدارس ديترويت العامة مساعدة لغوية (ترجمة شفوية وترجمة مكتوبة) إلى الوالدين الذين ال يجيدون اللغة اإلنجليزية بكفاءة. تقبل المنطقة على أحد الوالدين أو الوصي في تأكيد أن اللغة تحتاج المساعدة في قراءة أو كتابة باللغة اإلنجليزية دون اشتراط إثبات. للمساعدة المجانية، يرجى االتصال بمدرسة طفلك أو منسق الترجمة التابع للحي على 212-4312 (313)/870-3776 (313)

تحظر المدارس العامة بمدينة ديترويت بقطاع المجتمع (DPSCD) التمييز على أساس العرق أو اللون أو االصل القومي أو الجنس أو اإلعاقة و/أو الدين. هل لديك أسئلة أو مخاوف؟
اتصل بمسؤول االمتثال على الرقم 240-4377 (313)

نحن نوفر المساعدة للطالب المصابين بالصمم وصعوبة السمع لالستفادة من برامج المنطقة التعليمية للمدارس العامة في ديترويت .(DPSCD) اتصل أو أرسل رسالة نصية على الرقم:
313-212-4312 اإلكتروني البريد أو: translation.request@detroitk12.org

Español – Servicios de asistencia de lenguaje y aviso de no discriminación

El Distrito comunidad de las Escuelas Públicas de Detroit ofrecen servicios de asistencia lingüística (interpretación oral y traducción escrita) a padres y tutores con dominio limitado del inglés. El Distrito acepta las declaraciones de padres o tutores en las que expresan que necesitan ayuda con el idioma para hablar, leer o escribir en inglés, sin necesidad de una comprobación adicional. Para obtener ayuda gratuita, por favor comuníquese con la escuela de su hijo o el Coordinador de Traducciones del Distrito al (313) 870-3776 o (313) 212-4312.

DPSCD prohíbe la discriminación basada en la raza, color, origen nacional, sexo, discapacidad y/o religión. ¿Preguntas? ¿Preocupaciones? Comuníquese con el Oficial de Cumplimiento al (313) 240-4377.

Ofrecemos asistencia a las personas sordas y con dificultades auditivas para que puedan acceder a los programas del DPSCD. Llame o envíe un mensaje de texto al: 313-212-4312 Correo electrónico: translation.request@detroitk12.org

- ন ্ত সয় সসসহ

ে দ ে ন ে◌াি◌াে◌া ও অি◌াবকে িনয ট ি◌াবক িহ ি◌া সে◌া (ক বি ন ও ে অদ) ডস ন ক। অ ে িন ে◌াই ে◌াি◌াে◌া অি◌াবর এই জব রন জন , , ি ও ি◌াে িনয ি◌া সে◌াে িন ে। জবৃষ সে◌াে িনয, অহ ক ে ে ে স স ডঅি রন- (313) 870-3776 (313)212-4312 ন গ কন।

DPSCD ি◌া, ি, ি◌াে◌ীে◌াে উৎস, , ব ও/ ধিে ে ক ববযরক জনজষ ক। ? উ? অে

(313) 240-4377 ন গ কন।

DPSCD ডিরহ অস জদ ে◌া বজো ও রন ে বি সে◌া ন ক। ন ডট কন: 313-212-4312 ই: translation.request@detroitk12.org

Limba română – Servicii de asistență lingvistică

Detroit Public Schools Community District oferă părinților și tutorilor legali cu cunoștințe limitate de engleză servicii deasistență lingvistică (translație orală și traducere). Districtul aderă la principiul că asistența lingvistică vizând comunicarea verbală, citire și scriere în limba engleză este necesară și nu solicită coroborare suplimentară a acestuia. Pentru asistență gratuită, vă rugăm să contactați Coordonatorul Traduceri al Districtului, la numărul de telefon (313) 870-3776/(313) 212-4312.

DPSCD interzice discriminarea pe bază de rasă, culoare, naționalitate, origine, gen, handicap și/sau religie. Dacă aveți întrebări sau nNedumeriri, vă rugăm contactați ofițerul responsabil cu regulamentul la nr. Tel (313) 240-4377.

Oferim asistență persoanelor fără auz sau cu deficiențe de auz pentru a accesa programele DPSCD. Sunați sau trimiteți mesaj la: 313-212-4312 Email: translation.request@detroitk12.org

Lus Hmoob – Kev Pab Cuam Txhais Lus

Detroit Public Schools Community District muab kev pab cuam lus (txhais ua lus thiab txhais ntawv) pab cuam rau cov niamtiv thiab cov tsom kwm uas paub lus Askiv tsis zoo. Tuam tsev kawm lees paub niam txiv thiab cov saib xyuas uas tsis paub lus zoo yuav tsum tau hais nyeem thiab sau ua lus Askiv uas tsis tag yuav nrhiav lwm tus neeg sab nrauv pab ntxiv. Hais txog pab dawb, thov hu rau koj tus menyuam lub tsev kawm ntawv lossis Tuam Tsev Kawm Ntawv tus neeg txuas lus fab kev txhais lus (313) 870-3776/(313)212-4312.

DPSCD txwv tsis pub muaj kev ntxub ntxaug vim yog ib haiv neeg, cev nqaij daim tawv tsos xis, neeg keeb kwm hauv lub teb chaws, txivneej los yog pojniam, neeg xiam oob qhab, thiab/lossis kev ntseeg xaj xab nam. Puas muaj lus nug? Puas muaj kev txawj xeeb dab tsi? Hu rau Tus Kws Saib Xyuas Txoj Cai rau ntawm tus xov tooj (313) 240-4377.

Peb muab kev pab rau cov neeg Lag Ntseg thiab Hnov Lus Tsis Zoo kom tau txais kev pab rau ntawm DPSCD. Hu Xov Tooj lossis Xa Kab Ntawv rau: 313-212-4312 Email: translation.request@detroitk12.org

মিশন

আমরা প্রতিটি কমিউনিটির, প্রতিটি শিক্ষার্থীকে, একটি শক্তিশালী ডেট্রয়েট গড়ে তোলার জন্য প্রতিদিন সুশিক্ষিত ও ক্ষমতায়ন করি।

ভিশন

আমাদের শহর, আমাদের দেশ, আমাদের বিশ্বকে উন্নত করার জন্য সকল শিক্ষার্থীর প্রয়োজনীয় জ্ঞান, দক্ষতা ও আত্মবিশ্বাস থাকবে।

DETROIT
PUBLIC SCHOOLS
COMMUNITY DISTRICT

ব্লুপ্রিন্ট 2027

মূল্যবোধ

শিক্ষার্থীরা সর্বাগ্রে

শিক্ষার্থীদের সর্বোত্তম স্বার্থে সিদ্ধান্ত গ্রহণ করা। প্রতিটি রিসোর্সের কৌশলগত ব্যবহার যাতে আমরা শিক্ষার্থীদের ব্যক্তিগত চাহিদা পূরণ করতে পারি।

উৎকর্ষতা

নিজ উৎকর্ষের সন্ধানে নিরলস থাকা। অদম্য ও উদ্ভাবনী হওয়া। নিজের ভুল থেকে শেখা। নিজেকে ও অন্যদেরকে আদর্শের শিখরে নিয়ে যাওয়া।

সততা

সবার অলক্ষেও সঠিক কাজটিই করা। সৎ থাকা। বিশ্বস্ত থাকা। জবাবদিহি করা।

সমতা

বৈচিত্র্য এমন একটি সম্পদ যা আমাদের শক্তিশালী করে তোলে। অন্যদের প্রয়োজনের পক্ষে কথা বলা। আমাদের কমিউনিটির সকল সদস্যের সফল হওয়ার জন্য প্রয়োজনীয় সরঞ্জাম ও রিসোর্সে অ্যাক্সেস থাকা নিশ্চিত করা।

সেবা

শোনা। সহানুভূতি দেখানো। সাড়াদান। সমস্যাগুলো বোঝা এবং সেগুলো সমাধানে সাহায্য করা।

দৃঢ়তা

কঠোর পরিশ্রমকে আলিঙ্গন করা এবং চ্যালেঞ্জের মুখে অবিচল থাকা। নিজের প্রতিশ্রুতিকে অনুসরণ এবং যাই হোক না কেন নিজের সেরাটি দেওয়ার চেষ্টা করা।

শিক্ষার্থীদের উন্নতি।
আমাদের সবার উন্নতি।

লক্ষ্য 1 : উপস্থিতি উন্নত করা

- শারীরিক এবং মানসিক স্বাস্থ্যসেবার অ্যাক্সেস
- পরিবারের জন্য রিসোর্স
- সংযুক্ত কমিউনিটি
- প্রত্যাশা এবং আউটরিচ

লক্ষ্য 2: দক্ষতার উচ্চ স্তরে ওঠানো

- লিডারশিপের উন্নয়ন
- প্রাথমিক নির্দেশনা
- বর্ণবাদী-বিরোধী শিক্ষাবিজ্ঞান
- বিভিন্ন শিক্ষানবিসদের সমর্থন
- প্রয়োজনীয় কর্মী দক্ষতার জন্য শেখার অগ্রগতি

লক্ষ্য 3: ভবিষ্যতের জন্য প্রস্তুত স্নাতক শিক্ষার্থী

- সামাজিক সংবেদনশীল শিক্ষা
- নতুন ডিপ্লোমা পাথ এবং হাই স্কুল ডে
- কলেজ এবং পেশার জন্য প্রস্তুত কোর্সে সাফল্যের হার
- উপযোগী ডেটা এবং তথ্য

লক্ষ্য 4: স্থায়িত্ব এবং অব্যাহত অগ্রগতি নিশ্চিত করুন

- ন্যায়সঙ্গত ফান্ডিং
- সুষম বাজেট
- সম্পূর্ণ কর্মীসহ এবং নিমুক্ত দল
- পেশাগত সংস্কৃতি
- পরিচ্ছন্ন উত্তরাধিকার ব্যবস্থাপনা
- 21 শতাব্দীর সুবিধা

শিক্ষা বোর্ড ও সুপারইন্টেনডেন্টের চিঠি

ডেট্রয়েট পাবলিক স্কুলস একটি নিরাপদ, সহায়ক শিক্ষার পরিবেশ গড়ে তোলার মাধ্যমে স্নেহময়, চ্যালেঞ্জপূর্ণ এবং কলেজ ও ক্যারিয়ারের জন্য প্রস্তুত বোধ করতে প্রতিটি শিক্ষার্থীকে সহায়তার জন্য প্রতিশ্রুতিবদ্ধ যা পুনরুদ্ধারমূলক অনুশীলন, স্তরীকৃত সহায়তা ব্যবস্থা, মানসম্মত সংশোধনমূলক মধ্যস্থতা কৌশল এবং প্রতিক্রিয়াপূর্ণ সমন্বিত সেবার প্রতি গুরুত্ব দেয়। আমরা বিশ্বাস করি যে সক্রিয় সমতাপূর্ণ সহায়তার মাধ্যমে, আমাদের শিক্ষার্থীরা একাডেমিক ও সামাজিকভাবে উচ্চ প্রত্যাশা পূরণ করতে পারে।

আমাদের স্কুলের পরিবেশ এমন স্থান হতে হবে যা শিক্ষার্থীদের এবং প্রাপ্তবয়স্কদের জন্য ইতিবাচক মিথস্ক্রিয়া এবং একাডেমিক অর্জনের জন্য সহায়ক, তাই, আমাদের শিক্ষার্থীদের কৌশল শেখানোর উপর জোর দেওয়া হয় যা সক্রিয় যোগাযোগের দক্ষতা বৃদ্ধি করে, তাদের কোনো কিছুর পক্ষে কথা বলতে এবং পুনরুদ্ধারমূলক সংলাপে সম্পৃক্ত হতে সক্ষম করে। এছাড়াও, শিক্ষার্থীদের অবশ্যই সম্মানজনক ও শান্তিপূর্ণ উপায়ে সমস্যা সমাধান এবং বৈরিতা নিরসন করতে সক্ষম হতে হবে, যাতে তারা প্রত্যেকে এমন ক্লাসরুম তৈরিতে অবদান রাখতে পারে যা উচ্চমানের শিক্ষাদান ও শিখন প্রসারিত করে এবং বজায় রাখে।

পরিবার, শিক্ষার্থী, স্কুল, কর্মী ও ডিস্ট্রিক্টকে অবশ্যই শিক্ষার্থীদের অধিকার, দায়িত্ব ও আচরণবিধিতে (বিধি) উল্লেখকৃত ইতিবাচক স্কুল সংস্কৃতি তৈরি করতে একসাথে অংশীদার হতে হবে। কোড প্রতিটি লঙ্ঘনের সাথে প্রগতিশীল শাস্তিমূলক পরিণতির রূপরেখা দেয়, যার মধ্যে স্কুল থেকে অপসারণ বা--খুব সীমিত ক্ষেত্রে--ডিস্ট্রিক্ট থেকে বহিষ্কার হওয়া অন্তর্ভুক্ত রয়েছে। তাই, আমরা সবাইকে পুরো ডকুমেন্টটি সাবধানে পর্যালোচনা করতে এবং উল্লেখকৃত প্রত্যাশা অনুযায়ী নিরাপদ ও ইতিবাচক শিক্ষার পরিবেশে অবদান রাখার গুরুত্ব সম্পর্কে আরো বেশি সংলাপ করতে উৎসাহিত করি। আমাদের ডিস্ট্রিক্ট কমিউনিটির সকল অংশগ্রহণকারীদের আচরণবিধি লঙ্ঘন হলে অবশ্যই প্রয়োগ করা হবে এমন নির্ধারিত পরিণতি সম্পর্কে অবগত থাকা গুরুত্বপূর্ণ।

আপনার শিক্ষার্থীর সাথে ডকুমেন্টটি পর্যালোচনা ও আলোচনা করার পর, অনুগ্রহ করে **"শিক্ষার্থীদের অধিকার, দায়িত্ব এবং আচরণবিধি অনুধাবন, প্রাপ্তিস্বীকার ও পর্যালোচনার ব্যাপারে মা/বাবা ও শিক্ষার্থীর বিবৃতি"** তে স্বাক্ষর করুন এবং আপনার সন্তানের স্কুলে ফেরত দিন। আপনার যদি প্রশ্ন থাকে যেগুলির আপনি স্বাক্ষর করার আগে উত্তর পেতে চান, তাহলে অনুগ্রহ করে আপনার শিক্ষার্থীর স্কুলের অধ্যক্ষ বা স্কুল কর্মীদের সাথে যোগাযোগ করুন। এটি আপনার এবং আপনার শিক্ষার্থীর স্কুলের মাঝে যোগাযোগের জন্য একটি গুরুত্বপূর্ণ সংযোগ তৈরির একটি দুর্দান্ত উপায়। স্বাক্ষর করা হয়ে গেলে অনুগ্রহ করে আপনার রেকর্ডের জন্য একটি অনুলিপি রাখুন।

ডেট্রয়েট পাবলিক স্কুলস কমিউনিটি ডিস্ট্রিক্টের প্রতিটি স্কুলে নিরাপদ, ইতিবাচক শিক্ষার পরিবেশ তৈরিতে আমাদের সাথে কাজ করার জন্য আপনাকে ধন্যবাদ।

Dr. Nikolai P. Vitti
সুপারইন্টেনডেন্ট
ডেট্রয়েট পাবলিক স্কুল কমিউনিটি ডিস্ট্রিক

শিক্ষা বোর্ড
অ্যাঞ্জেলিক পিটারসন-মেবেরি, প্রেসিডেন্ট
মিশা স্টলওর্থ, ভাইস প্রেসিডেন্ট
Dr. Iris Taylor, সেক্রেটারি
সোনিয়া মেইজ, কোষাধ্যক্ষ
শেরি গে-ডাগনোগো, সদস্য
লাট্রিস ম্যাকক্লেডন, সদস্য
বিশপ করলেটা J. Vaughn, সদস্য

প্রতিদিন প্রত্যেক কমিউনিটির প্রতিটি শিক্ষার্থীকে শিক্ষিত করা এবং তাদের ক্ষমতায়ন

ডেট্রয়েট পাবলিক স্কুলস কমিউনিটি ডিস্ট্রিক্টের 2024-2025 স্কুলবর্ষের শিক্ষার্থী আচরণবিধি ফেডারেল ও স্টেট আইন, ডেট্রয়েট শিক্ষাবোর্ডের নীতিমালা, সুপারইন্টেনডেন্ট প্রশাসনিক নির্দেশিকা এবং সেই সাথে প্রযোজ্য এজেন্সি নির্দেশিকা অনুসারে লিখিত। এই ডকুমেন্টটির মূল উদ্দেশ্য হলো DPSCD-তে সকল শিক্ষার্থীরা যাতে একটি নিরাপদ ও অনুকূল পরিবেশে শিক্ষা লাভ করতে পারে সেটি নিশ্চিত করা। স্কুল তোমাকে তোমার শিখন প্রক্রিয়ায় সহযোগিতা করতে চায় এবং তুমি যাতে ভালোভাবে পড়ালেখা করতে পারো, সেটি নিশ্চিত করতে চায়। এটি এমন এক পরিবেশ তৈরি করতে চায় যেখানে তুমি সহজেই মানিয়ে নিতে পারবে এবং যেখানে তোমার অনুভূতি এবং ভালো থাকাকে গুরুত্ব দেওয়া হবে।

এই লক্ষ্য বাস্তবায়নের জন্য, শিক্ষার্থীরা কেমন আচরণ করবে, প্রাপ্তবয়স্করা কেমন আচরণ করবে এবং আমরা নিজেদের এবং একে অপরকে এই প্রত্যাশাগুলোর প্রতি কীভাবে দায়বদ্ধ করব সে বিষয়ে স্কুলের কিছু সুস্পষ্ট প্রত্যাশা রয়েছে। ডিস্ট্রিক্ট কোনো সমস্যা হওয়ার আগেই সেটি প্রতিরোধ করার চেষ্টা করে এবং কোনো সমস্যা দেখা দিলে, সেটি এমনভাবে মোকাবেলা করে যাতে তুমি সেই সমস্যার কারণে শাস্তি পাওয়ার পরিবর্তে, সেটি থেকে শিক্ষা নিতে পারো। DPSCD সকল শিক্ষার্থীদের চাকরি, কলেজ এবং কমিউনিটির অংশ হওয়ার জন্য সাহায্য করার লক্ষ্যে বিশ্বাসী। এটি চায় তুমি শুধুমাত্র Detroit-এই নয়, সেই সাথে আমাদের দেশে এবং সারা বিশ্বের কাছে সফল হওয়ার জন্য জ্ঞান, দক্ষতা ও আত্মবিশ্বাস অর্জন কর!

শিক্ষার্থীর আচরণবিধি নিশ্চিত করে যে শিক্ষকরা শুধুমাত্র শাস্তি প্রদানের জন্য নয়, শিখন ও বিকাশের জন্যেও শৃঙ্খলার যথাযথ ব্যবহার করেন। এটি আরো আশা করে যে তোমার শিখন পরিবেশের জন্য তুমি নিজেকে দায়বদ্ধ ভাববে, যার ফলে তুমি তোমার স্কুলকে দায়িত্ববোধ ও আন্তরিকতার সাথে সবার জন্য একটি অনুকূল স্থান করে তুলতে পারবে। তোমার স্কুলজীবনের অভিজ্ঞতাকে অসাধারণ করতে এবং তোমাকে একজন সফল শিক্ষার্থী ও কমিউনিটির দায়িত্বশীল সদস্য হতে সাহায্য করার লক্ষ্যে এই নিয়মগুলো তৈরি করা হয়েছে! চলো সবাই মিলে স্কুলে একটি দারুণ বছর কাটাই!

শিক্ষার্থীরা ভুল করলে তাদের আচরণ সংশোধনের জন্য আচরণবিধি বিভিন্ন পদ্ধতি প্রয়োগ করে। শুধুমাত্র শাস্তি দেওয়ার পরিবর্তে, এটি তোমাকে বিভিন্ন পরিস্থিতিতে আচরণ ও সাড়া দেওয়ার সঠিক পদ্ধতি শেখাতে চেষ্টা করে এবং শিক্ষার্থী ও কর্মীরা এই পদ্ধতির মধ্য দিয়ে কাজ করার সময় তাদেরকে প্রয়োজনীয় সমর্থন দেয়। তোমার আচরণের ব্যাপারে কেমন প্রতিক্রিয়া দেখানো হবে তা সমস্যাটি কতটা গুরুতর তার উপর নির্ভর করে। স্কুল এটি নিশ্চিত করতে চায় যে তোমার সাথে অন্যদের ভালো সম্পর্ক থাকবে এবং তুমি দায়িত্বশীল হতে শিখবে। এটি তোমাকে তোমার প্রয়োজনের সময় সমর্থন ও সহায়তা দিতে চায়। এটি বরখাস্ত বা বহিষ্কারকে শাস্তি হিসেবে ব্যবহার করা পছন্দ করে না এবং শুধুমাত্র অন্য কোনো পদ্ধতি একেবারেই ফলপ্রসূ না হলে বা ঘটনাটির কারণে স্কুল কমিউনিটির কোনো সদস্যের বড় ধরনের ক্ষতি হলে, সর্বশেষ পন্থা হিসেবে এটি প্রয়োগ করে থাকে। যদি বরখাস্তের কোনো বিকল্প না থাকে, সেক্ষেত্রে স্কুল যত তাড়াতাড়ি সম্ভব তোমাকে ক্লাসরুমে ফিরিয়ে আনতে চেষ্টা করবে। তারা "পুনরুদ্ধারমূলক চর্চায়" বিশ্বাস করে, অর্থাৎ তোমার কোনো কাজ কীভাবে অন্যদের এবং/অথবা তোমার ক্ষতির কারণ হতে পারে তা বুঝতে এবং ভেঙ্গে যাওয়া সম্পর্কগুলো আবার গড়ে তোলার উপায় ঠিক করতে তোমাকে সাহায্য করা, যাতে আমরা সবাই আরো ভালোভাবে মিলেমিশে থাকতে পারি। চলো আমাদের স্কুলকে সবার জন্য আনন্দময় ও ইতিবাচক স্থান করে তুলতে, একসাথে কাজ করি!

স্কুলের রূপান্তরমূলক পরিবেশ ও সংস্কৃতি

ডেট্রয়েট পাবলিক স্কুলস কমিউনিটি ডিস্ট্রিক্টের স্কুলগুলো আনন্দময়, নিরাপদ ও সহায়ক পরিবেশ নিশ্চিত করার জন্য কাজ করে যাচ্ছে যা সামগ্রিক কল্যাণের উপর গুরুত্ব আরোপ করে এবং শিক্ষার্থীদের একাডেমিক, মানসিক ও শারীরিক চাহিদা পূরণ করে। এই আচরণবিধি এবং আমাদের স্কুলগুলোতে পরিচালিত কার্যক্রমের মাধ্যমে, আমরা আমাদের শিক্ষার্থীদের সাথে শাস্তির ভয়মুক্ত একটি সৎ ও উন্মুক্ত সম্পর্ক তৈরি, আমাদের ভবনগুলোয় একটি নিরাপদ সংস্কৃতির বিকাশ এবং শিখন প্রক্রিয়ায় সহায়ক একটি পরিবেশ সৃষ্টির আশা করি যা শিক্ষার্থীদের জন্য একটি নির্বিঘ্ন শিখন পরিবেশ নিশ্চিত করার সর্বোচ্চ চেষ্টা করে।

রূপান্তরমূলক সংস্কৃতি অর্জনের জন্য, শিক্ষার্থী আচরণবিধি বার্ষিক ধাপে ধাপে, কাঠামোগত সংশোধনের ক্রমের মধ্য দিয়ে যাবে। শিক্ষার্থী, পরিবার, অধ্যক্ষ, স্কুলের কর্মী ও ডিস্ট্রিক্ট অফিসসহ, স্কুল কমিউনিটির প্রত্যেকের অধিকার ও দায়িত্ব রয়েছে যা আমাদের স্কুলকে শক্তিশালী করতে সাহায্য করে। আমাদের সকলেরই একটি গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে!

কেউ কোনো ভুল করলে, আমরা যে পদ্ধতিতে সেটি সমাধানের চেষ্টা করি তা সম্পূর্ণভাবে ইতিবাচক সম্পর্কের বিকাশ এবং ভালো আচরণের শিক্ষাদানের সাথে সম্পর্কিত। আমরা শিখন ও বিকাশে একে-অপরকে সাহায্য করতে চাই। কাউকে বরখাস্ত করার মতো পদক্ষেপ আমরা তখনই নেই যখন আমরা অন্য সকল পদ্ধতি আগেই প্রয়োগ করার পর সর্বশেষ বিকল্প হিসেবে শুধুমাত্র এটিই বাকি থাকে। আমরা এটিকে যথাসম্ভব এড়িয়ে যেতে চাই। আমাদের স্কুলের আরো উন্নতির জন্য, আমরা প্রতিবছর শিক্ষার্থীদের আচরণবিধির হালনাগাদ করে থাকি। আমরা এই কাজটি ধাপে ধাপে করি, যাতে প্রত্যেকে পরিবর্তনগুলোর সাথে মানিয়ে নিতে পারে এবং আমাদের স্কুলকে আরো শান্তিপূর্ণ ও ইতিবাচক স্থানে পরিণত করতে একসাথে কাজ করে। তাই, আমরা সবসময় এটি মনে রাখব যে স্কুলকে শিক্ষা লাভের জন্য একটি চমৎকার স্থানে পরিণত করার কাজে আমাদের প্রত্যেকেরই ভূমিকা রয়েছে। একে অপরের সাথে আন্তরিক আচরণ ও একসাথে কাজ করার মাধ্যমে, আমরা স্কুলকে এমন একটি স্থানে পরিণত করতে পারি যেখানে সবাই স্বাচ্ছন্দ্যবোধ করবে এবং তাদের সেরাটা দিতে পারবে!

বহু-স্তরীয় সহায়তা পদ্ধতি



ডেট্রয়েট পাবলিক স্কুলস কমিউনিটি ডিস্ট্রিক্ট স্বীকার করে যে দায়িত্বে থাকা ব্যক্তিরা শিক্ষার্থীদের সাথে মিলে কাজ করলে, কাজটি বেশি উপভোগ করে এবং আরো ভালো আচরণ করে। এই আচরণবিধির লক্ষ্য হলো যেকোনো ক্ষতি পুষিয়ে নিয়ে এবং সম্পর্কগুলো আরো মজবুত করার মাধ্যমে একটি শক্তিশালী কমিউনিটি গড়ে তোলা এবং সমস্যা নিয়ন্ত্রণ করা। ডেট্রয়েট পাবলিক স্কুলস কমিউনিটি ডিস্ট্রিক্ট স্কুলগুলোর পরিবেশকে আন্তরিক করা এবং শিক্ষার্থীরা যাতে আরো ভালো করতে পারে সেটি নিশ্চিত করার জন্য শিক্ষক, শিক্ষার্থী, পরিবার ও কমিউনিটির অন্যান্য সদস্যের ঐক্যবদ্ধ প্রচেষ্টাকে সহায়তা করার জন্য সুস্পষ্ট পরিকল্পনা ব্যবহার করে।

লিডারশিপটিম: প্রতিটি স্কুলের একটি কালচার ও ক্লাইমেট লিডারশিপ টিম (CLT), এনগেজমেন্ট লিডারশিপ টিম (ELT) এবং একটি ইন্সট্রাকশনাল লিডারশিপ টিম (ILT) রয়েছে যেগুলো ডাটা পর্যালোচনা করতে এবং স্কুলব্যাপী ও পৃথক পৃথকভাবে যথাযথ শিক্ষার্থী মধ্যস্থতা আয়োজনের লক্ষ্যে নিয়মিত সাক্ষাৎ করে যা শিক্ষার্থীর বিকাশ ও দক্ষতার পাশাপাশি, ইতিবাচক সংস্কৃতি, পরিবেশ ও সম্পৃক্ততাকে সমর্থন দেয়। লিডারশিপ টিমগুলোর মৈত্রী ও সংহতি সমর্থন ও শিক্ষার্থীর অর্জনের বহু-স্তরীয় পদ্ধতিগুলোর সফল বাস্তবায়নকে সমর্থন দেওয়ার জন্য স্কুলে টেকসই, নমনীয় ও আনন্দময় পরিবেশ তৈরি করে।

স্তরীকৃত ডেলিভারি পদ্ধতি স্কুলে সকল শিক্ষার্থীকে সাহায্য করার একটি পরিকল্পনার মতো। সাহায্য করার জন্য এর ভিন্ন ভিন্ন পর্যায় বা "স্তর" রয়েছে। এর লক্ষ্য হলো প্রতিটি শিশুকে, তাদের জন্য সেরা উপায়ে সমর্থন দেওয়া। প্রথম স্তরটি সকল শিক্ষার্থীকে নিয়মিত ক্লাসরুমে সাহায্য করে। দ্বিতীয় স্তরটি কিছু শিক্ষার্থীকে তাদের প্রয়োজন অনুযায়ী অতিরিক্ত সাহায্য দিয়ে থাকে। তৃতীয় স্তরটি সবচেয়ে বেশি সহায়তা পাওয়া প্রয়োজন এমন অল্প কিছু শিক্ষার্থীকে অধিক সাহায্য প্রদান থাকে। বহু স্তরীয় ডেলিভারি পদ্ধতি শিক্ষক ও শিক্ষার্থীদের তাদের রিসোর্সগুলো ভেবে-চিন্তে ব্যবহার করতে সাহায্য করে। তারা একটি কাঠামো ব্যবহার করে যেটির মাধ্যমে সকল শিক্ষার্থী উপকৃত হয়। এই পদ্ধতির একটি গুরুত্বপূর্ণ অংশ হলো PBIS, যা ভালো আচরণের ক্ষেত্রে সাহায্য করে। এটি শিক্ষার্থীদের তাদের স্কুলের কাজ, উপস্থিতি ও সামাজিক চাহিদার ব্যাপারে সাহায্য করে। এই পদ্ধতিতে, প্রতিটি শিশু সফল হওয়ার জন্য প্রয়োজনীয় সঠিক সহায়তা পাচ্ছে, সেটি নিশ্চিত করতে প্রতিটি স্কুল একসাথে কাজ করতে পারে।

পুনরুদ্ধারমূলক চর্চা হলো কোনো ভুল হলে সেটি সমাধানের জন্য গৃহীত পদক্ষেপ ও উপায়। এগুলো আমাদের বন্ধুত্ব তৈরিতে, সমস্যা সমাধানে এবং কোনো খারাপ ঘটনা ঘটলে সবকিছু ঠিক করতে সাহায্য করে। স্কুলে, লিডারদের বিশেষ টিম রয়েছে যারা প্রত্যেকের জন্য প্রয়োজনীয় সাহায্য নিশ্চিত করতে একসাথে কাজ করে। তারা শিক্ষার্থীদের সহযোগিতা করার জন্য বিভিন্ন পদ্ধতি ব্যবহার করে এবং স্কুলটি যাতে প্রত্যেকের জন্য নিরাপদ ও আনন্দময় স্থান হয় সেটি নিশ্চিত করে। আমাদের স্কুলকে চমৎকার স্থান করে তোলার একটি বড় অংশ হলো শিক্ষাদান ও শিখনের জন্য একটি পরিকল্পনা রাখা যা প্রত্যেক শিক্ষার্থীকে তাদের অনুভূতি, পারস্পরিক সম্পর্ক এবং স্কুলের কাজের ক্ষেত্রে সাহায্য করে। আমরা শিক্ষার্থী, পরিবার, কমিউনিটির সদস্য বা কর্মী যাই হই না কেন, আমাদের স্কুলকে যথাসম্ভব সেরা স্থানে পরিণত করার জন্য একসাথে কাজ করা এবং আমাদের বিশ্বাস, প্রত্যাশা ও প্রতিজ্ঞাকে অনুসরণ করা, আমাদের সবার জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ।

সম্মান প্রত্যাশা

একটি স্কুলের ইতিবাচক পরিবেশ ও সংস্কৃতির মূলে থাকে শিক্ষাদান ও শিখনের পরিকল্পনা যা প্রত্যেক শিক্ষার্থীকে তাদের সামাজিক, মানসিক ও একাডেমিক উন্নয়নে সহায়তা করার জন্য ডিজাইন করা হয়। আমরা জানি যে আচরণ বিষয়ক শিক্ষা হলো এমন একটি কঠিন কাজ যা ক্লাসরুমে ও ক্যাফেটারিয়াতে, বাসে ও খেলার মাঠে, এমনকি অফিস বা অডিটোরিয়ামেও ঘটতে পারে। আপনি শিক্ষার্থী, পরিবারের সদস্য, কমিউনিটির সদস্য বা কর্মী সদস্য-যেই হোন না কেন, আমাদের বিশ্বাস, আমাদের প্রত্যাশা এবং আমাদের প্রতিশ্রুতিকে বাস্তব রূপ দেওয়া আমাদের একটি অন্যতম দায়িত্ব।

আমরা প্রত্যাশা করি:

- শিক্ষার্থী, কর্মী ও পরিবারগুলো একে অপরের প্রতি সম্মান প্রদর্শন করবে এবং তাদের আচরণের ব্যাপারে সর্বোচ্চ প্রত্যাশাগুলো অনুসরণ করবে।
- শিক্ষার্থী, কর্মী ও পরিবারগুলো পরস্পরের সাথে ইতিবাচক ও নিখাদ সম্পর্ক তৈরি করবে এবং সেটি বজায় রাখবে।
- শিক্ষার্থী, কর্মী ও পরিবারগুলো একটি নিরাপদ শিখন পরিবেশ তৈরিতে অবদান রাখবে।

আমরা বিশ্বাস রাখি:

- নিখাদ সম্পর্ক ও আন্তরিক কমিউনিটির উপর যা ঐক্যবদ্ধতার ধারণাকে জোরদার করে।
- একটি সমৃদ্ধ স্কুল পরিবেশের উপর যেখানে কর্মী ও শিক্ষার্থীরা শারীরিক ও মানসিকভাবে নিরাপদ।
- সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে শিক্ষার্থী ও কর্মীদের মতামতের গুরুত্বের উপর।
- পরিবার ও কর্মীদের উপর যারা শিক্ষার্থীদের সহায়তা করার ক্ষেত্রে সবসময় নির্ভরযোগ্য সহযোগী হয়ে থাকবে।

আমরা:

- উদ্ভাবনী কৌশল ও সমর্থনের সদ্ব্যবহার করব একটি ইতিবাচক স্কুল কমিউনিটি গড়ে তোলার জন্য, যেখানে শিক্ষার্থী, কর্মী ও পরিবারগুলো নিরাপদবোধ করবে।
- 'সম্মান প্রত্যাশা' পরিকল্পনা বাস্তবায়নের জন্য স্কুলগুলোকে প্রয়োজনীয় রিসোর্স, পেশাগত উন্নয়ন ও প্রযুক্তিগত সহায়তা সরবরাহ করব।

ইতিবাচক সংস্কৃতির অধিকারী স্কুলগুলোর:

- কার্যকরী নেতৃত্ব রয়েছে যা সুস্পষ্ট প্রত্যাশা তৈরি করে এবং সেগুলোর সাথে উন্মুক্তভাবে ও সততার সাথে যোগাযোগ করে, স্কুল কর্মীদের জন্য এবং পেশাগত উন্নয়নের ক্ষেত্রে সহায়ক ও সহজলভ্য, এছাড়াও শিক্ষার্থীদের এটি আবেগ অনুধাবন ও নিয়ন্ত্রণ, ইতিবাচক লক্ষ্য নির্ধারণ ও অর্জন, অন্যদের প্রতি সহানুভূতি প্রদর্শন, ইতিবাচক সম্পর্ক স্থাপন ও বজায় রাখা এবং দায়িত্বশীল সিদ্ধান্তগ্রহণের উদ্দেশ্যে প্রয়োজনীয় জ্ঞান, মনোভাব ও দক্ষতা অর্জন এবং সেটি কার্যকরীভাবে বাস্তবায়নে সহযোগিতা করে।
- সকল কমিউনিটি সদস্যের সাথে ইতিবাচক সম্পর্ক — শিক্ষার্থী, মা-বাবা, শিক্ষক/কর্মী, স্কুল পুলিশ ও কমিউনিটি সদস্য।
- প্রশিক্ষণ ও রিসোর্সসমূহ যা সামাজিক, মানসিক, একাডেমিক সহায়তা এবং ইতিবাচক মধ্যস্থতা সরবরাহ করে যা শিক্ষার্থীদের সমস্যা সমাধানে, যথাযথ স্কুল ও শ্রেণিকক্ষের আচরণ বিকাশে, শ্রেণিকক্ষ থেকে অপসারণ বা স্কুল পুলিশের হস্তক্ষেপের প্রয়োজন হ্রাস করতে সাহায্য করে।
- বাড়িতে বা কমিউনিটিতে মানসিক সংকট, ট্রমা বা গুরুতর চ্যালেঞ্জের সম্মুখীন হচ্ছে এমন শিক্ষার্থীদের জন্য সহায়তা।
- সকল শিক্ষার্থীর জন্য একাডেমিক বা সহ-শিক্ষা কার্যক্রম যা একাডেমিক বা বিকাশগত চাহিদাগুলো পূরণ করে।
- একটি লার্নিং/শিখন পরিবেশ যেখানে শিক্ষার্থী ও কর্মীরা মানসিকভাবে নিরাপদবোধ করে।

সম্মান প্রত্যাশা হলো ডেট্রয়েট পাবলিক স্কুলস কমিউনিটি ডিস্ট্রিক্টের একটি সার্বজনীন থিম যা এই ধারণার উপর গুরুত্ব আরোপ করে যে, কর্তৃপক্ষের অন্তর্ভুক্ত ব্যক্তিবর্গ অবশ্যই ইতিবাচক আচরণের দৃষ্টান্ত স্থাপন করবেন, শিক্ষার্থীদের ইতিবাচক পরিবর্তন সৃষ্টির গুরুত্বগুলো শেখাবেন এবং বারবার চর্চা করাবেন এবং কোনো শিক্ষার্থী যথাযথ আচরণ না করলে তাকে তার ভুল স্বীকার করে প্রয়োজনীয় সংশোধনী ব্যবস্থা নিতে সাহায্য করবেন। DPSCD স্কুলগুলোকে শিক্ষা প্রতিষ্ঠান ও ইতিবাচক সংস্কৃতির প্রাণকেন্দ্র হিসেবে গড়ে তোলার ক্ষেত্রে, সকল কমিউনিটি সদস্যের জন্য সুস্পষ্ট প্রত্যাশা বাস্তবায়ন এটি নিশ্চিত করবে যে কর্মী, শিক্ষার্থী ও মা-বাবারা স্কুলে নিজেদের নিরাপদ ও সম্মানিত মনে করছেন।

আমাদের শিক্ষার্থীদের নিজের ও অন্যদের জন্য সম্মানের গুরুত্ব শেখানোর ক্ষেত্রে, DPSCD পাঁচটি মূলনীতি তৈরি করে যা পৃথক পৃথক ও আন্তঃব্যক্তিক সম্পর্ক উভয়ের ক্ষেত্রে, আচরণের বিষয়ে নির্দেশনা দেওয়ার গুরুত্বপূর্ণ ভিত্তি হিসেবে কাজ করে। শিক্ষার্থীরা এই নীতিগুলো মেনে চললে, শিখন পরিবেশ শক্তিশালী হয়।

1. আমার কথা, কাজ ও আচরণ সবসময় আমার নিজের ও অন্যদের প্রতি সম্মান প্রদর্শন করবে।
2. আমি স্কুল কমিউনিটিতে আমার ও অন্যদের যে ক্ষতি করেছি তা সংশোধন করতে চাই।
3. আমি সঠিক সময়ে স্কুলে আসা, যথাযথ পোশাক পরিধান এবং আমার পড়ালেখায় পূর্ণ মনোযোগ দেওয়ার জন্য প্রস্তুত থাকার মাধ্যমে আমার নিজের প্রতি, আমার ভবিষ্যতের প্রতি এবং আমার স্কুলের প্রতি সর্বোচ্চ মর্যাদা প্রদর্শন করি।
4. আমি সবসময় সবচেয়ে শান্তিপূর্ণ উপায়ে বিরোধ নিষ্পত্তি করতে চাই এবং আমি নিজে বিবাদ নিষ্পত্তিতে ব্যর্থ হলে, শিক্ষক, প্রশাসক বা স্কুল কর্মীদের সহায়তা নিই।
5. আমি আমার স্কুলের নিরাপদ ও পরিচ্ছন্ন শিখন পরিবেশের বিকাশের ব্যাপারে গর্ববোধ করি।

সম্মান প্রত্যাশা ক্যাম্পেইন মাসিক থিম

মাস	মূল মান	চরিত্রের বৈশিষ্ট্য	SEL যোগ্যতা
সেপ্টেম্বর	দৃঢ়তা	দায়িত্ব	স্ব-ব্যবস্থাপনা
অক্টোবর	অখণ্ডতা	সম্মান	সম্পর্কের দক্ষতা
নভেম্বর	শিক্ষার্থীরা সর্বাগ্রে	দয়া	সামাজিক সচেতনতা
ডিসেম্বর	সেবা	উদারতা	সামাজিক সচেতনতা
জানুয়ারি	সেবা	নাগরিকত্ব	দায়িত্বশীল সিদ্ধান্ত গ্রহণ
ফেব্রুয়ারি	উৎকর্ষতা	আত্মনিয়ন্ত্রণ	স্ব-ব্যবস্থাপনা
মার্চ	অখণ্ডতা	সততা	আত্মসচেতনতা
এপ্রিল	শিক্ষার্থীরা সর্বাগ্রে	সমবেদনা	সামাজিক সচেতনতা
মে	শিক্ষার্থীরা সর্বাগ্রে	সহযোগিতা	সম্পর্কের দক্ষতা
জুন	সমতা	গ্রহণযোগ্যতা	সামাজিক সচেতনতা

স্কুলগুলোতে DPSCD-এর জননিরাপত্তা বিভাগের ভূমিকা

নিরাপদ স্কুল পরিবেশ নিশ্চিত করার একটি উদ্যোগ হিসেবে, ডিস্ট্রিক্ট 2004 সালে এর নিজস্ব জননিরাপত্তা বিভাগ প্রতিষ্ঠা করে। আমাদের স্কুল কমিউনিটির মধ্য ঘটা সমস্যাগুলোর ব্যাপারে যথাযথ ও কার্যকরী প্রতিক্রিয়া দেখানোর সুযোগ তৈরির জন্য এই পদক্ষেপ নেওয়া হয়েছিল। একটি বর্ণবাদ বিরোধী ডিস্ট্রিক্ট হিসেবে, আমরা আমাদের অভ্যন্তরীণ জননিরাপত্তা বিভাগের কাজগুলোকে কমিউনিটির কল্যাণ এবং আমাদের শিক্ষার্থীদের নিরাপত্তাকে সমর্থন দেওয়ার উপযোগী করে সাজিয়েছি। আমরা এমন কোনো জননিরাপত্তা বিভাগকে সমর্থন করি না যা আমাদের শিক্ষার্থীদের অপরাধী বানাতে চায় এবং শাস্তি হিসেবে স্কুল থেকে কারাগারে পাঠানোর ধারণাকে উস্কানি দেয়। এই লক্ষ্যে, ডেট্রয়েট পাবলিক স্কুলস কমিউনিটি ডিস্ট্রিক্ট জননিরাপত্তা বিভাগ স্কুল লিডারদের সাথে নিম্নলিখিতক্ষেত্রে অংশীদারিত্ব করে:

- সর্বাঙ্গীণ নিরাপত্তা পরিকল্পনার বিকাশ: স্কুলগুলোর জন্য নিরাপত্তা বিষয়ক পদক্ষেপের ক্ষেত্রে সর্বোত্তম চর্চা এবং স্কুল কমিউনিটির জন্য সম্ভাব্য ঝুঁকি ও হুমকির ব্যাপারে প্রস্তুত হওয়ার লক্ষ্যে নিরাপত্তা ড্রিলের সমন্বয়।
- স্কুল কমিউনিটির সদস্যদের মধ্যকার অস্থিরতা কমানোর জন্য অভ্যন্তরীণ বিবাদ নিষ্পত্তিতে সাহায্য করতে মধ্যস্থতার সদ্ব্যবহার।
- ব্যক্তিগত এবং অনলাইন নিরাপত্তা, স্বাস্থ্য, এবং আচরণের বিষয়ে শিক্ষার্থী এবং কর্মীদের উভয়ের জন্য শিক্ষামূলক উপস্থাপনা এবং বক্তৃতা প্রদান করা যা স্বাস্থ্য এবং নিজের এবং অন্যদের জন্য সম্মানকে সমর্থন করে।
- নিরাপত্তা ফাংশনগুলি প্রদান করা যেমন বড় ইভেন্টগুলি পর্যবেক্ষণ করা, প্রয়োজন মনে হলে সম্পত্তি অনুসন্ধান পরিচালনা করা এবং অত্যন্ত গুরুতর পরিস্থিতিতে, অপরাধের সাথে জড়িত ব্যক্তিদের আটক করা এবং গ্রেপ্তার করা।

DPSCD জননিরাপত্তা বিভাগ আচরণবিধি কার্যকর বা বাস্তবায়ন করে না।

আমাদের ডিস্ট্রিক্ট জননিরাপত্তা কর্মীদের অবশ্যই বেশ কয়েকটি পেশাগত ও ব্যক্তিগত বৈশিষ্ট্য থাকতে হবে যা তাদের স্কুলের পরিবেশে সফলভাবে একত্রিত হতে দেয়। তারা যেসব সেবা সরবরাহ করে সেগুলো ছাড়াও, এই কর্মীদের অবশ্যই সকল ডিস্ট্রিক্ট নীতি মেনে চলতে হবে, শিক্ষার্থীদের জন্য নৈতিক আচরণের মডেল তৈরি করতে হবে এবং শিক্ষার্থী-বান্ধব, হুমকিমুক্ত মনোভাবের মাধ্যমে জনসাধারণ এবং আইন প্রয়োগকারী কর্মীদের মধ্যে আরো ভালো সম্পর্ক গড়ে তুলতে সাহায্য করতে হবে যা স্কুল কমিউনিটিকে স্বাচ্ছন্দ্যে রাখে।

2020 সালের জুলাই থেকে কার্যকর হওয়া বোর্ডের পদক্ষেপের মাধ্যমে, কমিউনিটি সদস্যদের সমন্বয়ে গঠিত একটি তদারকি টাস্কফোর্স ডিস্ট্রিক্ট জননিরাপত্তা বিভাগের সাথে কাজ করবে যাতে নিরাপদ স্কুল কমিউনিটির জন্য সর্বাধিক বিস্তৃত ও সহায়ক ব্যবস্থা নেওয়া যায়।

DPSCD জন নিরাপত্তা বিভাগ
8500 Cameron Street
Detroit, Michigan 48211
(313) 748-6000

ভূমিকা, অধিকার, দায়িত্ব এবং প্রত্যাশা

শিক্ষার্থীরা ডেট্রয়েট পাবলিক স্কুলস কমিউনিটি ডিস্ট্রিক্টের সম্পত্তি বা স্কুল ইভেন্টে, মূল স্কুল ভবন বা অনলাইন স্কুল কার্যক্রমে, যেখানে যে সময়েই থাকুক না কেন, এই আচরণবিধি তাদের উপর সবসময় প্রযোজ্য হবে। অর্থাৎ এই নিয়মগুলো শিক্ষার্থীরা কেবল স্কুল চলাকালীন সময়ে কী কী কাজ করে সেগুলোই অন্তর্ভুক্ত করে না, সেই সাথে স্কুলের আগে ও পরে যেমন: ক্লাবে থাকা অবস্থায়, খেলাধুলার সময়, স্কুল বাসে যাতায়াতের সময়, ফিল্ড ট্রিপে থাকাবস্থায় অথবা শুধু স্কুলে যাওয়া-আসার সময় কেমন আচরণ করে তার সবই অন্তর্ভুক্ত করে।

আচরণবিধির নিয়মগুলো আরোপ করা উচিত কিনা সেটি ঠিক করার সময়, স্কুল প্রতিটি পরিস্থিতি সতর্কতার সাথে বিবেচনা করবে। তারা যে বিষয়গুলো নিরীক্ষা করবে সেগুলোর মধ্যে রয়েছে ঘটনাটি স্কুলের কতটা কাছাকাছি ঘটেছে, শিক্ষার্থী সর্বশেষ কোন সময় স্কুলে উপস্থিত ছিল, স্কুল প্রোপার্টিতে কোনো মারামারি বা বাক-বিতণ্ডা হয়েছে কিনা, ঘটনাটির কারণে স্কুলে কোনো সমস্যা সৃষ্টি হয়েছে কি না। এই পদ্ধতিতে, স্কুল প্রতিটি পরিস্থিতি কীভাবে নিয়ন্ত্রণ করতে হবে সে বিষয়ে ন্যায়সঙ্গত সিদ্ধান্ত নিতে পারবে।

ডেট্রয়েট পাবলিক স্কুলস কমিউনিটি ডিস্ট্রিক্ট বিশেষ চাহিদাসম্পন্ন বা অক্ষম শিক্ষার্থীসহ শাস্তিমূলক পরিণতিগুলো বিবেচনার সময় অতিরিক্ত পদক্ষেপ নিতে বাধ্য থাকবে। অধ্যক্ষ ও স্কুল কর্মীরা আচরণবিধি অনুযায়ী ফেডারেল ও স্টেট আইন এবং বিধিমালা মেনে চলবে, যার মধ্যে বহিঃপ্রকাশ নির্ধারণের কার্যপ্রক্রিয়ার (অর্থাৎ আচরণটি শিক্ষার্থীর অক্ষমতার সাথে সংযুক্ত কিনা, কার্যকরী আচরণ মূল্যায়ন পরিচালনা ও আচরণগত মধ্যস্থতা পরিকল্পনা, শিক্ষানীতি বিষয়ক বোর্ড, সুপারইন্টেনডেন্টের নির্দেশনা ও প্রশাসনিক নির্দেশনার বিকাশ) পাশাপাশি প্রযোজ্য সংস্থার নির্দেশনাগুলো অন্তর্ভুক্ত হয়।
ডেট্রয়েট পাবলিক স্কুলস কমিউনিটি ডিস্ট্রিক্ট শিক্ষার্থীর স্বকীয় শিক্ষা কর্মসূচি (IEP), 504 পরিকল্পনা, গোত্র, জাতিসত্তা, জাতিগত পরিচয়, লিঙ্গ, যৌন অভিমুখীতা বা ধর্মের ভিত্তিতে কোনো প্রকার বৈষম্য ছাড়াই ন্যায়সঙ্গত ও নিরপেক্ষভাবে আচরণবিধি আরোপের বিষয়ে প্রতিশ্রুতিবদ্ধ।

বৈষম্য, হয়রানি, ও উৎপীড়ন থেকে স্বাধীনতা: DPSCD নিয়োগ ও ভর্তিসহ এর শিক্ষা কর্মসূচি ও কার্যক্রমের ক্ষেত্রে গোত্র, বর্ণ, জাতিগত পরিচয়, লিঙ্গ, যৌন অভিমুখীতা, লিঙ্গের পরিচয়, প্রতিবন্ধিত্ব, ধর্ম, উচ্চতা, ওজন, নাগরিকত্ব, বৈবাহিক বা পারিবারিক মর্যাদা, পূর্বপুরুষ, জেনেটিক তথ্য অথবা আইনগতভাবে সুরক্ষিত অন্য কোনো শ্রেণিবিভাগের ভিত্তিতে কোনরূপ বৈষম্য করে না। কোনো প্রশ্ন আছে? কোনো উদ্বেগ আছে? নাগরিক অধিকার এবং সম্মতি বিভাগ (Civil Rights and Compliance Department CRC) এ যোগাযোগ করুন, dpscd.compliance@detroitk12.org, DPSCD প্যারেন্ট হটলাইন (313) 240-4377 নম্বরে কল করুন অথবা 3011 West Grand Boulevard, 10th Floor, Detroit, MI 48202 এর ঠিকানায় সরাসরি সাক্ষাৎ করুন।

যথাযথ প্রক্রিয়া পাওয়ার অধিকার : যেসকল ঘটনায় শিক্ষার্থীদের আচরণ বা অধিকার মূল্যায়ন করা হবে, সেসকল ক্ষেত্রে যথাযথ প্রক্রিয়ার সুরক্ষা অবশ্যই প্রয়োগ করতে হবে। শিক্ষার্থীদের সাথে ন্যায্য আচরণ করতে হবে এবং সামগ্রিক পরিস্থিতি বিবেচনা করা হবে। শিক্ষার্থীদের অভিযোগকৃত আচরণ লঙ্ঘনের বিষয়ে সম্পূর্ণভাবে অবহিত হওয়ার এবং এরূপ অভিযোগের উত্তর দেওয়ার জন্য একটি সুযোগ পাওয়ার অধিকার রয়েছে। শিক্ষার্থীর কার্যক্রমের ফলে সৃষ্ট যেকোনো স্থায়ী রেকর্ড অভিযোগগুলো সুস্পষ্টভাবে প্রমাণিত হয়েছিল কিনা তা উল্লেখ করবে। এই বিধি শিক্ষার্থীদের শৃঙ্খলা বিষয়ক কার্যবিধি ব্যাখ্যা করে।

মেক-আপ কাজ: যে কোনো শাস্তিমূলক পদক্ষেপের কারণে স্কুল থেকে অপসারিত শিক্ষার্থীরা মেক-আপ কাজ পাওয়ার অধিকারী হবে। আরোপিত শাস্তির দুই (2) স্কুল দিবসের মধ্যে মা-বাবাকে অধ্যক্ষ/মনোনীত ব্যক্তি কর্তৃক মেক-আপ কাজ সরবরাহ করা হবে। মা-বাবারা গ্রেডিংয়ের জন্য অ্যাসাইনমেন্ট সংগ্রহ এবং সেটি সম্পূর্ণ করে স্কুলে জমাদানের জন্য দায়িত্বপ্রাপ্ত হবেন। শিক্ষার্থীরা শাস্তির কারণে স্কুলে যতদিন অনুপস্থিত থাকবে, মেক-আপ কাজের জন্য ঠিক ততদিনই সময় পাবে।

কার্যকরী যোগাযোগ: ইংরেজি ভাষায় সীমিত দক্ষতা রয়েছে এমন শিক্ষার্থী, বধির বা দুর্বল শ্রবণশক্তির বা দৃষ্টি প্রতিবন্ধী শিক্ষার্থীসহ, আমাদের সকল অক্ষম শিক্ষার্থীর পরিবার ও অভিভাবকদের সাথে কার্যকরী যোগাযোগ নিশ্চিত করার লক্ষ্যে, আমরা বিনামূল্যে উপযুক্ত সহায়ক এইড সরবরাহ করি, যেমন: সুদক্ষ ইশারা ভাষা বা মৌখিক দোভাষী, অডিও রেকর্ডিং, পাঠক ও ব্রেইল পদ্ধতি। বিনামূল্যে সাহায্যের জন্য, অনুগ্রহ করে আপনার সন্তানের স্কুল বা ডিস্ট্রিক্টের অনুবাদ সমন্বয়কারীর সাথে (313) 873-4020 অথবা (313) 212-4312 নম্বরে যোগাযোগ করুন।

শিক্ষার্থী
অধিকার, দায়িত্ব ও প্রত্যাশা

স্কুলের প্রত্যাশাগুলো পূরণের ক্ষেত্রে এই আচরণবিধি তোমার নির্দেশিকা হিসেবে কাজ করবে। তোমার অধ্যক্ষ, শিক্ষক ও অন্যান্য কর্মী সদস্য স্কুলে প্রত্যাশিত ব্যক্তিগত, সামাজিক ও একাডেমিক আচরণে সফল হওয়ার কাজে তোমার প্রচেষ্টাকে সমর্থন দিবে।

তুমি যখন আচরণবিধির নির্দেশনাগুলো অনুসরণ করবে, তখনই তুমি একজন আদর্শ নাগরিক ও সৎ চরিত্রের মানুষ হয়ে উঠবে। এটি তোমার স্কুলকে এমন একটি স্থানে পরিণত করতে সাহায্য করবে যেখানে প্রত্যেকে সম্মানিত হবে, দায়িত্বশীল হবে এবং নিরাপত্তা পাবে, শিক্ষা গ্রহণের ক্ষেত্রে এরূপ পরিবেশের ভূমিকা অনস্বীকার্য। এছাড়াও এই আচরণবিধি তোমাকে এমন সব আচরণ সম্পর্কে জানায় যা স্কুলে অনুমোদিত নয়। কেউ নিয়ম না মানলে কী ঘটবে সে সম্পর্কে এটি ব্যাখ্যা দেয়। তাদেরকে ভুল থেকে শিক্ষা নিয়ে আরো ভালো শিক্ষার্থী হওয়ার সুযোগ দেওয়াই এর মূল উদ্দেশ্য।

শিক্ষার্থীদের যেসব অধিকার রয়েছে:

- বিনামূল্যের পাবলিক-স্কুল শিক্ষা, সবার জন্য সমান একাডেমিক রিসোর্স এবং সকল ক্লাসরুমে অন্তর্ভুক্তিমূলক শিক্ষাদান ও শিখন পরিবেশ পাওয়া।
- সামাজিক, মানসিক এবং শারীরিকভাবে নিরাপদ ও ইতিবাচক স্কুল পরিবেশ পাওয়া।
- সুদক্ষ শিক্ষকদের কাছ থেকে জ্ঞান অর্জন করা।
- যথাযথ প্রক্রিয়া।
- স্কুল কমিউনিটির কাছ থেকে সম্মান ও মর্যাদাপূর্ণ আচরণ পাওয়া।
- স্কুলের ইতিবাচক শৃঙ্খলা নীতি ও অনুশীলন।
- তাদের শিক্ষায় প্রভাব ফেলে এমন সিদ্ধান্তে অংশগ্রহণ করা।

দায়িত্বসমূহ:

- স্কুলে উপস্থিত থাকা এবং সমতাপূর্ণ রিসোর্সসহ বিনামূল্যে উপযুক্ত গণশিক্ষা গ্রহণ করা।
- আচরণবিধিতে উল্লেখিত আচরণের মানদণ্ড পূরণ করা এবং সেটি মেনে চলা।
- অন্যান্য স্কুলের নিয়ম-কানুন, বিধি ও নীতিমালা মেনে চলা ও অনুসরণ করা।
- এমনভাবে আচরণ করা যা একটি নিরাপদ শিখন পরিবেশ তৈরিতে অবদান রাখে এবং অন্যদের শেখার অধিকারকে সমর্থন দেয়।
- তোমার কাজের ব্যাপারে সৎ ও দায়বদ্ধ থাকা। শিক্ষক ও কর্মীদের সহায়তা নিয়ে অনিরাপদ আচরণ সংশোধন ও উন্নত আচরণ করার চেষ্টা করা।
- স্কুলে ও স্কুলের ফাংশনে যথাযথ পোশাক পরিধানের মাধ্যমে নিজের ও একাডেমিক ভবিষ্যতের ব্যাপারে আত্মবিশ্বাস প্রদর্শন করা।
- স্কুল সম্পত্তির প্রতি সম্মান প্রদর্শন করা এবং অন্যের সম্পত্তিকে সম্মান করা।
- স্কুলে তোমার সাথে যোগাযোগের জন্য সঠিক তথ্য দেওয়া হয়েছে এবং সেটি নির্ভুলভাবে হালনাগাদ করা হয়েছে তা নিশ্চিত করা, যার মধ্যে রয়েছে, বাড়ির ঠিকানা, টেলিফোন নম্বর এবং ইমেইল ঠিকানা, তবে এতেই সীমাবদ্ধ নয়।
- স্কুল থেকে আসা বার্তা ও বিজ্ঞপ্তির উত্তর সময়মতো দেওয়া।

প্রত্যাশা:

- সবার জন্য সমানভাবে নিরাপদ এমন একটি পরিবেশে জ্ঞান অর্জন করা।
- ডিস্ট্রিক্ট ও স্কুলের নীতিমালা ও কার্যপ্রক্রিয়ার একটি লিখিত/বৈদ্যুতিক কপি পাওয়া।
- স্কুলের প্রিন্সিপাল, কর্মী বা ডিস্ট্রিক্টের কর্মকর্তাদের কাছে অভিযোগ নিয়ে যাওয়ার কারণে তাকে প্রতিশোধ বা হুমকির মুখে পড়তে হবে না সে ব্যাপারে নিরাপদবোধ করা।
- তাদের শিক্ষা বিষয়কে রেকর্ডের যেকোনো কিছুর ব্যাখ্যা চেয়ে লিখিতভাবে অনুরোধ বা চ্যালেঞ্জ করা।
- মৌখিক ও লিখিতভাবে, শাস্তিমূলক সিদ্ধান্তের কারণ জানা।
- শাস্তিমূলক সিদ্ধান্তের ব্যাপারে আপিল করার প্রক্রিয়া সম্পর্কে তথ্য পাওয়া।
- পরিবার/অভিভাবকের সাথে যোগাযোগ করে তাদের উপস্থিত থাকতে বলা অথবা কোনো সাক্ষাৎকার পুলিশের উপস্থিতিতে পরিচালনার জন্য অনুমতি দেওয়া।
- পরিবার/অভিভাবকদের তদন্তের ধরন ও অন্যান্য বিবরণ সম্পর্কে যথাযথভাবে অবহিত করা যদি না ওই পরিস্থিতির সাথে শিশু নিপীড়ন বা শিশুর প্রতি অবহেলা জড়িত থাকে।

মা-বাবা/অভিভাবক/কেয়ারগিভার/পরিবার
অধিকার, দায়িত্ব ও প্রত্যাশা

স্কুলে আপনার সন্তানের কাছ থেকে যে ধরনের ব্যক্তিগত, সামজিক ও একাডেমিক আচরণ প্রত্যাশা করা হয় সেটি বুঝতে এবং আপনার শিশুকে ইতিবাচক আচরণ প্রদর্শন ও একাডেমিক সাফল্য অর্জনে সাহায্য করতে অধ্যক্ষ, শিক্ষক ও কর্মীরা আপনি ও আপনার সন্তানের সাথে কীভাবে কাজ করে তা অনুধাবনের ক্ষেত্রে এই আচরণবিধি আপনার জন্য একটি নির্দেশিকা হিসেবে কাজ করবে।

মা-বাবা/অভিভাবক/কেয়ারগিভার/পরিবারগুলোর যেসব অধিকার রয়েছে:

- তাদের সন্তানের জন্য বিনামূল্যে পাবলিক-স্কুল শিক্ষা পাওয়া।
- তাদের সন্তানের সাথে সংশ্লিষ্ট তথ্য সহজে পাওয়া।
- তাদের সন্তানের শিক্ষায় সক্রিয়ভাবে অন্তর্ভুক্ত ও সম্পৃক্ত থাকা।
- তাদের সন্তানের শিক্ষাকে ক্ষতিগ্রস্থ করে এমন বিষয় সম্পর্কে অভিযোগ দায়ের করা এবং/অথবা আপিল করা।

দায়িত্বসমূহ:

- স্কুল বর্ষ চলাকালে নিয়মিত, সময়মতো ও দৈনিক উপস্থিতি নিশ্চিত করা।
- কার্যক্রম পর্যালোচনা, প্রগ্রেস রিপোর্ট ও অন্যান্য স্কুল নোটিশের মাধ্যমে স্কুলের সাথে নিয়মিত যোগাযোগ রাখার মধ্য দিয়ে শিশুর অগ্রগতি সম্পর্কে সজাগ থাকা, শিশুর সাথে তার স্কুলের ব্যাপারে কথা বলা এবং অনুরোধ অনুসারে স্কুল কর্মীদের সাথে সাক্ষাৎ করা।
- ডিস্ট্রিক্ট ও এই আচরণবিধি কর্তৃক নির্ধারিত একাডেমিক ও আচরণগত প্রত্যাশার পাশাপাশি, আপনার শিশুর নিজ স্কুল/শ্রেণিকক্ষের কার্যক্রম সম্পর্কে সচেতন থাকা এবং আপনার শিশুকে সেগুলো বুঝতে সাহায্য করা।
- একাডেমিক অর্জনের প্রত্যাশা এবং স্কুলে ও কমিউনিটিতে যথাযথ আচরণকে সমর্থন দেওয়ার লক্ষ্যে স্কুলের সাথে অংশীদারিত্ব ও একত্রে কাজ করা।
- স্কুল প্রাঙ্গণে থাকাবস্থায় কর্মী, অন্যান্য মা-বাবা/অভিভাবক, ও শিক্ষার্থীদের প্রতি মার্জিত ও শ্রদ্ধাশীল থাকা, অনিয়ন্ত্রিত আচরণ করা থেকে বিরত থাকা।
- আপনার শিশুকে এমনভাবে সমর্থন দিন যা প্রকৃত বা অনুমিত গোত্র, বর্ণ, ওজন, জাতিগত উৎপত্তি, নৃগোষ্ঠী, ধর্ম, ধর্মীয় চর্চা, অক্ষমতা, যৌন অভিমুখিতা, লিঙ্গ বা লৈঙ্গিক পরিচয় নির্বিশেষে সকল শিক্ষার্থীর জন্য একটি পারস্পরিক শ্রদ্ধা ও মর্যাদাপূর্ণ পরিবেশ বজায় রাখে।
- বাড়ির পরিবেশে শিক্ষার্থীর আচরণ বা কর্মক্ষমতাকে ক্ষতিগ্রস্থ করতে পারে এমন কোনো পরিবর্তন ঘটলে, সেটি সম্পর্কে স্কুলের কর্মকর্তা এবং/অথবা কর্মীদের অবহিত করা।
- স্কুলকে নির্ভুল যোগাযোগের তথ্য দেওয়া হয়েছে এবং প্রয়োজনে হালনাগাদ করা হয়েছে তা নিশ্চিত করা, যার মধ্যে রয়েছে বাড়ির ঠিকানা, টেলিফোন নম্বর(গুলি) ও ইমেইল ঠিকানা(গুলি), তবে এগুলোতেই সীমাবদ্ধ নয়।
- স্কুল থেকে আসা বার্তা ও বিজ্ঞপ্তির উত্তর সময়মতো দেওয়া।

প্রত্যাশা:

- সকল স্কুল কর্মীর কাছ থেকে মার্জিত, ন্যায্য ও সম্মানপূর্ণ আচরণ পাওয়া।
- বোর্ডের যেসব নীতি ও কার্যক্রম তাদের শিশুর পড়ালেখার সাথে সংশ্লিষ্ট, সেগুলো সম্পর্কে তথ্য পাওয়া।
- তাদের সন্তানের একাডেমিক অগ্রগতি, আচরণ ও উপস্থিতির বিষয়ে স্কুল কর্মীদের কাছ থেকে নিয়মিত লিখিত, মৌখিক বা ইলেকট্রনিক রিপোর্ট পাওয়া, যাতে রিপোর্ট কার্ড, আচরণের অগ্রগতির রিপোর্ট ও কনফারেন্স অন্তর্ভুক্ত, তবে এগুলোর মধ্যেই সীমাবদ্ধ নয়।
- তাদের সন্তানের অনুপযুক্ত বা অনিয়ন্ত্রিত আচরণ এবং স্কুল কর্মী কর্তৃক গৃহীত যেকোনো শাস্তিমূলক পদক্ষেপের ব্যাপারে তথ্য পাওয়া।
- কনফারেন্স ও আপিল সংক্রান্ত তথ্যসহ তাদের সন্তানের সাথে সংশ্লিষ্ট শৃঙ্খলামূলক বিষয়ের জন্য গৃহীত যথাযথ প্রক্রিয়ার কার্যপদ্ধতি সম্পর্কে তথ্য পাওয়া।
- ডেট্রয়েট পাবলিক স্কুলস কমিউনিটি ডিস্ট্রিক্ট ও কমিউনিটির মধ্যকার সহায়ক সেবায় অ্যাক্সেস করা এবং এগুলোর ব্যাপারে সুপারিশ পাওয়া (যেমন: টিউটরিং, স্কুল-পরবর্তী কর্মসূচি, একাডেমিক কর্মসূচি, মানসিক স্বাস্থ্য সেবা ইত্যাদি)।
- প্রযোজ্য ক্ষেত্রে, বিশেষ চাহিদাসম্পন্ন শিক্ষার্থী ও ইংরেজি ভাষার শিক্ষার্থীদের সেবা সম্পর্কে তথ্য পাওয়া।
- ডিস্ট্রিক্টের কর্মসূচিতে অংশগ্রহণের জন্য (মৌখিক ও লিখিত অনুবাদসহ) ভাষা সহায়তা সেবা পাওয়া।

স্কুল কর্মী (শিক্ষক, সহায়তা কর্মী, প্রশাসক)
অধিকার, দায়িত্ব ও প্রত্যাশা

এই আচরণবিধি একটি মানচিত্রের মতো যা স্কুলের প্রত্যেককে ভালো আচরণ করতে সাহায্য করে। এটি আমাদের কেউ নিয়ম না মানলে বা খারাপ ব্যবহার করলে কী করতে হবে সে সম্পর্কে তথ্য হয়। সবাই আচরণবিধি মেনে চললে, খারাপ আচরণের সংখ্যা অনেক কমে যাবে এবং তখন আমরা নিজেদের নিয়ে এবং অন্যদের সাথে কেমন আচরণ করছি সেটি নিয়ে সন্তুষ্ট থাকব। যদি আপনার নিরাপত্তা বা স্কুলের পরিবেশ নিয়ে কোনো উদ্বেগ দেখা দেয়, তাহলে সেটি নিয়ে আপনার স্কুলের অধ্যক্ষের সাথে কথা বলতে পারেন। শিক্ষা গ্রহণ ও একসাথে কাজ করার জন্য স্কুলের নিরাপত্তা ও সুষ্ঠু পরিবেশ ধরে রাখার লক্ষ্যে তারা আপনার ও অন্যদের সাথে কাজ করবে।

স্কুল পর্যায়ে, ক্লাইমেট এন্ড কালচার লিডারশিপ টিম (CLT) স্কুলের পরিবেশ, শৃঙ্খলা ও শিক্ষার্থী সহায়তাকে উন্নত করার জন্য শৃঙ্খলামূলক ডাটা মূল্যায়ন ও পর্যালোচনা করে এবং সুপারিশ প্রস্তুত করে। ডিস্ট্রিক্ট পর্যায়ে সকল শিশুর জন্য সহায়তা কার্যালয় স্কুলজুড়ে প্রত্যাশা, নিয়ম, নীতিমালা, পদ্ধতি, ইতিবাচক আচরণগত মধ্যস্থতা সহায়তা ও শ্রেণিকক্ষ ব্যবস্থাপনার পাশাপাশি সম্মান প্রত্যাশার কার্যকরী বাস্তবায়ন পর্যবেক্ষণের জন্য দায়িত্বপ্রাপ্ত হয়। কর্মী সম্পর্ক বিষয়ক কার্যালয় স্কুলের পরিবেশ নিয়ে কর্মীদের উদ্বেগ সংক্রান্ত বিষয় পর্যবেক্ষণে কাজ করে।

স্কুল কর্মীদের যেসব অধিকার রয়েছে:

- শিক্ষাদান ও শিক্ষা গ্রহণের জন্য একটি নিরাপদ, মৌখিক ও শারীরিক হুমকিমুক্ত ইতিবাচক পরিবেশে কাজ করা।
- শিক্ষার্থী, মা-বাবা বা অভিভাবক ও অন্যান্য স্কুল কর্মীদের কাছ থেকে মার্জিত, ন্যায্য ও সম্মানপূর্ণ আচরণ পাওয়া।
- মধ্যস্থতা, সহায়তা ও শৃঙ্খলা প্রয়োগ করার সময় সমর্থন, প্রশিক্ষণ ও সহায়তা পাওয়া।
- ডেট্রয়েট পাবলিক স্কুলস কমিউনিটি ডিস্ট্রিক্টের ডিস্ট্রিক্ট অফিসে উদ্বেগ, পরামর্শ ও অভিযোগ জানানো এবং কোনো ভয় বা প্রতিহিংসার আশঙ্কা ছাড়াই সেগুলোর স্বীকৃতি পাওয়া।
- মানসম্পন্ন শিক্ষা ও নির্দেশনা দেওয়ার জন্য সহায়ক পেশাগত উন্নয়ন ও প্রয়োজনীয় রিসোর্স পাওয়া।

দায়িত্বসমূহ:

- শিক্ষার্থীর আচরণ ও একাডেমিক পারফরম্যান্সের জন্য প্রত্যাশা প্রতিষ্ঠা করার মধ্য দিয়ে একটি পারস্পরিক শ্রদ্ধা ও মর্যাদাপূর্ণ পরিবেশ তৈরি করা যা শিক্ষার্থীদের আত্মচেতনাকে মজবুত করবে।
- শিক্ষার্থী, মা-বাবা/অভিভাবক ও অন্যান্য কর্মীদের সাথে ন্যায্য, মার্জিত ও সম্মানপূর্ণ আচরণ করা।
- আচরণবিধিসহ স্কুলের নিয়ম ও নীতিমালা জানা ও মেনে চলা এবং সেগুলো একটি ন্যায়সঙ্গত ও উপযুক্ত পদ্ধতিতে প্রয়োগ করা।
- শিক্ষার্থী, মা-বাবা ও অন্যদের সাথে নিয়মিত যোগাযোগ করা এবং তাদেরকে শিক্ষার্থীর পারফর্ম্যান্স, আচরণ ও উপস্থিতি সম্পর্কে তথ্য দেওয়া।
- সকল শিক্ষার্থীর আইনি অধিকার, স্বাস্থ্য, নিরাপত্তা ও কল্যাণ সুরক্ষিত রাখা।
- আচরণবিধি, প্রযোজ্য আইন ও ডিস্ট্রিক্টের নীতিমালা অনুসারে, যথাযথ মধ্যস্থতা, সহায়তা, শাস্তিমূলক পদক্ষেপ, রিপোর্ট করা ও ফলো-আপের মাধ্যমে শিক্ষার্থীর অসদাচরণের মীমাংসা করা।
- শাস্তিমূলক কারণে অনুপস্থিত শিক্ষার্থীসহ, বৈধ কারণে অনুপস্থিত শিক্ষার্থীদের জন্য বিকল্প শিক্ষা ও মেকআপ কাজ সরবরাহ করা।
- সঠিক রেকর্ড ও রিপোর্ট সংরক্ষণ করা এবং স্টেটের আইনের পাশাপাশি ডিস্ট্রিক্টের নীতিমালা ও কার্যপ্রক্রিয়া অনুসারে শাস্তিমূলক পদক্ষেপগুলো নথিভুক্ত করা।
- শিক্ষার্থী, মা-বাবা ও স্কুল কর্মীদের গোপনীয়তা বজায় রাখা ও সম্মান করা।

প্রত্যাশা

- সকল শিক্ষার্থী ও কর্মীদের জন্য এমন প্রত্যাশা তৈরি করা যা ইতিবাচক আচরণ, মধ্যস্থতা ও সহায়তার বিকাশ ঘটায় এবং অনুপযুক্ত আচরণের জন্য প্রযোজ্য ক্ষেত্রে শৃঙ্খলা আরোপ করে।
- স্কুলে ও শ্রেণিকক্ষের পরিবেশে শিক্ষার্থীদের প্রতি সমান আচরণে বাধা হয়ে দাঁড়াতে পারে এমন যেকোনো ব্যক্তিগত পক্ষপাতিত্ব সনাক্ত ও পরিহার করা।
- উপযুক্ত সহশিক্ষা কার্যক্রমের বিকাশ ঘটানো এবং এতে শিক্ষার্থীদের অংশগ্রহণকে উৎসাহিত করা।
- বাহিরের সহায়তার প্রয়োজন হলে, শিক্ষার্থীকে যথাযথ কমিটি, বিভাগ, কার্যালয়, ডিভিশন, এজেন্সি বা সংস্থায় রেফার করা।

প্রতিটি স্কুল দিবসের বিষয়গুলি

স্কুলে নিয়মিত উপস্থিতি এবং একাডেমিক পারফরম্যান্সের মধ্যে একটি দৃঢ় সম্পর্ক রয়েছে। যেসব শিক্ষার্থীরা প্রতিদিন সঠিক সময়ে নিয়মিত ক্লাসে আসবে, স্কুল কার্যক্রমে তাদের সফলতার সম্ভাবনা সবচেয়ে বেশি!

উপস্থিতি প্রত্যাশা

- শিক্ষার্থীরা প্রতিদিন সব ক্লাসে উপস্থিত থাকবে বলে আশা করা হয়।
- শিক্ষার্থীরা স্কুল দিবস চলাকালে প্রতিটি ক্লাসে সময়মতো উপস্থিত থাকবে বলে আশা করা হয়।
- শিক্ষার্থীরা সম্পূর্ণ স্কুল দিবস স্কুলেই থাকবে।
- ডিস্ট্রিক্ট মিশিগান বাধ্যতামূলক স্কুল আইন মেনে চলে, যাতে বর্ণনা করা হয়েছে যে ছয় (6) থেকে ষোল (18) বছর বয়সী সকল শিক্ষার্থী সম্পূর্ণ স্কুল বর্ষ জুড়ে স্কুলে উপস্থিত থাকবে।

অনুপস্থিতি

- স্কুলকে আপনার শিশুর অনুপস্থিতির ব্যাপারে জানান।
- আপনার শিশু স্কুলে ফিরে আসলে, তার সাথে অনুপস্থিতির কারণ উল্লেখ করে একটি নোট পাঠান।
- আপনার শিশু স্কুলে ফিরে আসার তিন (3) দিনের মধ্যে একটি নোট দিতে হবে।
- নিশ্চিত করুন যে মেক-আপ কাজ সম্পন্ন করে শিক্ষকের কাছে জমা দেওয়া হয়েছে।
- সহশিক্ষা কার্যক্রমে অংশগ্রহণের জন্য শিক্ষার্থীদের অবশ্যই একটি অনুমোদিত অনুপস্থিতি থাকবে।
- যে সকল শিক্ষার্থী একটি স্কুল বর্ষের কমপক্ষে 10% দিনে অনুপস্থিত থাকবে, তাদেরকে দীর্ঘস্থায়ীভাবে অনুপস্থিত হিসেবে বিবেচনা করা হবে।
- যেসব শিক্ষার্থীর অত্যধিক সংখ্যক অননুমোদিত অনুপস্থিতি থাকবে, তাদেরকে স্কুল পালানো হিসেবে বিবেচনা করা হবে এবং তাদেরকে ওয়েই কাউন্টি প্রসিকিউটরের কার্যালয়ে রেফার করা হতে পারে।

দেরিতে উপস্থিতি

- যে সকল শিক্ষার্থী কোনো কারণ এবং/অথবা পাস ছাড়াই স্কুল দিবস শুরু হওয়ার পরে বা ক্লাস শুরুর পরে পৌঁছাবে তারা দেরিতে উপস্থিত হিসেবে বিবেচিত হবে।
- অত্যধিক দেরিতে উপস্থিতি শিখন প্রক্রিয়াকে ব্যাহত করে এবং শিক্ষার্থীর একাডেমিক অর্জনের উপর নেতিবাচক প্রভাব ফেলে।

অনিয়মিত উপস্থিতির নেতিবাচক ফলাফল

- শিখন থেকে বঞ্চিত হওয়া
- স্কুলের পরিবেশের সাথে সম্পৃক্ত হওয়া বা একাত্ম হওয়ার চেতনা থেকে বঞ্চিত হওয়া
- ক্লাস বা গ্রেড লেভেলে ব্যর্থ হওয়ার সম্ভাবনা।
- উপস্থিতি এজেন্ট/উপস্থিতি দল কর্তৃক তদন্ত।
- প্রয়োজনীয় পদক্ষেপের জন্য শিক্ষার্থীকে স্বাস্থ্য ও মানবসেবা অধিদপ্তরে ("DHHS") রেফার করা।
- মা-বাবাকে প্রসিকিউশনের জন্য ওয়েইন কাউন্টি প্রসিকিউটরের কাছে রেফার করা।

আপনার সহায়তায়, আমরা আপনার সন্তানের একাডেমিক সাফল্যে একটি ভিন্নতা আনতে পারি।

উপস্থিতি নীতি

MCL 380.1561-এ বাধ্যতামূলক উপস্থিতি নিয়ন্ত্রণকারী মিশিগানের আইনের প্রয়োজন:

- যে শিশুর বয়স 1 ডিসেম্বর, 2009-এর আগে 11 বছর হয়েছে, অথবা যে 2009-এর আগে গ্রেড 6-এ প্রবেশ করেছে, সেই শিশুর পিতা-মাতা, অভিভাবক, বা এই স্টেটের অন্য কোনো ব্যক্তি যিনি শিশুর নিয়ন্ত্রণ ও দায়িত্বে আছেন, সেই শিশুটিকে একটি পাবলিক স্কুলে পাঠাবেন 6 বছর বয়স থেকে শিশুর (16) ষোলতম জন্মদিন পর্যন্ত সম্পূর্ণ স্কুল বছর জুড়ে।

- যে শিশুর বয়স 1লা ডিসেম্বর, 2009-এ বা তার পরে 11 বছর হবে, অথবা যে শিশুর বয়স সেই তারিখের আগে 11 বছর হয়েছে এবং 2009 বা তার পরে গ্রেড 6-এ প্রবেশ করেছে, সেই শিশুর পিতা-মাতা, অভিভাবক, বা এই স্টেটের অন্যান্য ব্যক্তির নিয়ন্ত্রণ এবং চার্জ রয়েছে শিশুটির 6 বছর বয়স থেকে শিশুর (18) আঠারোতম জন্মদিন পর্যন্ত সম্পূর্ণ স্কুল বছরে শিশুটিকে একটি পাবলিক স্কুলে পাঠাতে হবে।

মিশিগান স্টেটের একটি এজেন্সি হিসেবে বোর্ডের জন্য শিক্ষার্থীদের নিয়মিত উপস্থিতি জোরদার করা আবশ্যক। বোর্ড স্বীকার করে যে শ্রেণিকক্ষে নিয়মিত উপস্থিতি শিক্ষার্থীদের প্রতিষ্ঠান, শ্রেণিকক্ষের আলোচনা ও অন্যান্য সংশ্লিষ্ট কার্যক্রমে অংশ নিতে সক্ষম করে। শিক্ষকরা শিক্ষার্থীদের নিয়মিত উপস্থিতিকে উৎসাহিত করবে, উপস্থিতির সঠিক রেকর্ড বজায় রাখবে এবং সুপারইন্টেনডেন্ট বা মনোনীত ব্যক্তি নির্দেশিত রিপোর্টিং প্রক্রিয়া অনুসরণ করবে। প্রকৃতপক্ষে, শিক্ষার্থীদের কাঙ্ক্ষিত সফলতা অর্জনে উৎসাহ যোগানোর জন্য সময়মতো উপস্থিতি ও শ্রেণিকক্ষে অংশগ্রহণের ভূমিকা অনস্বীকার্য।

শ্রেণিকক্ষের অভিজ্ঞতার গুরুত্ব এককথায় অনন্য এবং মেক-আপ কাজে মাধ্যমে এটি বাদ দেওয়ার ক্ষতিপূরণ পাওয়া যাবে না। কোনো শিক্ষার্থী অনুপস্থিত থাকলে, দেরিতে উপস্থিত হলে বা তার মা/বাবা/অভিভাবক তাকে স্কুলে দেরিতে পৌঁছালে বা স্কুল থেকে তাড়াতাড়ি নিয়ে গেলে, সে শিক্ষক ও অন্যান্য শিক্ষার্থীদের সাথে পারস্পরিক ক্রিয়া-প্রতিক্রিয়া ও চিন্তা-ভাবনার বিকাশ থেকে বঞ্চিত হয়। শিক্ষার্থীর একটি কোর্সে তালিকাভুক্তি সকল ক্লাস সেশনে তার যথাযথ উপস্থিতির প্রতিশ্রুতি প্রকাশ করে। অতএব, এই নীতির উদ্দেশ্য হলো শিক্ষার্থীদের ক্লাসে অনুপস্থিত থাকা থেকে বিরত রাখা, যদি না অবশ্যই অনুপস্থিত থাকা দরকার এমন কোনো পরিস্থিতি উদ্ভূত হয়। বোর্ড সুপারইন্টেনডেন্টকে এমন একটি উপস্থিতি পরিকল্পনা তৈরি করার নির্দেশ দেয় যা ডিস্ট্রিক্টের সকল শিক্ষার্থীদের মধ্যে সব ক্লাসে উপস্থিত থাকার দায়িত্ববোধ ও নির্ভরযোগ্যতা তৈরি করে। এই উপস্থিতি পরিকল্পনা প্রতি বছর হালনাগাদ করতে হবে এবং ডিস্ট্রিক্টের ওয়েবসাইটে সহজে অ্যাক্সেস করা যায় এমন একটি স্থানে রাখা হবে। শিক্ষার্থীরা স্কুলে উপস্থিতির বিষয়টিকে অত্যন্ত গুরুত্বের সাথে নিবে কারণ তাদের ক্লাস ক্রেডিট তাদের উপস্থিতির উপর নির্ভরশীল।

উপস্থিতির সংজ্ঞা

স্কুলে উপস্থিতি - শিক্ষার্থীরা স্কুল দিবসের কমপক্ষে দুই (2) ঘন্টা স্বশরীরে উপস্থিত থাকলেই বা তাদের শিক্ষা সংক্রান্ত কার্যক্রমের অবিচ্ছেদ্য অংশ হিসেবে ভূমিকা রাখে এমন কোনো স্কুল-অনুমোদিত শিক্ষামূলক কার্যে সম্পৃক্ত থাকলেই উপস্থিত বলে গণ্য হবে।

ক্লাসে উপস্থিতি - শিক্ষার্থীরা ক্লাস চলাকালে কমপক্ষে অর্ধেক সময় স্বশরীরে উপস্থিত থাকলে, শিক্ষকের নির্দেশে ক্লাসের বাইরে ক্লাস-সংশ্লিষ্ট কোনো অ্যাসাইনমেন্টের কাজ করলে বা স্কুল সহায়তা কর্মীবৃন্দের কোনো সদস্যের অনুরোধে অনুমোদিত স্কুল কার্যক্রমে অংশ নিলে, উপস্থিত হিসেবে গণ্য হবে।

দেরিতে উপস্থিতি - একজন শিক্ষার্থীকে তখনই দেরিতে উপস্থিত হিসেবে বিবেচনা করা হবে যখন সে নির্ধারিত ক্লাসের জন্য ঘন্টা বাজার মুহূর্তে স্কুলে উপস্থিত থাকবে না। দ্রষ্টব্য: যদি কোনো শিক্ষার্থী উপস্থিতি নেওয়ার সময় উপস্থিত না থাকে কিন্তু স্কুল দিবসের পরবর্তী পর্যায়ে উপস্থিত থাকে, তাহলে তাকে অবশ্যই উপস্থিত হিসেবে গণনা করা হবে, তবে সেটি হবে দেরিতে উপস্থিতি এবং আগে অনুপস্থিত দিয়ে থাকলে, সেটি পরিবর্তন করা হবে। দেরিতে উপস্থিত শিক্ষার্থীকে রেকর্ডে কখনোই অনুপস্থিত দেখানো যাবে না।

আগে চলেযাওয়া - স্কুল দিবসের শেষ ত্রিশ (30) মিনিট চলাকালে, আগে চলে যাওয়াকে নিরুৎসাহিত করা হয়।

স্কুল কার্যক্রম চলাকালীন দিন ও ঘন্টায়, সকল শিক্ষার্থীর উপস্থিতি আবশ্যক, স্টেটের আইন দ্বারা অব্যাহতিপ্রাপ্ত শিক্ষার্থীরা ব্যতীত।

যদি কোনো শিক্ষার্থী প্রতি স্কুল বর্ষে, নিম্নলিখিত সংখ্যক কোর্সে তালিকাভুক্ত হয়ে থাকে, তাহলে তাকে একজন পূর্ণকালীন সমমানের শিক্ষার্থী হিসেবে বিবেচনা করা যেতে পারে, যেমনটা স্টেটের আইনে সংজ্ঞায়িত হয়েছে:

A. গ্রেড কে-8: কমপক্ষে দুইটি (2) কোর্স যেগুলোতে উপস্থিতি নেওয়া হয় এবং
B. গ্রেড 9 ও তার উপরে: কমপক্ষে ছয়টি (6) কোর্স যেগুলোতে উপস্থিতি নেওয়া হয়।

প্রতি স্কুল বর্ষে বিকল্প শিক্ষা পরিবেশে, ডিস্ট্রিক্টের বিকল্প শিক্ষা কর্মসূচিতে তালিকাভুক্ত কোনো শিক্ষার্থী উপস্থিতি নেওয়া হয় এমন নূন্যতম চারটি (4) কোর্সে ভর্তি হলে, তাকে পূর্ণকালীন শিক্ষার্থী হিসেবে বিবেচনা করা যেতে পারে, যেমনটা স্টেটের আইনে সংজ্ঞায়িত হয়েছে।

অধ্যক্ষ বা মনোনীত ব্যক্তি প্রতিটি শিক্ষার্থীর মা-বাবা বা আইনি অভিভাবক বা যে কোনো কারণে অনুপস্থিত ছিল এমন প্রাপ্তবয়স্ক শিক্ষার্থীর কাছ থেকে একটি লিখিত বিবৃতি চাইবেন যা অনুপস্থিতির যৌক্তিক কারণ নিশ্চিত করে। শিক্ষার্থী কোনো যৌক্তিক কারণে অনুপস্থিত থাকলে, তার মা-বাবা বা আইনি অভিভাবক যত তাড়াতাড়ি সম্ভব এ ব্যাপারে স্কুলকে অবহিত করবে। অনুপস্থিতির ব্যাপারে রিপোর্ট করতে বা ব্যাখ্যা করতে ব্যর্থ হলে, অনুপস্থিতি(গুলো) অননুমোদিত বলে গণ্য হবে। অধ্যক্ষ অনুপস্থিতির(গুলির) কারণের গ্রহণযোগ্যতা নির্ধারণের সর্বোচ্চ ক্ষমতা রাখেন। সুপারইন্টেনডেন্ট ও মনোনীত ব্যক্তি(রা) এরূপ বিবৃতি যাচাই এবং নিম্নলিখিত প্রতিটি ক্ষেত্রের কারণ তদন্ত করার অধিকার সংরক্ষণ করেন:

A. একক অনুপস্থিতি;
B. একনাগাড়ে অনুপস্থিতি;
C. দুই (2) দিনের বেশি সময় ধরে অনুপস্থিতি;
D. কোনো কারণ প্রদর্শন ছাড়াই বারবার পূর্ণদিবস ও অর্ধদিবস অনুপস্থিতি ও দেরিতে উপস্থিতি;
E. কোনো কারণ প্রদর্শন করে বা না করেই শিক্ষার্থীকে বারবার নির্দিষ্ট সময়ের আগে স্কুল থেকে নিয়ে যাওয়া; এবং
F. কোনো কারণ প্রদর্শন করে বা না করেই শিক্ষার্থীকে বারবার দেরিতে স্কুলে পৌঁছে দেওয়া।

আঠারো (18) বছরের কম বয়সী শিক্ষার্থীদের ক্ষেত্রে, সুপারইন্টেনডেন্ট বা মনোনীত ব্যক্তি যথাযথ অভ্যন্তরীণ ও বহিরাগত কর্তৃপক্ষের কাছে শিক্ষার্থীদের উপস্থিতি সংক্রান্ত আইন লঙ্ঘনের রিপোর্ট করবেন।

অনুমোদিত উপস্থিতি:
উপস্থিতি নীতির আবশ্যকীয়তাসমূহ পূরণের উদ্দেশ্যে সামান্য অসুস্থতা, সাক্ষাৎকার ও পারিবারিক কাজ অনুপস্থিতি হিসেবে বিবেচিত হয়। যদি মা-বাবা/অভিভাবক স্কুলের সাথে যোগাযোগ করে অনুপস্থিতির কারণ জানায়, তাহলে সেটি "অনুমোদিত অনুপস্থিতি" হিসেবে বিবেচিত হয়। এরপর, এই অনুপস্থিতি এবং অনুপস্থিতির কারণটি আমাদের উপস্থিতি সিস্টেমে নথিভুক্ত করা হয়। অনুমোদিত অনুপস্থিতির মধ্যে যা যা থাকতে পারে, তবে এগুলোর মধ্যেই সীমাবদ্ধ নয়:

A. শিক্ষার্থীর ব্যক্তিগত অসুস্থতা (একটানা পাঁচ (5) দিনের বেশি অনুপস্থিতির ক্ষেত্রে অধ্যক্ষ মেডিকেল প্রমাণ চাইতে পারেন)। লিখিত বিবৃতিতে শিক্ষার্থীর অনুপস্থিতির সবগুলো দিন অবশ্যই অন্তর্ভুক্ত করতে হবে। যদি কোনো শিক্ষার্থী টানা অসুস্থ থাকে এবং কোনো সুনির্দিষ্ট মেডিকেল অবস্থার কারণে স্কুলে বারবার অনুপস্থিত থাকে, তাহলে স্কুল থেকে অনুমোদিত অনুপস্থিতি পাওয়ার জন্য তাকে অবশ্যই একজন স্বাস্থ্যসেবা পেশাদারের তত্ত্বাবধানে থাকতে হবে;
B. মেডিকেল কর্তৃক যাচাইকৃত দীর্ঘস্থায়ী রোগ – চিকিৎসক কর্তৃক স্বাক্ষরকৃত বিবৃতি;
C. পারিবারিক জরুরি বিষয়;
D. দূর্ঘটনা থেকে সেরে ওঠা;
E. আইনগতভাবে নথিভুক্ত আদালতের সাবপোনা, আদালতে আবশ্যক উপস্থিতি, বা কিশোর কেন্দ্রে আটকে রাখা যেখানে ছাত্র তাদের শিক্ষা চালিয়ে যাচ্ছে;
F. পেশাগত সাক্ষাৎকার;
G. নিকটতম পরিবারের সদস্যের মৃত্যু। নিকটতম পরিবারের সদস্য বলতে শিক্ষার্থীর বা শিক্ষার্থীর অভিভাবকের মা-বাবা, স্বামী/স্ত্রী, সন্তান এবং রক্ত, দত্তক বা বৈবাহিক সূত্রের ভাইবোনকে বোঝায়;
H. কোনো ধর্মীয় ছুটি বা আচার পালন বা উদযাপন যখন কোনো ধর্মের সকল অনুসারীদের জন্য এই ধরনের ছুটি বা আচার পালন করা বাধ্যতামূলক, অথবা পূর্বনির্ধারিত ধর্মীয় নির্দেশনার জন্য (স্কুল কর্মকর্তা কর্তৃক শিক্ষার্থীর ধর্মীয় সংশ্লিষ্টতার কাগজপত্র প্রয়োজন হতে পারে) নিচে উল্লেখকৃত অনুযায়ী;
I. একাডেমিক কার্যক্রম বা স্কুলের পৃষ্ঠপোষকতায় ফিল্ড ট্রিপ যা এক (1) বা একাধিক কোর্সের শিক্ষা সংক্রান্ত ফলাফলের সাথে সরাসরি সম্পর্কিত;
J. অনুমোদিত শিক্ষার্থী কার্যক্রম, যেমন: স্টুডেন্ট কাউন্সিল, ন্যাশনাল অনার সোসাইটি, ক্লাস মিটিং ও একাডেমিক/অ্যাথলেটিক প্রতিযোগিতা;
K. স্কুল প্রশাসকের কাছে অনুপস্থিতির পূর্ব বিজ্ঞপ্তিসহ কোনো স্বল্পকালীন পারিবারিক প্রতিশ্রুতি;
L. কলেজ ভিজিট;
M. স্কুল কর্তৃক স্কুলের বাইরে স্থগিতকরণ; এবং/অথবা
N. মা-বাবা বা শিক্ষার্থীর নিয়ন্ত্রণের বাইরে অন্যান্য পৃথক অনুপস্থিতি, অধ্যক্ষ কর্তৃক যেভাবে নির্ধারিত ও অনুমোদিত হয় (সহায়ক কাগজপত্র চাওয়া হয়)।

অনুমোদিত অনুপস্থিতিসহ, দীর্ঘকালীন অনুপস্থিতির কারণে শিক্ষার্থী কোনো কোর্সে অকৃতকার্য হতে পারে, কোর্সটি আবার করার প্রয়োজন হতে পারে, শিক্ষার্থীকে একই গ্রেডে রেখে দেওয়া হতে পারে এবং/অথবা দেরিতে উপস্থিতির পিটিশন দায়ের করা হতে পারে।

ধর্মীয় নির্দেশনার কারণে অনুপস্থিতি

শিক্ষার্থীর মা/বাবার স্বাক্ষরিত অনুরোধের ভিত্তিতে, বোর্ড স্কুলে শিক্ষার্থীর নিয়মিত উপস্থিতিতে ব্যতিক্রমের অনুমতি দিবে;

A. স্কুল ভবনের বাইরে ধর্মীয় শিক্ষার জন্য প্রতি সপ্তাহে সর্বোচ্চ দুই (2) ঘন্টা;
B. নিশ্চিতকরণ ক্লাসে উপস্থিতির জন্য, যদি শিশুটি বারো (12) থেকে তেরো (13) বছর বয়সের মধ্যে থাকে এবং নির্দেশনার সময়কাল কোনো বছর পাঁচ (5) মাসের বেশি না হয়; এবং
C. স্বীকৃত ধর্মীয় ছুটির দিন উদযাপনের জন্য।

একজন শিক্ষার্থীকে অবশ্যই নিবন্ধিত হতে হবে এবং এরূপ নিবন্ধনের একটি অনুলিপি অবশ্যই অধ্যক্ষের কাছে জমা দিতে হবে।

ধর্মীয় নির্দেশনা বা শিক্ষার জন্য ক্লাস থেকে বের হতে দেওয়ার সময় স্টেটের শিক্ষাবোর্ডের বিধিমালা অনুযায়ী সুপারইন্টেনডেন্ট বা অনুমোদিত ব্যক্তি কর্তৃক নির্ধারিত হবে। এছাড়াও, এরূপ বিরতির সময় তারা পাবলিক স্কুলে এই শিক্ষামূলক কর্মসূচির যথাযথ ধারাবাহিকতা নিশ্চিত করবে।

ডিস্ট্রিক্টের প্রাঙ্গণে ধর্মীয় নির্দেশনায় উপস্থিতির জন্য কোনো সুপারিশ গৃহীত হবে না। কর্মীবৃন্দের কোনো সদস্য যেকোনো ধর্মীয় নির্দেশনামূলক কর্মসূচিতে অংশগ্রহণকে উৎসাহিত বা নিরুৎসাহিত করতে পারবে না।

নীতি 5200 – শিক্ষার্থীর উপস্থিতি

দীর্ঘকালীন অনুপস্থিতি

দীর্ঘকালীন অনুপস্থিতি এবং দেরিতে উপস্থিতির অভ্যাস হাই স্কুল স্নাতকসহ, সামগ্রিক স্কুল পারফর্ম্যান্সের ব্যাপারে একটি পূর্বধারণা দেয়। দৈনিক গড় উপস্থিতির হার প্রায়শই দীর্ঘস্থায়ীভাবে অনুপস্থিত শিক্ষার্থীদের সংখ্যা স্পষ্টাকারে প্রকাশ করে না বা আড়াল করে-যা যেকোনো কারণে স্কুল বর্ষের কমপক্ষে দশ ভাগ (10%) বা আনুমানিক আঠারোটি (18) স্কুল দিবস বাদ দেওয়ার সমান।

মোট স্কুল দিবসের সংখ্যার সাথে অনুপস্থিতির সংখ্যার তুলনা করে দীর্ঘস্থায়ী অনুপস্থিতি নির্ণয় করা যেতে পারে। দীর্ঘস্থায়ী অনুপস্থিতিকে অনুমোদিত, অননুমোদিত ও স্থগিতকরণের দিন হিসেবে ব্যাখ্যা করা যেতে পারে। এই শ্রেণিবিভাগগুলো বহু-স্তরীয় সহায়তা পদ্ধতির সাথে সম্পর্কিত এবং দীর্ঘকালীন অনুপস্থিতির ইতিবাচক সমাধান করার উদ্দেশ্যে সুপারিশকৃত কৌশল সরবরাহ করে।

স্কুল ডিস্ট্রিক্টে দীর্ঘকালীন অনুপস্থিতি আরো বড় বড় প্রচ্ছন্ন সমস্যার উপস্থিতিকে নির্দেশ করে। অতএব, দীর্ঘস্থায়ী অনুপস্থিতি নির্মূল করার মাধ্যমে ডিস্ট্রিক্টের অন্যান্য সমস্যারও সমাধান হবে যেহেতু সেগুলো শিক্ষার্থীরা সফল হওয়ার জন্য প্রয়োজনীয় রিসোর্স পাওয়া, শিক্ষার্থী-পরিবারের সম্পৃক্ততা বৃদ্ধি, ডাটা-চালিত রিসোর্স মধ্যস্থতা এবং শিক্ষার্থীদের কলেজ-ক্যারিয়ারের প্রস্তুতি নিতে সক্ষম করার সাথে সম্পর্কিত।

উপস্থিতি মধ্যস্থতায় ক্লাইমেট এন্ড কালচার লিডারশিপ টিমের ভূমিকা

ক্লাইমেট এন্ড কালচার লিডারশিপ টিম (CLT) স্কুল প্রশাসনের সহযোগিতায় একটি PBIS/উপস্থিতি পরিকল্পনা তৈরি করবে যা স্কুলে মোট উপস্থিতি ও পৃথক পৃথক শিক্ষার্থীর উপস্থিতি মেট্রিক্সের উন্নতি এবং পৃথক পৃথক শিক্ষার্থীর অগ্রগতি পর্যবেক্ষণের জন্য কলা-কৌশল অন্তর্ভুক্ত করবে। এই স্কুলব্যাপী অগ্রগতি পর্যবেক্ষণ পরিকল্পনা শিক্ষার্থীর ডাটা ট্র্যাক করতে এবং উপস্থিতি সংক্রান্ত সমস্যার প্রাথমিক লক্ষণগুলো সনাক্ত করতে সাহায্য করবে। শিক্ষার্থীদের যথাযথ ও উন্নত উপস্থিতির সাথে পরিচিতি করার লক্ষ্যে CLT স্কুলজুড়ে উৎসাহমূলক কর্মকাণ্ডের বিকাশ ঘটাবে।

3-6-9 অনুপস্থিতি বিজ্ঞপ্তি প্রক্রিয়া

উপস্থিতি সংক্রান্ত উদ্বেগের বিষয়ে মা-বাবাকে অবহিত করার পদ্ধতিগুলো দীর্ঘস্থায়ীভাবে অনুপস্থিত শিক্ষার্থীদের শতকরা হার কমানোর ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে।

অননুমোদিত অনুপস্থিতির দিন	ফলো-আপ পদক্ষেপ আবশ্যক
1-2 দিন	উপস্থিতির এজেন্ট/উপস্থিতির টিম/স্কুল কর্মী যোগাযোগ বাড়িতে (ফোন, টেক্সট, ROBO, ইমেল, ইত্যাদি)
দিন 3	উপস্থিতির এজেন্ট/উপস্থিতির টিমের হস্তক্ষেপ যার মধ্যে অন্তর্ভুক্ত থাকতে পারে কিন্তু এর মধ্যেই সীমাবদ্ধ নয় বাড়িতে যোগাযোগ করা, দৈনিক চেক-ইন পর্যবেক্ষণ, পিতামাতা/শিক্ষার্থীদের সাথে মিটিং, উপস্থিতি পত্র #1, ইত্যাদি।
6 দিন	উপস্থিতির এজেন্ট/উপস্থিতির টিমের হস্তক্ষেপ যা অন্তর্ভুক্ত করতে পারে তবে এর মধ্যেই সীমাবদ্ধ নয় তা হল বাড়িতে যোগাযোগ করা, বাড়িতে দেখা করা, প্রতিদিনের চেক-ইন পর্যবেক্ষণ, বাবা-মা/শিক্ষার্থীদের সাথে মিটিং, উপস্থিতি পত্র #2, ইত্যাদি।
7-8 দিন	উপস্থিতির এজেন্ট/উপস্থিতির টিমের হস্তক্ষেপ যার মধ্যে অন্তর্ভুক্ত থাকতে পারে তবে এর মধ্যেই সীমাবদ্ধ নয় তা হল বাড়িতে যোগাযোগ করা, বাড়িতে দেখা করা, দৈনিক চেক-ইন পর্যবেক্ষণ, পিতামাতা/শিক্ষার্থীদের সাথে মিটিং, উপস্থিতি পত্র #3, একটি উপস্থিতির সফল চুক্তি বাস্তবায়ন, উপস্থিতি হস্তক্ষেপ পরিকল্পনা তৈরি এবং বাস্তবায়িত করা, ইত্যাদি।
9 দিন	উপস্থিতির এজেন্ট/উপস্থিতির টিমের হস্তক্ষেপ যার মধ্যে অন্তর্ভুক্ত থাকতে পারে তবে এর মধ্যেই সীমাবদ্ধ নয় তা হল বাড়িতে যোগাযোগ করা, বাড়িতে দেখা করা, দৈনিক চেক-ইন পর্যবেক্ষণ, পিতামাতা/শিক্ষার্থীদের সাথে মিটিং, আইনি চিঠি, অ্যাটেনডেন্স ইন্টারভেনশন প্ল্যানের বাস্তবায়নকে উন্নত করা এবং বাস্তবায়িত করা এবং পর্যবেক্ষণ করা ইত্যাদি।
9+ দিন	উপস্থিতির এজেন্ট/উপস্থিতির টিমের হস্তক্ষেপ যার মধ্যে অন্তর্ভুক্ত থাকতে পারে তবে এর মধ্যেই সীমাবদ্ধ নয় তা হল বাড়িতে যোগাযোগ করা, বাড়িতে দেখা করা, দৈনিক চেক-ইন মনিটরিং, বাবা-মাপিতা-মাতা/শিক্ষার্থীদের সাথে মিটিং, আইনি চিঠি, অ্যাটেনডেন্স ইন্টারভেনশন প্ল্যানের বাস্তবায়নকে উন্নত করা এবং বাস্তবায়িত করা এবং পর্যবেক্ষণ করা, ট্র্যান্সি ইন্টারভেনশন প্রজেক্ট (TIP), রেফারেলের জন্য ওয়েইন কাউন্টি প্রসিকিউটর অফিসের সাথে যোগাযোগ করা, ইত্যাদি।

উপস্থিতির এজেন্ট/উপস্থিতির টিম শিক্ষার্থীদের স্কুলে যাওয়ার জন্য প্রয়োজনীয় র‍্যাপ-অ্যারাউন্ড সেবা প্রদানে সহায়তা করে। যদি শিক্ষার্থী স্কুলে টানা অনুপস্থিত থাকে, তাহলে তার পরিবারের সাথে নিয়মিত মধ্যস্থতা ও যোগাযোগ বজায় রাখতে হবে। একজন শিক্ষার্থী এক স্কুল বর্ষে নয় দিন অনুপস্থিত থাকলে, অতিরিক্ত মধ্যস্থতার জন্য ওয়েইন কাউন্টি কিশোর আদালতের দেরিতে উপস্থিতি মধ্যস্থতা প্রকল্পের (Truancy Intervention Project, TIP) কাছে দেরিতে উপস্থিতির রেফারেল জমা দেওয়া হবে এবং উপস্থিতি এজেন্ট ও স্কুল টিম এবং স্কুল কালচার লিডারশিপ টিম (Culture Leadership Team, CLT) এর মাধ্যমে স্কুল সাইটে উপস্থিতি মধ্যস্থতা পরিকল্পনার শুরু ও পর্যবেক্ষণ করবে।

অগ্রগতি পর্যবেক্ষণ

যে সকল শিক্ষক উপস্থিতি নেন না তাদের রিপোর্ট তৈরি করার জন্য ডিস্ট্রিক্টের কর্মীরা প্রতিদিন পাওয়ার স্কুল সিস্টেম ব্যবহার করবে। এই রিপোর্ট যথাযথ ফলো-আপের জন্য অধ্যক্ষ ও প্রিন্সিপাল লিডারদের কাছে জমা দেওয়া হবে। শিক্ষার্থীরা ক্লাসে না থাকলে মা-বাবারা স্বয়ংক্রিয়ভাবে একটি উপস্থিত থাকার কল পাবেন। উপস্থিতির ডাটা নির্ভুলভাবে সংগ্রহ করা হয়েছে কিনা তা যাচাই করার জন্য স্কুল পর্যায়ে অতিরিক্ত গুরুত্ব আরোপ করা হবে।

প্রতি সপ্তাহে, উপস্থিতি এজেন্টরা মা/বাবাকে অবগত করার জন্য তাদের সাথে শিক্ষকের যোগাযোগের তালিকাসহ, কমপক্ষে 3 দিন অনুপস্থিত শিক্ষার্থীদের একটি তালিকা পাবে। সাপ্তাহিক চেক-ইন প্রক্রিয়ার মাধ্যমে, উপস্থিতি এজেন্টরা দীর্ঘস্থায়ীভাবে অনুপস্থিত হিসেবে চিহ্নিত শিক্ষার্থীদের সাথে যোগাযোগ করবে এবং ক্লাইমেট ও কালচার লিডারশিপ টিম (CLT) মিটিং চলাকালে পর্যালোচনার জন্য এবং সকল প্রতিবন্ধকতা দূর করে শিক্ষার্থীকে স্কুলে নিয়মিত উপস্থিত থাকায় সহযোগিতা করার জন্য সম্মিলিত সমস্যা সমাধান প্রক্রিয়ায় শিক্ষার্থীর সাথে যোগাযোগের বিবরণ অন্তর্ভুক্ত করা হবে।

মাসিক উপস্থিতি এজেন্ট সভা চলাকালে, কর্মীরা নির্দিষ্ট স্কুলের ডাটা পর্যালোচনা করবে এবং যে কৌশলগুলো প্রয়োগ করে ব্যাপক অগ্রগতি হয়েছে সেগুলো নিয়ে আলোচনা করবে। উপস্থিতি এজেন্টের নোটগুলো প্রতি সপ্তাহে পাওয়ার স্কুলের মাধ্যমে পর্যালোচনা করা হবে এবং অতিরিক্ত পর্যালোচনার জন্য উপস্থিতি মধ্যস্থতা পরিকল্পনাগুলো জমা দেওয়া হবে। উপস্থিতির গুরুত্ব আরো জোরদার করতে, অধ্যক্ষরা স্কুলব্যাপী সমাবেশ, স্কুলের যেসব স্থান সবচেয়ে বেশি নজরে পড়ে সেসব স্থানে, ডাটা চার্টে, PTA/SAC সভায় এবং অন্যান্য সংশ্লিষ্ট পদ্ধতিতে বর্তমান উপস্থিতির ডাটা প্রদর্শনের মাধ্যমে উপস্থিতি ডাটা শেয়ার করবেন।

উপস্থিতি হস্তক্ষেপ ও সহায়তা

CLT মধ্যস্থতা কৌশলগুলো বাস্তবায়নের মাধ্যমে স্কুলের উপস্থিতির ঘাটতি পূরণ করে। তারা শিক্ষার্থীদের প্রতিদিন স্কুলে আসতে সাহায্য করার জন্য বিভিন্ন পদ্ধতি ব্যবহার করে, যেমন, পুরস্কার ও অতিরিক্ত সাহায্য। এছাড়াও অন্যান্য টিম শিক্ষার্থীদের উপস্থিতির অবস্থা কতটা ভালো তা যাচাই করে এবং স্কুলে আসার জন্য শিক্ষার্থীদের যেসব সহায়তা প্রয়োজন সেগুলো প্রদান করে। DPSCD-তে, CLT-এর সাথে সব স্কুলের সাপ্তাহিক মিটিং হয়, যেখানে তারা উপস্থিতি নিয়ে এবং শিক্ষার্থীদের নিয়মিত স্কুলে আসার জন্য কীভাবে সাহায্য করা যায় সেটি নিয়ে আলোচনা করে।

ড্রেস কোড

ড্রেস কোডের উদ্দেশ্য হলো সমন্বিত ও ইতিবাচক স্কুল পরিবেশের বিকাশ ঘটানো এবং এ উদ্দেশ্যে, নিয়মিত স্কুলের দিন ও গ্রীষ্মে স্কুলের দিনগুলোর পাশাপাশি, মধ্যাহ্নের স্কুল প্রাঙ্গণ, যেকোনো স্কুল-সংশ্লিষ্ট ইভেন্ট ও কোর্স/ক্লাব কার্যক্রম, যেমন, অভিভাবকদের নিয়ে অনুষ্ঠান, নৃত্য, শিক্ষার্থীদের সাংস্কৃতিক অনুষ্ঠান, ক্রীড়া ইভেন্টে এটি প্রযোজ্য হবে। ড্রেস কোডের কার্যকরী ও নিরপেক্ষ বাস্তবায়ন নিশ্চিত করতে, স্কুল কর্মীরা ড্রেস কোড দৃঢ়ভাবে প্রয়োগ করবে এবং এটি এমনভাবে করা হবে যা জাতি, নারী-পুরুষ, লিঙ্গ পরিচয়, লিঙ্গ প্রকাশ, যৌন দৃষ্টিভঙ্গি, জাতিগোষ্ঠী, ধর্ম, সাংস্কৃতিক দৃষ্টিভঙ্গি, পারিবারিক আয়, দৈহিক আকার/গঠন নির্বিশেষে কোনো দলের প্রতি উপেক্ষা বা নিপীড়নকে উৎসাহিত বা বৃদ্ধি করে না।

DPSCD শিক্ষা কর্মসূচি ও কার্যক্রমের ক্ষেত্রে জাতির ভিত্তিতে কোনরূপ বৈষম্য করে না, এর মধ্যে রয়েছে চুলের ধরন এবং সুরক্ষামূলক চুলের স্টাইল, বর্ণ, জাতিগত পরিচয়, লিঙ্গ, যৌন অভিমুখীতা, লিঙ্গ পরিচয়, প্রতিবন্ধিত্ব, বয়স, ধর্ম, উচ্চতা, ওজন, নাগরিকত্ব, বৈবাহিক বা পারিবারিক অবস্থান, সামরিক অবস্থান, পূর্বপুরুষ, জেনেটিক তথ্য, অথবা আইনগতভাবে সুরক্ষিত অন্য কোনো শ্রেণিবিভাগ।

যেসকল শিক্ষার্থী ও মা-বাবা/অভিভাবক ড্রেস কোডের বৈষম্যমূলক প্রয়োগ করা হচ্ছে বলে বোধ করছেন তারা স্কুলের কর্মী এবং/অথবা সমতা, পরামর্শ, ও নাগরিক অধিকার এবং সম্মতি বিভাগ (Civil Rights and Compliance Department, CDC) এ উদ্বেগ জানাতে করতে পারেন।

প্রতিটি স্কুলের শিক্ষার্থীদের জন্য ইউনিফর্ম আবশ্যক করা হবে কিনা সেটি ঠিক করার স্বাধীনতা রয়েছে — ইউনিফর্ম সাধারণত নিরেট রঙের শার্ট, পোলো বা টি-শার্ট ও স্কার্ট, প্যান্ট বা শর্টস হয়ে থাকে। ইউনিফর্মের স্টাইল ও রঙের বিষয়ে বিস্তারিত তথ্য জানার জন্য আপনার স্কুলের সাথে যোগাযোগ করুন।

ইউনিফর্ম না পরার কারণে শিক্ষার্থীদের স্কুল থেকে ছাঁটাই করা যাবে না। স্কুল ইউনিফর্মের আবশ্যকীয়তা সংক্রান্ত উদ্বেগ সমাধানের জন্য আপনার স্কুলের অধ্যক্ষের সহায়তা নিন। যদি আর্থিক সমস্যার কারণে আপনার পরিবারের পক্ষে ইউনিফর্ম কেনা কঠিন হয়ে দাঁড়ায়, সেক্ষেত্রে আপনার স্কুলে এই ব্যাপারে জিজ্ঞাসা করুন। আপনার স্কুলের কাছে ইউনিফর্ম বিনিময় বা কম খরচে ইউনিফর্ম কেনার ব্যাপারে তথ্য থাকতে পারে।

যেসব স্কুলে ইউনিফর্ম আবশ্যক নয়, সেসব স্কুলে শিক্ষার্থীদের নিম্নলিখিত ড্রেস কোড মেনে চলতে হবে:

সাধারণ আবশ্যকীয়তাসমূহ

- শারীরিক শিক্ষা, ট্রেড ক্লাস, কেমিস্ট্রি ইত্যাদি ক্লাসে অংশগ্রহণ করার বা পাঠ্যক্রমিক এবং পাঠ্যক্রম বহির্ভূত ক্লাস বা ব্যান্ড, সমবেত সঙ্গীত, নৃত্য, নাটক এবং থিয়েটারের মতো কার্যকলাপের সময় শিক্ষার্থীদের সাধারণত নিরাপত্তার কারণে নির্দিষ্ট ধরনের পোশাক পরতে হতে পারে।
- শিক্ষার্থীরা নিজেদের ও নিজ নিজ পোশাক পরিষ্কার পরিচ্ছন্ন রাখার জন্য দায়িত্বপ্রাপ্ত হবে।
- শিক্ষার্থীরা তাদের পছন্দমতো চুলের স্টাইল করতে পারে।
- স্কুল ভবনে হেড কভারিং (হুড এবং ব্যান্ডানা সহ) পরা যাবে না। যদিও বা, ছাত্ররা আন্তরিকভাবে ধর্মীয় বিশ্বাসের (যেমন, হিজাব, ইয়ারমুলকে, ইত্যাদি) বা সাংস্কৃতিক অভিব্যক্তি (যেমন, একটি গেল) বা চিকিৎসা বা প্রতিবন্ধকতা-সম্পর্কিত সমস্যাগুলিকে যুক্তিসঙ্গতভাবে মিটমাট করার জন্য স্কুল ভবনে হেড কভারিং পরতে পারে (যেমন, প্রতিরক্ষামূলক হেলমেট)।
- শিক্ষার্থীরা স্বাস্থ্য সংক্রান্ত ঝুঁকি থেকে নিরাপদে থাকার জন্য PPE (মাস্ক, গ্লাভস) পরিধান করতে পারে।

শিক্ষার্থীরা পরিধান করতে পারবে না

- এমন স্টাইলের পোশাক যা তাদেরকে বা অন্য শিক্ষার্থীদের বিপদে ফেলতে পারে।
- বাহ্যিক পোশাক হিসেবে ঘুমানোর পোশাক, যেমন, পায়জামা, আন্ডারশার্ট, বা অন্তর্বাস পরিধান করা।
- শিক্ষার্থীর পোশাক বা ট্যাটু এমন কোনো বর্ণনা বা ছবি প্রদর্শন করবে না যা মাদকের ব্যবহার, অ্যালকোহল, তামাকজাত পণ্য, বা যৌনতার সাথে সম্পর্কিত অথবা যা ঘৃণা এবং/অথবা সংঘাত সৃষ্টি করে অথবা গ্যাংয়ের সাথে সম্পৃক্ততা বোঝায়।
- পরিধেয় পোশাক অস্ত্র হিসেবে বিবেচিত হতে পারে, যেমন চেইন বেল্ট বা ওয়ালেটের চেইন এর অন্তর্ভুক্ত, তবে এগুলোর মধ্যেই সীমাবদ্ধ নয়।
- দৃষ্টিকটু বা শিক্ষা পরিবেশে বিঘ্ন ঘটাতে পারে এমন অলংকার বা হস্তশিল্প।
- চুল রোলার, চুল কার্লার।
- ফ্লিপ-ফ্লপ, ঘরে পরার স্লিপার, স্টিল টোযুক্ত সু বা বুট, অথবা অন্য যেকোনো ধরনের জুতা যা নিরাপত্তার হুমকি হতে পারে।

বিশেষ চাহিদাসম্পন্ন শিক্ষার্থীদের ক্ষেত্রে শৃঙ্খলা

যেসকল শিক্ষার্থীকে বিশেষ শিক্ষা বা সেকশন 504 হিসেবে চিহ্নিত করা হয়েছে এবং যারা বিশেষ চাহিদাসম্পন্ন হিসেবে অনুমিত হয়েছে তারাসহ, সকল শিক্ষার্থীদের ক্ষেত্রে এই বিধিতে অন্তর্ভুক্ত আচরণের মানদন্ডগুলো প্রযোজ্য। তবে, বিশেষ চাহিদাসম্পন্ন শিক্ষার্থীদের স্বতন্ত্র প্রয়োজন থাকার কারণে, প্রযোজ্য শাস্তিমূলক ব্যবস্থা এবং শিক্ষার্থীর আচরণবিধির প্রয়োগ প্রযোজ্য স্থানীয়, স্টেট, ও ফেডারেল আইন অনুযায়ী ভিন্ন হবে।

বিশেষ চাহিদাসম্পন্ন শিক্ষার্থী

"বিশেষ চাহিদাসম্পন্ন শিক্ষার্থী" বলতে সে ব্যক্তিকে বোঝায় যে: (1) স্বকীয় শিক্ষা পরিকল্পনা দল (IEPT), বা শুনানি কর্মকর্তা কর্তৃক এক (1) বা একাধিক প্রতিবন্ধকতা আছে বলে চিহ্নিত হয়েছেন যেগুলোর জন্য বিশেষ শিক্ষা বা সংশ্লিষ্ট সেবা, অথবা দুটোই প্রয়োজন; (2) স্কুলে ভর্তির বছরের 1 সেপ্টেম্বর ধরলে যার বয়স 25 বছরের বেশি নয়; (3) যে শিক্ষার স্বাভাবিক কোর্স সম্পন্ন করেনি এবং (8) যে হাই স্কুল থেকে স্নাতক হয়নি। যে শিক্ষার্থীর বয়স 1 সেপ্টেম্বরের পর 26 বছর হয়েছে যে "বিশেষ চাহিদাসম্পন্ন শিক্ষার্থী" এবং ঐ স্কুল বছর শেষ না হওয়া পর্যন্ত বিশেষ শিক্ষা কর্মসূচি বা সেবা অব্যহত রাখার অধিকারী হবে।[1] সাধারণত স্থানীয়, স্টেট, ফেডারেল ও শিক্ষা এজেন্সি এই শিক্ষার্থীদের প্রতিবন্ধী শিক্ষা আইন ("IDEA") তে অন্তর্ভুক্ত শিক্ষার্থী, অথবা IDEA শিক্ষার্থী হিসেবে উল্লেখ করে।

সেকশন 504

এই সংজ্ঞাটি 1973 সালের পুনর্বাসন আইনের ধারা 504-কে নির্দেশ করে, যা ফেডারেলের আর্থিক সহায়তাপ্রাপ্ত যেকোনো কর্মসূচী বা কার্যক্রমে প্রতিবন্ধকতার ভিত্তিতে বৈষম্য দূর করতে প্রণীত হয়েছে। ফেডারেল আইনে, "প্রতিবন্ধী ব্যক্তি" বলতে এমন ব্যক্তিকে বোঝায় যার এমন শারীরিক বা মানসিক প্রতিবন্ধকতা রয়েছে যা তার জীবনের এক বা একাধিক কার্যশক্তিকে সীমাবদ্ধ করেছে, এরূপ প্রতিবন্ধকতার রেকর্ড রয়েছে, অথবা তার এরূপ প্রতিবন্ধকতা আছে বলে বিবেচিত হয়েছে। এই আবশ্যকীয়তা পূরণকারী শিক্ষার্থীদের 504 টিম দ্বারা তৈরিকৃত 504 মূল্যায়ন ও শিক্ষা পরিকল্পনা থাকতে হবে।

IDEA ও সেকশন 508-এর শিক্ষার্থীদের ক্ষেত্রে শাস্তিমূলক ব্যবস্থা

একজন প্রশাসক কোনো IDEA বা 504 শিক্ষার্থীর সাথে জড়িত শাস্তিমূলক ব্যবস্থা বিবেচনা করলে, বর্তমান স্কুলবর্ষ চলাকালে সর্বমোট কতদিন শিক্ষার্থী শাস্তিমূলক ব্যবস্থার কারণে হারিয়েছে সেটি নির্ণয় করতে শিক্ষার্থীটির রেকর্ডগুলো পর্যালোচনা করা হবে। নির্ণয় করা হয়ে গেলে, নিচের প্রক্রিয়াগুলো অবশ্যই অনুসরণ করতে হবে:

1. যদি শিক্ষার্থীর ওই স্কুল বর্ষের ক্ষেত্রে 10 (দশ) দিনের বেশি শাস্তিমূলক অপসারণ না হয়, তাহলে প্রতিবন্ধী নয় এমন শিক্ষার্থীদের জন্য প্রণীত প্রক্রিয়াগুলো ব্যবহার করুন।

2. যদি বিবেচনাধীন স্থগিতকরণ পরপর দশ (10) দিনের বেশি হয় (প্রস্তাবিত বহিষ্কারসহ) **অথবা** যদি স্থগিতকরণ দশ (10) দিনের কম হয়, তাহলে এক স্কুল বছরের ক্ষেত্রে পরপর দশ (10) দিনে পরিণত হবে এবং অপসারণের প্যাটার্ন নির্ধারিত হয়, তাহলে এর কারণে প্লেসমেন্ট পরিবর্তন হবে। প্লেসমেন্টে পরিবর্তন সৃষ্টি করেছে এমন স্থগিতকরণ বা বহিষ্কার প্রয়োগ করার আগে, আচরণগত সমস্যাটি শিক্ষার্থীর প্রতিবন্ধকতার কোনো বহিঃপ্রকাশ কিনা সেটি যাচাই করতে শিক্ষার্থীর অবশ্যই একটি IEP/504 সভা হতে হবে ("অভিব্যক্তি যাচাইকরণ" পর্যালোচনা)। স্কুল থেকে প্লেসমেন্ট পরিবর্তন করার সিদ্ধান্তের দশ (10) দিনের মধ্যে অবশ্যই সভাটি করতে হবে।

[1] মিশিগান বিশেষ শিক্ষার জন্য প্রশাসনিক বিধিমালা, বিধি 340.1702

ব্যতিক্রম

অপরাধটি বর্তমানে মাদক/অ্যালকোহল গ্রহণের সাথে জড়িত থাকার ক্ষেত্রে, 508 সভার প্রয়োজন নেই। শিক্ষার্থীটিকে অ-প্রতিবন্ধী শিক্ষার্থীদের মতো একই পদ্ধতিতে শাস্তি দেওয়া যাবে। দ্রষ্টব্য, যদি অপরাধটি শুধু দখলে রাখাকে কেন্দ্র করে থাকে, ব্যবহার না করে, তাহলে বহিঃপ্রকাশ শুনানি আবশ্যক।
যদি IEP/508 দল নির্ধারণ করে যে আচরণটি শিক্ষার্থীর প্রতিবন্ধকতারই বহিঃপ্রকাশ, তাহলে সে আর কোনো শাস্তিমূলক ব্যবস্থার অধীন হবে না। তবে, শিক্ষার্থীর বর্তমান প্লেসমেন্ট ঠিক আছে কিনা সেটি যাচাই করতে মূল্যায়ন চলমান থাকবে। মা/বাবা সম্মত না হলে 508 প্রক্রিয়ার মাধ্যমে শিক্ষার্থীকে অবশ্যই প্রকৃত প্লেসমেন্টে ফিরতে হবে।

ব্যতিক্রম:
যদি অপরাধটিতে নিচের যেকোনোটি জড়িত থাকে, তাহলে স্কুল কর্তৃপক্ষ সর্বোচ্চ পঁয়তাল্লিশ (45) দিনের জন্য শিক্ষার্থীকে সাময়িক বিকল্প শিক্ষা পরিবেশে অপসারণ করবে:

- স্কুল বা স্কুল ফাংশনে কোনো অস্ত্র বহন করা বা সাথে থাকা
- জেনেশুনে অবৈধ মাদক ব্যবহার করা বা সাথে রাখা
- স্কুলে বা কোনো স্কুল ফাংশনে কোনো নিয়ন্ত্রিত বস্তু বিক্রি করা বা বিক্রিতে সাহায্য করা
- অন্য ব্যক্তির উপর গুরুতর শারীরিক আক্রমণ

যদি IEP/504 দল নির্ধারণ করে যে আচরণটি শিক্ষার্থীর প্রতিবন্ধকতার কোনো বহিঃপ্রকাশ নয়, তাহলে তাকে অন্য যেকোনো স্বাভাবিক শিক্ষার্থীর মতো একইভাবে অপসারণ করা হবে।[2]

এমনকি IDEA শিক্ষার্থী আর একই স্কুল পরিবেশে না থাকলেও, স্কুল তাকে IDEA শিক্ষার্থীর সেবাসমূহ সরবরাহ করবে ফলে সে IEP লক্ষ্যগুলোর দিকে এগিয়ে যাবে। সেকশন 508 শিক্ষার্থীদের বিশেষায়িত সেবা অব্যাহত থাকবে না।

কী কী সেবা প্রদান করা হবে এবং কোন লোকেশনে সেবা প্রদান করা হবে সেটি IEP দল ঠিক করবে।

প্লেসমেন্টে পরিবর্তন ঘটলে, শিক্ষার্থীর দ্রুততম যথাযথ প্রক্রিয়ার শুনানিসহ (আপিল), ধারা 508/IDEA-এর পদ্ধতিগত সুরক্ষার অধিকার রয়েছে। কোনো আপিল বিচারাধীন থাকলে, কোনো সিদ্ধান্তে না পৌঁছানো পর্যন্ত অথবা অপসারণের সমাপ্তি ডিস্ট্রিক্ট কর্তৃক ইস্যু না হওয়া পর্যন্ত, যেটিই প্রথমে আসুক না কেন, শিক্ষার্থীর প্লেসমেন্ট শাস্তিমূলক অপসারণ পরিবেশেই বহাল থাকবে।

বিশেষ চাহিদাসম্পন্ন শিক্ষার্থীদের, বহিষ্কৃত হলেও, বিকল্প শিক্ষা পরিবেশে অবশ্যই যথাযথ শিক্ষা প্রদান করতে হবে।

[2] একজন প্রতিবন্ধী শিক্ষার্থী যে বর্তমানে মাদক বা অ্যালকোহলের অবৈধ ব্যবহারের সাথে জড়িত নয় তবে সে যদি মাদক বা অ্যালকোহলের অপরাধ করে থাকে, তাহলে তাকে ধারা 504 সুরক্ষা প্রদান করা হয়, যাতে বহিঃপ্রকাশ নির্ধারণের অধিকারও রয়েছে (29 USC §705(20) © (iv)).

শিক্ষার্থীর প্রতিবন্ধী হওয়া সন্দেহ করা

কোনো প্রতিবন্ধকতা আছে বলে ধারণা করা হচ্ছে এমন শিক্ষার্থী বিশেষ চাহিদাসম্পন্ন শিক্ষার্থীদের জন্য উপলভ্য যেকোনো শাস্তিগত সুরক্ষা দাবি করার অধিকার রাখে, যদি শাস্তিমূলক ব্যবস্থার আওতাধীন আচরণের পূর্বে নিচের এক বা একাধিক বিষয় বিদ্যমান থাকে:

1. মা/বাবা/অভিভাবক(দের) ডিস্ট্রিক্টের তত্ত্বাবধায়ক বা প্রশাসনিক কর্মীবৃন্দ, বা শিক্ষার্থীর কোনো শিক্ষককে লিখিতভাবে নির্দিষ্ট উদ্বেগ জানিয়েছেন যে, শিক্ষার্থীটির বিশেষ শিক্ষা ও সংশ্লিষ্ট সেবা প্রয়োজন।
2. মা/বাবা/অভিভাবক লিখিতভাবে বিশেষ শিক্ষা মূল্যায়নের জন্য অনুরোধ করেছেন বা সম্মতি দিয়েছেন।
3. শিক্ষার্থীর শিক্ষক, বা অন্যান্য স্কুল কর্মী, সরাসরি যথাযথ তত্ত্বাবধায়ক বা ডিস্ট্রিক্টের বিশেষ শিক্ষা পরিচালকের কাছে, শিক্ষার্থীটির প্রকাশিত আচরণের ধরন সম্পর্কে সুনির্দিষ্ট উদ্বেগ প্রকাশ করেছেন।
4. যদি শিক্ষার্থীর মা/বাবা পূর্বে শিক্ষার্থীর মূল্যায়নের প্রতি সম্মতি দিতে রাজি না হন, অথবা বিশেষ শিক্ষা ও সংশ্লিষ্ট সেবা প্রত্যাখান করেন, অথবা যদি শিক্ষার্থী বিশেষ শিক্ষার জন্য অনুপযুক্ত বিবেচিত হয়, তাহলে সে যে একজন বিশেষ চাহিদা সম্পন্ন শিক্ষার্থী এটি ডিস্ট্রিক্টকে জানানোর বিষয়ে বিবেচনা করা হবে না।

যদি কোনো শিক্ষার্থী শাস্তিমূলক ব্যবস্থার অধীন থাকাকালীন সময়সীমার মধ্যে শিক্ষার্থীকে মূল্যায়ন করার কোনো অনুরোধ জানানো হয়, তাহলে শিক্ষার্থী শাস্তিমূলক অপসারণের পরিবেশেই থাকবে এবং দ্রুততম পদ্ধতিতে মূল্যায়নটি পরিচালিত হবে। যদি শিক্ষার্থী বিশেষ চাহিদাসম্পন্ন শিক্ষার্থী হিসেবে গণ্য হয়, তাহলে প্রয়োজন অনুযায়ী ডিস্ট্রিক্ট বিশেষ শিক্ষা ও সংশ্লিষ্ট সেবা সরবরাহ করবে।

কোনো শিক্ষার্থী অন্যান্যদের জন্য সরাসরি হুমকি হয়ে দাঁড়ালে, বিশেষ চাহিদাসম্পন্ন শিক্ষার্থীদের জন্য প্রযোজ্য প্রক্রিয়া অনুসারে, স্কুল কর্তৃপক্ষ তাৎক্ষণিকভাবে প্লেসমেন্ট সমন্বয় করতে পারেন অথবা শিশুটিকে দশ (10) স্কুল দিনের জন্য সাময়িকভাবে স্থগিত করতে পারেন।

আর্লি ইলিমেন্টারি শিক্ষার্থীর সন্দেহজনক প্রতিবন্ধিত্ব

যেক্ষেত্রে একজন শিক্ষার্থী শিক্ষার পরিবেশের সংস্পর্শের প্রাথমিক পর্যায়ে থাকাকালীন (কিন্ডারগার্টেন-গ্রেড 2) ত্রুটিযুক্ত ও সম্ভাব্য বিপজ্জনক আচরণের তিন বা ততোধিক ঘটনা প্রদর্শিত হয়েছে যা জীবন, সুরক্ষা এবং/অথবা স্টাফ এবং/বা শিক্ষার্থীদের কল্যাণের জন্য তাৎক্ষণিক ঝুঁকি তৈরি করে, IDEA বা ধারা 508-এর অধীনে ডিস্ট্রিক্ট যে পরিমাণ অক্ষমতা সন্দেহ করে, ডিস্ট্রিক্ট কর্মীরা বিদ্যমান মূল্যায়ন তথ্য অথবা অন্যান্য মূল্যায়ন পরিকল্পনার সভার তথ্যের পর্যালোচনা আহবান করবে এবং যেকোনো মূল্যায়ন ত্বরান্বিত করবে যা মা-বাবা বা অভিভাবকের সম্মতিতে উপযুক্ত।

ডিস্ট্রিক্ট কর্মীরা মূল্যায়ন ত্বরান্বিত করবে এবং এই সময়ের মধ্যে, ডিস্ট্রিক্ট কর্মীরা একটি শিক্ষা প্লেসমেন্ট নির্ধারণ এবং সহায়তা (স্কুল বা অন্য কোনো অন্তর্বর্তী সেটিংয়ে) সনাক্ত করার জন্য মা/বাবা বা অভিভাবকের সাথে কাজ করার চেষ্টা করবে যা সুরক্ষা উদ্বেগের সমাধান করে, এছাড়াও শিক্ষার্থীকে শিক্ষাদান এবং শিক্ষার্থীর জন্য মূল্যায়ন পরিচালনা করবে। শিক্ষার্থীরা কোন পরিস্থিতি ও পরিবেশে পড়ালেখা করবে এবং কর্মীদের সাহায্য পাবে সে সম্পর্কে সুপারইন্টেনডেন্ট বা তার মনোনীত ব্যক্তিকে অবহিত করা হবে। মা/বাবা বা অভিভাবক যদি IDEA এবং/অথবা ধারা 508-এর অধীনে মূল্যায়ন এবং/অথবা সেবা বা সহায়তায় সম্মতি জানাতে অস্বীকার করেন, তাহলে ডিস্ট্রিক্ট শিক্ষার্থীকে একজন সাধারণ শিক্ষার্থী হিসেবে বিবেচনা করতে পারে এবং আচরণবিধির শৃঙ্খলা বিভাগের অধীনে বহিষ্কারসহ উপযুক্ত পরিণতি প্রয়োগ করতে পারে।

টাইটেল IX যৌন হয়রানি

DPSCD 1972 সালের শিক্ষা সংশোধনীর, 21 U.S.C. § 1681 টাইটেল IX অনুসারে ভর্তি ও নিয়োগসহ এর সকল কর্মসূচি ও কার্যক্রমে লিঙ্গ, যৌন অভিমুখীতা এবং লৈঙ্গিক পরিচয়ের ভিত্তিতে বৈষম্য নিষিদ্ধ করে। ডিস্ট্রিক্ট যৌন হয়রানিসহ যেকোনো ধরনের যৌন বৈষম্য সম্পর্কে যথাযথভাবে জ্ঞাত হলে তাৎক্ষণিক ও কার্যকরীভাবে সাড়া দেওয়ার ব্যাপারে প্রতিশ্রুতিবদ্ধ।

যেকোনো ব্যক্তি যৌন হয়রানিসহ যৌন বৈষম্যের অভিযোগ জানাতে পারেন। ডিস্ট্রিক্টের সকল কর্মীকে তার দেখা বা জানা যৌন হয়রানির ঘটনা সম্পর্কে অবশ্যই সমতা, পরামর্শ এবং নাগরিক অধিকার এবং সম্মতির বিভাগ (CRC) এর কাছে অবিলম্বে রিপোর্ট করতে হবে।

ডিস্ট্রিক্ট কমিউনিটির অন্যান্য সদস্যদের এবং তৃতীয় পক্ষদের ডিস্ট্রিক্ট কর্মী, CRC, বা টাইটেল IX সমন্বয়কারীর কাছে যৌন হয়রানির ঘটনা রিপোর্ট করতে উৎসাহিত করা হচ্ছে।

জেনিস মিশেল ফোর্ড, জেনারেল কাউন্সেল
নাগরিক অধিকার সমন্বয়ক/টাইটেল IX কোর্ডিনেটর
3011 W. Grand Blvd., Floor 10 Detroit, MI 48202
ফোন: (313) 240-4377
Dpscd.compliance@detroitk12.org

যৌন হয়রানির অভিযোগ উঠলে শিক্ষার্থীদের উপযুক্ত সহায়ক ব্যবস্থা পাওয়ার অধিকার রয়েছে। যেকোনো তদন্তের আগে, চলাকালীন এবং/অথবা পরে সহায়ক ব্যবস্থা প্রদান করা যেতে পারে। শিক্ষার্থীরা নিরাপদে ডিসট্রিক্টের কর্মসূচি কার্যক্রমে অংশ নিতে সক্ষম হওয়া নিশ্চিত করার জন্য সহায়ক ব্যবস্থা তৈরি করা হয়েছে।

টাইটেল IX এর অধীনে আপনার অধিকার সম্পর্কে আরো তথ্যের জন্য, অথবা আমাদের টাইটেল IX অভিযোগ পদ্ধতি দেখতে, অনুগ্রহ করে এখানে ক্লিক করে আমাদের টাইটেল IX ওয়েবসাইট পেজে যান।

প্রযুক্তি ব্যবহার

ডেট্রয়েট পাবলিক স্কুলস কমিউনিটি ডিস্ট্রিক্ট শিক্ষা বোর্ড শিক্ষার্থীদের শেখার গুণমান এবং ডিস্ট্রিক্টের কার্যদক্ষতা উভয়ই বাড়ানোর জন্য প্রযুক্তির কার্যকরী ব্যবহারের জন্য প্রতিশ্রুতিবদ্ধ। শিক্ষার্থী এবং তাদের অভিভাবকদের অবশ্যই বার্ষিক শিক্ষার্থী প্রযুক্তির গ্রহণযোগ্য ব্যবহার ও সুরক্ষা ফর্মে স্বাক্ষর এবং জমা দিতে হবে। সুপারইন্টেনডেন্ট বা তার মনোনীত ব্যক্তি একটি লিখিত ডিস্ট্রিক্ট প্রযুক্তি পরিকল্পনা ("DTP") তৈরি ও বাস্তবায়নের তদারকি করবেন। DTP-এর প্রাথমিক উদ্দেশ্যের মধ্যে অন্যতম হলো নতুন ও উদীয়মান প্রযুক্তি মূল্যায়ন করা এবং কিভাবে এগুলো শিক্ষার্থীদের অর্জন ও সাফল্য এবং/অথবা দক্ষ ও কার্যকর ডিস্ট্রিক্ট অপারেশনের ভূমিকা পালন করবে।

DTP প্রযুক্তির যথাযথ অধিগ্রহণের জন্য পদ্ধতি নির্ধারণ করবে। DTP ডিসট্রিক্ট প্রযুক্তি সম্পদের নিরাপদ, উপযুক্ত ও নৈতিক ব্যবহার সম্পর্কে কর্মী ও শিক্ষার্থীদের দিকনির্দেশনা প্রদান করবে, পাশাপাশি কর্মী ও শিক্ষার্থী উভয়কেই শাস্তিমূলক ব্যবস্থা সম্পর্কে অবহিত করবে যদি প্রযুক্তি সম্পদ কোনোভাবে অপব্যবহার করা হয় অথবা অনুপযুক্ত, অবৈধ বা অনৈতিক উপায়ে ব্যবহার করা হয়।

সুপারইন্টেনডেন্ট ডিস্ট্রিক্ট প্রযুক্তি পরিকল্পনার অনুমোদন, যেকোনো পরিবর্তন, সংশোধন বা পরিমার্জন প্রতি বছর বোর্ডে পর্যালোচনা ও সুপারিশ করবেন।

এই নীতির পাশাপাশি, শিক্ষার্থী ও কর্মীদের প্রযুক্তির গ্রহণযোগ্য ব্যবহার ও সুরক্ষা নীতি, সামাজিক মিডিয়া নীতি, যোগাযোগ ডিভাইস নীতি এবং হ্যান্ডবুক শিক্ষার্থী ও কর্মীদের ব্যক্তিগত ডিভাইসসহ প্রযুক্তির ব্যবহারকে আরো নিয়ন্ত্রণ করে। ডিস্ট্রিক্ট প্রযুক্তি রিসোর্স ব্যবহার করার সময় ব্যবহারকারীদের গোপনীয়তার কোনো অধিকার নেই অথবা প্রত্যাশা করা যাবে না (এতে ডিস্ট্রিক্ট কম্পিউটার নেটওয়ার্ক এবং/অথবা ইন্টারনেট সংযোগ ব্যবহার করার সময় তাদের ব্যক্তিগত ফাইল, ই-মেইলের কনটেন্ট এবং তাদের অনলাইন কার্যক্রমের রেকর্ডের গোপনীয়তা অন্তর্ভুক্ত, তবে এগুলোর মধ্যেই সীমাবদ্ধ নয়)।

হার্ডওয়্যার ও সফটওয়্যার উভয় ক্ষেত্রেই বোর্ডের বিনিয়োগ যাতে প্রযুক্তির সুবিধা অর্জন করে এবং নেতিবাচক পার্শ্ব প্রতিক্রিয়া রোধ করে সেজন্য আরো সুরক্ষা ব্যবস্থা স্থাপন করা হবে। একইভাবে, শিক্ষার্থীদের যথাযথ অনলাইন আচরণ সম্পর্কে শেখানো হবে, যাতে অনলাইনে অন্যদের সাথে যোগাযোগের জন্য সোশ্যাল মিডিয়া ব্যবহার করা অন্তর্ভুক্ত, তবে এর মধ্যেই সীমাবদ্ধ নয়; চ্যাট রুমে বা ব্লগে অন্যান্য ব্যক্তির সাথে ইন্টারঅ্যাক্ট করা; এবং, সাইবার বুলিং কী তা সনাক্ত করা, সাইবার বুলিং বোর্ড নীতির লঙ্ঘন হিসেবে বুঝতে পারা এবং যদি তারা সাইবার বুলিং অনুভব করে তাহলে উপযুক্ত প্রতিক্রিয়া শিখতে হবে।

নীতি 7540 – প্রযুক্তি

উৎপীড়ন নীতি

ডিস্ট্রিক্টের নীতি হল এর সকল শিক্ষার্থীর জন্য নিরাপদ ও পরিচর্যামূলক শিক্ষার পরিবেশ এবং এর কর্মচারীদের জন্য সমান নিরাপদ এবং মিশন-চালিত পরিবেশ সরবরাহ করা। নীতিটি অনুমোদিত আচরণের জন্য বিষয় বা অনুপ্রেরণা নির্বিশেষে ব্যক্তিদের উৎপীড়ন ও আক্রমণাত্মক আচরণ থেকে রক্ষা করার উদ্দেশ্যে করা হয়েছে। নীতিটি যেকোনো ডিস্ট্রিক্ট সম্পত্তিতে সকল কার্যক্রমের জন্য প্রযোজ্য এবং ডিস্ট্রিক্ট সম্পত্তিতে অথবা বাইরে সকল ডিস্ট্রিক্ট-স্পনসরকৃত কার্যক্রমের ক্ষেত্রে প্রযোজ্য।

বোর্ড সদস্য, মা-বাবা, অতিথি, ঠিকাদার, ভেন্ডর ও স্বেচ্ছাসেবীসহ শিক্ষার্থী, কর্মী বা তৃতীয় পক্ষের দ্বারা কর্মী, শিক্ষার্থী বা ডিস্ট্রিক্টের অন্যান্য সদস্যদের প্রতি উৎপীড়ন, সাইবার-বুলিং বা অন্যান্য আক্রমণাত্মক আচরণ কঠোরভাবে নিষিদ্ধ। এই নিষেধাজ্ঞার মধ্যে লিখিত, শারীরিক, মৌখিক বা ইলেকট্রনিক যোগাযোগ অন্তর্ভুক্ত রয়েছে, যার মধ্যে রয়েছে হেজিং, অঙ্গভঙ্গি, মন্তব্য, হুমকি বা কর্মকাণ্ড যা শারীরিক ক্ষতি বা হুমকি, ব্যক্তিগত সুরক্ষার জন্য যুক্তিসঙ্গত ভয় বা ব্যক্তিগত অবক্ষয়ের কারণ। উপযুক্ত আচরণ প্রদর্শন, অন্যদের সাথে সভ্যতা ও শ্রদ্ধার সাথে আচরণ করা এবং হয়রানি বা উৎপীড়ন সহ্য করতে অস্বীকার করা সমগ্র ডিস্ট্রিক্ট কমিউনিটির সদস্যদের কাছ থেকে শিক্ষার্থীদের আচরণের জন্য ইতিবাচক উদাহরণ সরবরাহ করা প্রত্যাশিত।

আরো রিসোর্সের জন্য, ভিজিট করুন www.stopbullying.gov

নীতি 5517.01 – উৎপীড়ন এবং অন্যান্য আক্রমণাত্মক আচরণ

ইতিবাচক আচরণগত মধ্যস্থতা ও সহায়তা (PBIS)

ইতিবাচক আচরণ বিকাশের উদ্দেশ্যে, স্কুল পুরো স্কুলবর্ষ জুড়ে স্কুল চলাকালীন এবং/অথবা পরে শিক্ষার্থীদের জন্য প্রতিরোধ ও মধ্যস্থতা সহায়তা সেবা সরবরাহ করে, ডিস্ট্রিক্ট PBIS (ইতিবাচক আচরণগত মধ্যস্থতা ও সহায়তা)-এর স্কুলব্যাপী বাস্তবায়নকে সমর্থন করে।

যখন কোনো শিক্ষার্থী কোনো ভুল করে, তখন স্কুল সিদ্ধান্ত নেবে যে কিভাবে তাদের সহায়তা করা হবে। তারা শিক্ষার্থী কী করেছে তা দেখবে এবং পরেরবার তাদের শিখতে এবং ভালো কিছু করতে সাহায্য করার সর্বোত্তম উপায়টি বেছে নিবে। স্কুল, শিক্ষার্থীকে যে সহায়তা দেয় তার উপর নজর রাখবে, এমনকি যদি তাদের কিছু সময়ের জন্য স্কুল থেকে স্থগিতও করতে হয়।

সঠিক সাহায্য ও সহায়তা ব্যবহার করে, স্কুল নিশ্চিত করতে চায় যে শিক্ষার্থী ভবিষ্যতে যেন ভালো আচরণ করে। এটি স্কুলকে সবার জন্য আরো আনন্দের এবং আরো ইতিবাচক জায়গা করে তুলবে। তারা যে সাহায্য করে তার মধ্যে তালিকা থেকে বিভিন্ন জিনিস অন্তর্ভুক্ত থাকতে পারে, অথবা কখনও কখনও শিক্ষার্থীর কী প্রয়োজন তার উপর নির্ভর করে বিভিন্ন উপায়ের সংমিশ্রণও অন্তর্ভুক্ত থাকতে পারে।

মধ্যস্থতা, সহায়তা ও শাস্তিমূলক ব্যবস্থা

এই কৌশল ও মধ্যস্থতা প্রায়শই স্কুল-ভিত্তিক এবং বিস্তৃত কমিউনিটির মধ্যে সহায়তা কর্মীদের সম্পৃক্ত করে এবং মধ্যস্থতার সফল শিক্ষা ও ধারাবাহিকতা নিশ্চিত করতে এবং শিক্ষার্থীর অনুপযুক্ত বা বিঘ্নকারী আচরণে অবদান রাখে এমন অবস্থা পরিবর্তন করার জন্য শিক্ষার্থীর সহায়তা সিস্টেমকে সম্পৃক্ত করার লক্ষ্যে কাজ করে।

A লঙ্ঘন-কৌশল ও মধ্যস্থতা (A লঙ্ঘনের প্রথম তিনবার এবং 1 রেফারেলটির আগে ব্যবহারের জন্য ক্লাসরুম কৌশল)	
• শিক্ষার্থীদের পুনঃনির্দেশ করতে সংকেত এবং অমৌখিক সংকেত ব্যবহার • ক্লাসের মধ্যে নিরাপদ স্থান তৈরি ➢ শিক্ষার্থীদের ন্যূনতম উদ্দীপক (বিভ্রান্তি) সহ কাজ করার জন্য স্থান সরবরাহ ➢ টাইম আউটের জন্য নিরাপদ স্থান তৈরি ➢ একটি "শান্ত এলাকা" তৈরি করা যেখানে শিক্ষার্থীরা উত্তেজনা হ্রাস করতে যেতে পারে • শিক্ষার্থী সম্পৃক্ততা কার্যক্রম-যখন আপনি লক্ষ্য করেন যে তারা উত্তেজিত হচ্ছে তখন একজন শিক্ষার্থীকে কোনো কাজে প্রেরণ • শান্ত ক্লাসরুম-মননশীল কার্যক্রম • সম্মান প্রত্যাশা-শিক্ষার্থীর চরিত্রের বৈশিষ্ট্য পাঠ/অঙ্গীকার কার্ড • বাড়ির সাথে দৈনিক/সাপ্তাহিক যোগাযোগ • সানফোর্ড হারমোনি: সামাজিক সংবেদনশীল শিখন পাঠ • শিক্ষার্থী স্ব-নিরীক্ষণ • পুনরুদ্ধারমূলক অনুশীলন (কার্যকরী বিবৃতি/প্রশ্ন, সার্কেল, ন্যায্য প্রক্রিয়া, আনুষ্ঠানিক কনফারেন্স)	• আচরণ ও মৌখিক সংশোধন সম্পর্কিত দৈনিক অগ্রগতি শীট • মনে করানো এবং পুনর্নির্দেশ (যেমন, ভূমিকা অভিনয়) • বন্ধু শিক্ষক ব্যবস্থা চালু করা • ভাবনা/প্রতিফলন শিট • ক্লাস সদাচরণ মতামতে সুযোগ-সুবিধার মূল্যায়ন • বিকল্প আসন • স্কুল স্বেচ্ছাসেবী হিসেবে কাজ করার জন্য মা-বাবাকে আমন্ত্রণ • চেক-ইন চেক-আউট স্কুল • PBIS রিওয়ার্ড • মেন্টরিং কর্মসূচি/সহপাঠি আপোষ • মা/বাবার সাথে যোগাযোগ/রিসোর্স • কনফারেন্স • বিরোধ নিষ্পত্তি • CHAMPS-ক্লাসরুম ব্যবস্থাপনা কৌশল • নিয়ম ও প্রত্যাশা শেখানো/পুনরায় শেখানো

A লঙ্ঘন কৌশল ও মধ্যস্থতার পাশাপাশি, B লঙ্ঘন কৌশল ও মধ্যস্থতা স্কুল প্রশাসনকে সম্পৃক্ত করতে পারে এবং শিক্ষার্থীকে স্কুলে রাখার লক্ষ্যে আচরণের গুরুতরতা সম্পর্কে শিক্ষার্থীকে শিখিয়ে আচরণ সংশোধন করার উদ্দেশ্যে কাজ করতে পারে।

B লঙ্ঘন-কৌশল ও মধ্যস্থতা (সহায়তা কর্মী এবং প্রশাসনিক প্রতিক্রিয়া)	
• কাঠামোবদ্ধ বিরতি • কাউন্সেলর রেফারেল • স্কুলের সৌন্দর্যবর্ধন • দৈনিক/সাপ্তাহিক অগ্রগতি প্রতিবেদন • স্ব-নিরীক্ষণ পরিকল্পনা • সামাজিক মানসিক শিখন (SEL) পাঠ • সম্মান প্রত্যাশা পাঠ • চেক ইন/চেক আউট • ছোট গ্রুপ কাউন্সেলিং/SSW • স্কুল মধ্যস্থতা পরিকল্পনা • স্কুল কাউন্সেলর/সোশ্যাল ওয়ার্কারের কাছে রেফারেল • আচরণগত মানসিক স্বাস্থ্য রেফারেল • পুনরুদ্ধারমূলক অনুশীলন	• পুনরুদ্ধার (আর্থিক বা সেবা-ভিত্তিক) • বিরোধ নিষ্পত্তি • শান্ত ক্লাসরুম মননশীল কার্যক্রম • সহপাঠী আপোষ • আচরণ পুনরুদ্ধারমূলক চুক্তি • সমস্যা সমাধানকারী দলে রেফারেল • মেন্টরিং কর্মসূচি • লাঞ্চ ডিটেনশন • সময়সূচী বা ক্লাসে পরিবর্তন • কনফারেন্স • সুবিধা হ্রাস • ইন-স্কুল/স্কুল পরবর্তী কর্মসূচি • পুনরুদ্ধারমূলক অনুশীলন

A ও B লঙ্ঘন কৌশল ও মধ্যস্থতার পাশাপাশি; C লঙ্ঘন কৌশল ও মধ্যস্থতায় স্কুল কমিউনিটি থেকে দূরে রাখা অন্তর্ভুক্ত থাকতে পারে, কারণ আচরণটি কমিউনিটির উপর প্রভাব ফেলেছে। কোনো শিক্ষার্থীকে স্কুল থেকে অপসারণ করা আমাদের সর্বশেষ উপায় হওয়া উচিত যখন তারা দুর্ব্যবহার করে এবং আমাদের অবশ্যই তাদের পরে স্কুলে ফিরে আসতে সাহায্য করার জন্য পরিকল্পনা থাকতে হবে।

C লঙ্ঘন-কৌশল ও মধ্যস্থতা (রেফারেল প্রতিক্রিয়া)	
• আচরণ পুনরুদ্ধারমূলক চুক্তি • শিক্ষার্থী সুরক্ষা পরিকল্পনা • মা/বাবার সাথে যোগাযোগ/রিসোর্স • কনফারেন্স • বিরোধ নিষ্পত্তি • পুনরুদ্ধারমূলক অনুশীলন (কার্যকরী বিবৃতি/প্রশ্ন, সার্কেল, ন্যায্য প্রক্রিয়া, আনুষ্ঠানিক কনফারেন্স) • কার্যকরী আচরণ মূল্যায়ন অথবা আচরণগত মধ্যস্থতা পরিকল্পনা • উপযুক্ত কমিউনিটি সংস্থার কাছে রেফারেল • প্রযোজ্যক্ষেত্রে ক্রেডিট পুনরুদ্ধার প্রোগ্রামে রেফারেল • রূপান্তর পরিকল্পনা • PBIS পরিকল্পনা তৈরি বা সংশোধন	• সমস্যা সমাধানকারী দলের পরিকল্পনার উন্নয়ন বা সংশোধন • কাউন্সেলিং/SSW/অথবা উপযুক্ত কমিউনিটি সংস্থার কাছে রেফারেল • শিক্ষার্থীকে কালচার লিডারশিপ টিম (CLT) এ রেফার করা • শিক্ষার বিকল্প প্লেসমেন্ট বা শিক্ষার বিকল্প সেটিং • লাঞ্চ ডিটেনশন • কার্যকরী আচরণ মূল্যায়ন অথবা আচরণগত মধ্যস্থতা পরিকল্পনা • আনুষ্ঠানিক কনফারেন্স • বোর্ডের নীতিমালায় উল্লেখকৃত কিছু অপরাধের জন্য স্থায়ী বহিষ্কার • শিক্ষার বিকল্প প্লেসমেন্ট বা শিক্ষার বিকল্প সেটিং

সোশ্যাল ওয়ার্কার/স্কুল কাউন্সেলর কৌশল ও মধ্যস্থতা	
(কৌশলগত লক্ষ্য, রেফারেল) • ছোট গ্রুপ সেশন (6-8 জন শিক্ষার্থী) • চেক ইন/চেক আউট • স্টেকহোল্ডারদের সাথে পরামর্শ • স্টেকহোল্ডারদের সাথে সহযোগিতা • মূল্যায়ন ও পরামর্শ • ক্রেডিট পুনরুদ্ধার পরিকল্পনা • লক্ষ্য নির্ধারণ • সহপাঠী আপোষ • গঠনমূলক চক্র	স্তর 3 (ব্যক্তিগত, নিবিড়, সংকটে সাড়াদান) • স্বল্পমেয়াদী কাউন্সেলিং/SSW • হুমকি মূল্যায়ন • আত্মহত্যার ঝুঁকি মূল্যায়ন • সংকট ব্যবস্থাপনা • 508/IEP পরামর্শ • সুরক্ষা পরিকল্পনা • কমিউনিটি ভিত্তিক রেফারেল

D লঙ্ঘন শিক্ষার্থীদের ও কমিউনিটির উপর প্রভাবের কারণে কোনো শিক্ষার্থীকে স্কুলের পরিবেশ থেকে অপসারণের সাথে সংশ্লিষ্ট হতে পারে। এগুলোর মধ্যে অস্থায়ী প্লেসমেন্টে শিক্ষার্থীর প্লেসমেন্ট অন্তর্ভূক্ত থাকতে পারে যা ইতিবাচক আচরণ বিকাশের জন্য নিরাপদ পরিবেশ এবং অতিরিক্ত সহায়তা সরবরাহ করে। এই মধ্যস্থতাগুলো স্কুল কমিউনিটির সুরক্ষা বজায় রাখার দিকে মনোনিবেশ করে এবং ইতিবাচক কমিউনিটি অংশগ্রহণে শিক্ষার্থীকে উৎসাহিত ও পুনঃসম্পৃক্ত করে। অপসারণ পরিণতির শেষ অবলম্বন হওয়া উচিত এবং শিক্ষার্থীর জন্য পুনরায় প্রবেশের জন্য পরিকল্পনা সরবরাহ করতে হবে।

মধ্যস্থতা, সহায়তা এবং শাস্তিমূলক ব্যবস্থা বাস্তবায়ন

মধ্যস্থতা এবং শাস্তিমূলক ব্যবস্থা প্রযোজ্য হয়, এটি সর্বদা:

- অভিযোগ বা অপরাধের প্রমাণের উপর নির্ভর করবে।
- কর্মের গুরুতরতা এবং শৃঙ্খলার তীব্রতার মধ্যে যুক্তিসঙ্গত ও যৌক্তিক সম্পর্ক থাকবে।
- এর অভিপ্রায় হবে গঠনমূলক।
- বয়স, শিক্ষার্থীর অভিপ্রায় এবং তাদের অতীত রেকর্ডের মতো বিষয় বিবেচনা করতে হবে।
- ইতিবাচক সহায়তা কৌশল ব্যবহার এবং স্কুলের শিক্ষার্থী সহায়তা রিসোর্স ব্যবহার বিবেচনা করতে হবে; এবং
- যথাযথ প্রক্রিয়া নিশ্চিত করে ডিস্ট্রিক্ট নীতি মানতে হবে, বিশেষত অপসারণের বিষয় বিবেচনা করার সময়। (যথাযথ প্রক্রিয়া 5611 নং নীতি দেখুন)

শিক্ষক বা স্কুল নেতাদের যখন কোনো শিক্ষার্থীর আচরণে সাহায্য করার প্রয়োজন হয়, তখন তাদের অবশ্যই নির্দিষ্ট পদক্ষেপ অনুসরণ করতে হবে। কী ঘটেছিল এবং শিক্ষার্থীকে সাহায্য করার জন্য তারা কী করেছিল সেটি তারা লিখে রাখবে। প্রয়োজনে তারা শিক্ষার্থীর বাবা/মা বা অভিভাবকের সঙ্গে ফোনে কথা বলার চেষ্টা করবেন। যদি ফোনে তাদের সাথে যোগাযোগ করতে না পারে তাহলে শিক্ষার্থীর কাছে বাড়িতে নোট পাঠাবে অথবা একদিনের মধ্যে ডাকযোগে পাঠাবে। এইভাবে, সবাই জানতে পারবে কী ঘটেছে এবং শিক্ষার্থীকে সাহায্য করার জন্য কী করা হচ্ছে।

স্কুলে কিছু ঘটলে শিক্ষার্থী তার মা/বাবা বা অভিভাবককে এটি সম্পর্কে বলবে। কী ঘটেছিল সে সম্পর্কে স্কুল তাকে কোনো নোট বা চিঠি দিলে সেটিও দেবে। এইভাবে, সবাই অবগত থাকবে এবং জানবে কী ঘটছে।

দ্রষ্টব্য: **পরিণতি নির্ধারণ করার সময় কর্মীরা শিক্ষার্থীর বয়স ও গ্রেড বিবেচনা করবে। কিন্ডারগার্টেন K-2 গ্রেড-এর শিক্ষার্থীদের জন্য যেকোনো ধরনের স্থগিতকরণ এড়িয়ে চলুন। আচরণবিধিতে উল্লেখকৃত বিভিন্ন মধ্যস্থতা এবং সহায়তা ব্যবহার করুন। 3-5 গ্রেডের জন্য পরিণতি নির্ধারণ করার সময় শিক্ষার্থীরা আচরণবিধিতে উল্লেখকৃত বিভিন্ন মধ্যস্থতা এবং সহায়তা ব্যবহার করুন এবং স্থগিতকরণ সীমাবদ্ধ করুন।**

বিকল্প শাস্তিমূলক ব্যবস্থা

স্কুল কীভাবে অসদাচরণ ব্যবস্থাপনা করতে পারে তার কয়েকটি উদাহরণ নিচে দেওয়া হল। আপনার স্কুল কীভাবে এই পরিস্থিতি মোকাবেলা করে সে সম্পর্কে আপনি যদি আরো জানতে চান তাহলে আপনি আপনার স্কুলের অধ্যক্ষ, সহকারী অধ্যক্ষ অথবা ডিনের সাথে কথা বলতে পারেন।

- **স্কুলের আগে/পরে ডিটেনশন -** প্রযোজ্য ক্ষেত্রে নির্দিষ্ট সময়ের জন্য নিয়মিত স্কুল দিবসের শুরুতে বা শেষে ক্যাম্পাসের নির্দিষ্ট স্থানে অ্যাসাইনমেন্ট।

- **সহশিক্ষা অংশগ্রহণ –** ডিস্ট্রিক্ট এবং স্কুল-ব্যাপী প্রত্যাশা মেনে না চলা শিক্ষার্থীরা স্কুল-পরবর্তী ইভেন্টে অংশ নিতে পারবে না।

- **নেটওয়ার্ক/ইন্টারনেট স্থগিতকরণ -** কিছু প্রযুক্তি-ভিত্তিক লঙ্ঘনের ফলে নেটওয়ার্ক এবং/অথবা ইন্টারনেট অ্যাক্সেস স্থগিত হতে পারে। বিকল্প শিক্ষামূলক উপকরণ সরবরাহ করা হতে পারে।

- **ক্ষতিপূরণ -** যদি শিক্ষার্থী বিদ্যালয়ের সম্পত্তি বিকৃতি বা ধ্বংসের সাথে জড়িত থাকে, তাহলে সরঞ্জাম/জিনিস প্রতিস্থাপন বা মেরামত করার জন্য শিক্ষার্থী/পরিবারকে অর্থ প্রদানের জন্য দায়বদ্ধ করা হবে।

- **সুরক্ষা সংক্রান্ত বদলি–**স্কুলে কোনো শিক্ষার্থীর উপস্থিতির কারণে শিক্ষার্থী, কর্মী বা অন্যদের সুরক্ষার জন্য বৈধ উদ্বেগ প্রদর্শন করে এমন যুক্তিসঙ্গত প্রমাণ থাকলে, এমন ক্ষেত্রে, ডিস্ট্রিক্ট বিকল্প ক্যাম্পাসে সুরক্ষা সংক্রান্ত বদলি অনুরোধ করার জন্য আচরণবিধির অফিসের সাথে যোগাযোগ করুন। সুরক্ষা সংক্রান্ত বদলি অবশ্যই আচরণবিধির অফিস এবং সুপারইন্টেনডেন্ট কর্তৃক অনুমোদিত হতে হবে।

- **স্কুলের সৌন্দর্যবর্ধন -** রাসায়নিক ব্যবহার ছাড়াই কোনো স্থান পরিষ্কার করতে সহায়তা করা।

- **স্কুল বাস স্থগিতকরণ অথবা বাতিলকরণ -** যদি কোনো শিক্ষার্থী স্কুল বাসের নিয়ম না মেনে চলে তাহলে তাকে কিছু সময়ের জন্য বাসে চড়তে দেওয়া হবে না। একে "বাস স্থগিতকরণ" বলে। এটি স্কুলে সমস্যায় পড়ার চেয়ে আলাদা। যদি কোনো শিক্ষার্থী বাসে চড়তে না পারে, তবুও তাদের যথারীতি স্কুলে আসতে হবে। যদি এই সম্পর্কে আপনার কোনো প্রশ্ন থাকে অথবা এটি যদি অন্যায্য হয়, তাহলে আপনি সহায়তা ও তথ্যের জন্য অফিস অফ ইক্যুইটি অ্যান্ড ফ্যামিলি/কমিউনিটি এনগেজমেন্টকে জিজ্ঞেস করতে পারেন।

  যদি কোনো শিক্ষার্থীকে স্থগিত করা হয় (স্কুলের বাইরে স্থগিতকরণ) অথবা স্কুল বাস থেকে বহিষ্কার করা হয়, তাহলে তাদের বাসে ওঠা অনুমোদিত নয়। যদি কেউ অনুমতি ছাড়া বাসে ওঠার চেষ্টা করে তাহলে এটি অনধিকার প্রবেশের মতোই নিয়মের পরিপন্থী। এটি করার জন্য তারা সমস্যায় পড়তে পারে এবং গ্রেপ্তার হতে পারে। এই নিয়মটি স্কুল-পরবর্তী ক্লাব বা খেলাধুলার মতো সহশিক্ষা কার্যক্রমেও প্রযোজ্য। নিয়ম মেনে চলা এবং ঝামেলা থেকে দূরে থাকা গুরুত্বপূর্ণ।

অতিরিক্ত নোট:

- **অধ্যক্ষ যদি মনে করেন যে কোনোকিছু স্কুলকে অনিরাপদ করে তুলছে, তাহলে শৃঙ্খলার জন্য তাকে বিভিন্ন নিয়ম ব্যবহার করতে হতে পারে। তবে এটি করার আগে, তাকে সুপারইন্টেনডেন্ট বা তার মনোনীত ব্যক্তির কাছ থেকে অনুমতি নিতে হবে।**

- যদি কোনো স্কুল প্রশাসক যে স্কুলে কাজ করেন সেখানেই তার নিজের সন্তান পড়াশুনা করেন, তাহলে অন্য কেউ সেই সন্তানের জন্য প্রয়োজনীয় যেকোনো শৃঙ্খলামূলক ব্যবস্থা পরিচালনা করবে। এইভাবে, সবকিছু ন্যায্য থাকে এবং কেউ বিশেষ সুবিধা পায় না।

- **কোনো শিক্ষার্থী যাকে স্কুল থেকে স্থগিত বা বহিষ্কার করা হয়েছে, সে যদি প্রবেশ করার অনুমতি ছাড়াই ডিস্ট্রিক্টের কোনো সম্পত্তিতে প্রবেশ করে, তাহলে তাকে অনধিকার প্রবেশ হিসেবে বিবেচনা করা হবে এবং যথারীতি বের করে দেওয়া হবে।**

প্রশাসনিক বদলি

যদি উপরে উল্লেখকৃত বিকল্পগুলো কার্যকর না হয়, তাহলে স্কুল শিক্ষার্থীকে ডেট্রয়েট পাবলিক স্কুলস কমিউনিটি ডিস্ট্রিক্ট (DPSCD)-এর মধ্যে কোনো পৃথক স্কুল ভবন অথবা বিশেষ প্রোগ্রামে যাওয়ার জন্য অনুরোধ করার সিদ্ধান্ত নিতে পারে। একে বলা হয় "প্রশাসনিক বদলি"।

স্কুল শিক্ষার্থীদের তাদের বর্তমান স্কুলে থাকতে সাহায্য করার জন্য একাধিক বিভিন্ন কৌশল চেষ্টা করবে, তবে কখনও কখনও, বিশেষ পরিস্থিতিতে অন্য জায়গায় ভিন্ন পদ্ধতির প্রয়োজন হতে পারে। অধ্যক্ষ প্রশাসনিক বদলির অনুরোধ করার সিদ্ধান্ত নিতে পারেন যদি সুরক্ষা, উৎপীড়ন সম্পর্কে উদ্বেগ থাকে, অথবা যদি শিক্ষার্থী উন্নতির লক্ষণ না দেখিয়ে অনেকবার নিয়ম ভঙ্গ করে থাকে।

প্রশাসনিক বদলির অনুরোধ শুরু করার জন্য, স্কুলের অধ্যক্ষ তার সহকারী সুপারইন্টেনডেন্টের কাছে প্রশাসনিক বদলির জন্য অনুরোধের ডকুমেন্ট জমা দেবেন। প্রশাসনিক বদলির অপশনগুলোর মধ্যে রয়েছে: স্কুল সেমিস্টারের বাকি সময়ের জন্য অন্য স্কুল সেটিংয়ে তালিকাভুক্তি, স্কুল বর্ষের বাকি সময়ের জন্য অন্য স্কুল সেটিংয়ে তালিকাভুক্তি, বা প্রেরণকারী স্কুলের সর্বোচ্চ গ্রেড লেভেলের বাকি সময়ের জন্য অন্য স্কুল সেটিংয়ে তালিকাভুক্তি।

সহকারী সুপারইন্টেনডেন্ট প্রশাসনিক বদলির অনুরোধ পর্যালোচনা করবেন এবং এরপর অবশ্যই অনুমোদন বা প্রত্যাখ্যান করতে হবে। যদি অনুরোধ সহকারী সুপারইন্টেনডেন্ট কর্তৃক অনুমোদিত হয় তাহলে এটি চূড়ান্ত সিদ্ধান্তের জন্য আচরণবিধি অফিসে (কোড অফিস) পাঠানো হয়। ন্যায়সঙ্গত, সুষ্ঠু ও স্বচ্ছ প্রক্রিয়া নিশ্চিত করার জন্য, সকল প্রশাসনিক বদলি অবশ্যই আচরণবিধির অফিসের মাধ্যমে চূড়ান্ত অনুমোদন পেতে হবে।

প্রশাসনিক বদলির জন্য অধ্যক্ষ কর্তৃক সুপারিশকৃত একজন শিক্ষার্থী প্লেসমেন্ট সম্পূর্ণ না হওয়া পর্যন্ত মেকআপ কাজ করার অধিকার রাখে। শিক্ষার্থী আচরণবিধি অফিস কর্তৃক গ্রহণকারী স্কুলে প্রশাসনিক বদলি চূড়ান্ত না হওয়া পর্যন্ত শিক্ষার্থীকে প্রেরণকারী স্কুলে ভর্তি থাকতে হবে।

A লঙ্ঘন

শিক্ষার্থীদের শেখার উপযোগী পরিবেশে কাজ করার সুযোগ সরবরাহ করা নিশ্চিত করার জন্য, ক্লাসরুম ব্যবস্থাপনা প্রত্যাশার মাধ্যমে A লঙ্ঘন মোকাবেলা করা প্রয়োজন। সুতরাং, প্রথম রেফারেল আগে, একই A লঙ্ঘনের তিনবার (3) ঘটার প্রমাণ থাকতে হবে। স্কুল প্রতিটি লঙ্ঘনের জন্য লিখিত সতর্কতার কাগজ থাকা এবং ক্লাস/স্কুলের নিয়ম স্পষ্টভাবে প্রতিষ্ঠিত হয়েছে তা নিশ্চিত করবে। PowerSchool-এ সকল কৌশল ও মধ্যস্থতা নথিভুক্ত করুন।

সতর্কতা সংক্রান্ত নথিপত্রে যা উল্লেখ থাকবে সেগুলো অন্তর্ভুক্ত তবে এগুলোর মধ্যেই সীমাবদ্ধ নয়:

1. শিক্ষার্থী, মা/বাবা (প্রয়োজনে ফোনের মাধ্যমে), গাইডেন্স কাউন্সেলর/সমাজকর্মী ও শিক্ষকের সাথে ওয়ান-অন-ওয়ান কনফারেন্স।
2. শিক্ষার্থী, মা-বাবা গাইডেন্স কাউন্সেলর/সমাজকর্মী ও শিক্ষকের সাথে ওয়ান-অন-ওয়ান নথিভুক্ত কনফারেন্স।
3. ৩য় বার ঘটার ক্ষেত্রে এর পূর্ববর্তী ঘটনাগুলো ও মধ্যস্তুতা কৌশলগুলোর লিখিত নথিপত্রসহ প্রশাসনে প্রথম রেফারেল হিসেবে লঙ্ঘন লিখিত হওয়া আবশ্যক।

A01 নির্দেশাবলী অনুসরণে ব্যর্থতা/অবাধ্যতা

নিয়ম মেনে চলতে অস্বীকার করা, জালিয়াতি সহ ভুল বা মিথ্যা তথ্য প্রদান করা এবং স্কুলের সম্পত্তিতে এবং স্কুল ইভেন্টের সময় শিক্ষক, কর্মচারী, স্বেচ্ছাসেবক, অংশীদার এবং পিতা-মাতার কথা না শোনা।

A03 বৈদ্যুতিক যোগাযোগ ডিভাইস ব্যবহার ("ECD") স্মার্ট ফোন, সেলুলার ফোন বা অন্যান্য ডিভাইস স্কুল সম্পত্তিতে থাকাকালীন যা অমনোযোগী করতে পারে

<u>সেকশন A</u>: ভুল সময়ে ফোন, ট্যাবলেট ব্যবহার করা বা গেম খেলা অনুমোদিত নয়। এছাড়াও, কৃত্রিম বুদ্ধিমত্তা (AI) ব্যবহারসহ অনৈতিক উপায়ে বার্তা প্রেরণ বা গ্রহণে ব্যক্তিগত ডিভাইস ব্যবহারের অনুমতি নেই। <u>সেকশন B</u>: অনুপযুক্ত ছবি তুলতে বা ভিডিও করতে, শেয়ার বা প্রকাশ করতে ডিভাইস ব্যবহার করা অনুমোদিত নয়। এর মধ্যে রয়েছে মারামারি বা গ্যাঙ্গাম। স্কুলের ডিভাইস ব্যবহার করে বা স্কুলের ইভেন্টে অশ্লীল ছবি প্রেরণ বা সংরক্ষণ অনুচিত, এর মধ্যে রয়েছে স্কুলের ভূমিতে স্কুলের সম্পত্তি (কম্পিউটার, ডিভাইস, নেটওয়ার্ক বা সার্ভার) ব্যবহার করে টেক্সট ম্যাসেজ বা আইম্যাসেজ, ইমেইল, সোশ্যাল নেটওয়ার্ক ওয়েবসাইট এবং/অথবা অন্য কোনো ইলেক্ট্রনিক উপায়ে যৌন অশ্লীল ছবি (বিশেষত, এমন ছবি যা কোনো তালিকাভুক্ত শিক্ষার্থীর কর্মকাণ্ড চিত্রিত করে না; এমন কর্মকাণ্ড যা হয়রানির উপায় হিসেবে প্রেরণ করা হয়নি) ফরোয়ার্ড করা, পাঠানো, এয়ারড্রপিং, ব্যবহার, শেয়ারিং, দেখা বা দখলে রাখা।

অনুগ্রহ করে লক্ষ্য করুন: যদি ইলেকট্রনিক যোগাযোগ ডিভাইস ব্যবহারের ফলে বিশৃঙ্খলা বিঘ্ন ঘটে, যৌন হয়রানি হয় অথবা বর্তমানে ভর্তি থাকা শিক্ষার্থীর যৌন অশ্লীল ছবি অন্তর্ভুক্ত থাকে, তাহলে C লঙ্ঘন দেখুন। (টাইটেল IX বিভাগ দেখুন)

A04 স্কুলের জিনিস/সরঞ্জামের অননুমোদিত ব্যবহার

শিক্ষক বা অধ্যক্ষের অনুমতি ছাড়া কম্পিউটার ও প্রযুক্তির মতো স্কুলের জিনিস ব্যবহার করা অনুমোদিত নয়। কম্পিউটার নষ্ট করা বা স্কুলের নিয়ম দ্বারা অনুমোদিত নয় এমনভাবে ইন্টারনেট ব্যবহার অনুচিত।

A05 প্রতারণা/একাডেমিক অসদাচরণ

ছাত্রদের প্রতারণা করা, চুরি করা এবং অন্যের কাজ অনুলিপি করা প্রতারণা এবং একাডেমিক অসদাচরণ, এর মধ্যে রয়েছে কৃত্রিম বুদ্ধিমত্তা (AI) এর অননুমোদিত এবং/অথবা অনুপযুক্ত ব্যবহার।

A06 ভালোবাসার অনুপযুক্ত প্রদর্শন

শিক্ষার্থীরা ভালোবাসার স্বেচ্ছায় অনুপযুক্ত প্রদর্শন যেমন চুম্বন এবং/অথবা স্পর্শ ইত্যাদিতে জড়িত থাকতে পারবে না।

A08 ক্লাস বাদ দেওয়া/উদ্দেশ্যহীন ঘোরাফেরা

দায়িত্বে থাকা প্রাপ্তবয়স্কদের অনুমতি ব্যতীত ক্লাস বা অন্যান্য নির্ধারিত এলাকা ত্যাগ করা এবং/অথবা অনুমতি ছাড়া এবং মা/বাবা/অভিভাবক/জরুরি সময়ে যোগাযোগকারী ব্যক্তি ব্যতীত নিয়মিত স্কুল চলাকালীন ক্লাস বা স্কুল প্রাঙ্গন ত্যাগ করা। এর মধ্যে রয়েছে ক্লাস বাদ দেওয়া; হলে বিনা কারণে হলে হাঁটতে থাকা; হল, ক্যাফেটেরিয়া, জিম, বাথরুম বা অনির্ধারিত এলাকায় ঘুরে বেড়ানো।

A09 ড্রেস কোড লঙ্ঘন

ড্রেস কোড/ব্যতিক্রম লঙ্ঘন। (23 পৃষ্ঠায় দেখুন)

A10 ক্লাস/নির্ধারিত শিখন এলাকায় বিশৃঙ্খলা

<u>সেকশন A</u>: এমন আচরণ যা নির্দেশনা এবং শেখার ক্ষেত্রে হস্তক্ষেপ করে, যেমন ক্লাসে চিৎকার করা বা পালাক্রমে কথা বলা, অভদ্র আওয়াজ, অন্যান্য শিক্ষার্থীদের খেপানো বা উত্ত্যক্ত করা, ঠাট্টা করা এবং অন্যান্য অ-শারীরিক যোগাযোগের আচরণ যা শিক্ষাগত প্রক্রিয়া থেকে বিচ্যুত করে। <u>সেকশন B</u>: অত্যধিক বা দীর্ঘস্থায়ী আচরণ যা সরাসরি অন্যের সুরক্ষাকে প্রভাবিত করে যেমন ক্ষতিকারক জিনিস নিক্ষেপ করা (অন্যের দিকে লক্ষ্য করে নয় অথবা শারীরিক যোগাযোগ ছাড়া), টেবিলের উপর চড়ে বসা, সিটে বসতে অস্বীকার করা অথবা সুরক্ষা মহড়ায় ব্যাঘাত ঘটানো।

A11 উগ্রতা

উগ্রতা অর্থ উদ্দেশ্যমূলকভাবে কাউকে আঘাত করার চেষ্টা না করে চিৎকার এবং জোর খাটিয়ে কোনো আচরণ। এটি হতে পারে চারপাশে ঘোরাঘুরি করা, ধাক্কাধাক্কি বা একে অপরকে প্রচুর স্পর্শ করা, তবে এটি উদ্দেশ্য প্রণোদিত বা ক্ষতি করার উদ্দেশ্যে নয়।

A লঙ্ঘনের জন্য ঘটনা প্রতি শাস্তিমূলক ব্যবস্থা

পর্যাপ্ত কর্মী থাকলে স্কুল প্রশাসকরা OSS-কে ISS দিয়ে প্রতিস্থাপন করতে পারেন।

A লঙ্ঘন 1 রেফারেলের আগে, বাস্তবায়িত মধ্যস্থতাসহ একই A লঙ্ঘনের 3 টি নথিভুক্ত ঘটনা থাকতে হবে বাস্তবায়িত হস্তক্ষেপের সাথে একটি লঙ্ঘন।	**1 রেফারেল**	**2 রেফারেল**	**3 রেফারেল**	**4 রেফারেল**
A01 **নির্দেশাবলী অনুসরণে ব্যর্থতা/ অবাধ্যতা**	• মা/বাবার সাথে কনফারেন্স • কার্যকরী বক্তব্য/প্রশ্ন	• মা/বাবার সাথে কনফারেন্স • সংক্ষিপ্ত তাৎক্ষণিক কনফারেন্স	• মা/বাবার সাথে কনফারেন্স • গঠনমূলক সার্কেল • 1 দিন ISS/OSS	• মা/বাবার সাথে কনফারেন্স • আনুষ্ঠানিক কনফারেন্স • আচরণ পুনরুদ্ধারমূলক চুক্তি • 2 দিন OSS
A03 **ইলেকট্রনিক কমিউনিকেশন ডিভাইস বা অন্যান্য ডিভাইসের ব্যবহার যা স্কুলের সম্পত্তিতে থাকাকালীন অমনোযোগী করতে পারে**	• মা/বাবার সাথে কনফারেন্স • কার্যকরী বক্তব্য/প্রশ্ন • ডিভাইসটি জব্দ করা এবং শিক্ষার্থীর কাছে ফেরত দেওয়া	• মা/বাবার সাথে কনফারেন্স • ডিভাইসটি জব্দ করা এবং শুধুমাত্র মা/বাবার কাছে ফেরত দেওয়া • সংক্ষিপ্ত তাৎক্ষণিক কনফারেন্স	• মা/বাবার সাথে কনফারেন্স • ডিভাইসটি বাজেয়াপ্ত করা এবং শুধুমাত্র মা/বাবার কাছে ফেরত দেওয়া • গঠনমূলক সার্কেল • 1 দিন ISS/OSS	• মা/বাবার সাথে কনফারেন্স • ডিভাইসটি জব্দ করা এবং শুধুমাত্র মা/বাবার কাছে ফেরত দেওয়া • পুনরুদ্ধারমূলক অনুশীলন • 2 দিন OSS
A04 **স্কুলের উপকরণ/সরঞ্জামের অননুমোদিত ব্যবহার**	• মা/বাবার সাথে কনফারেন্স • কার্যকরী বক্তব্য/প্রশ্ন	• মা/বাবার সাথে কনফারেন্স • সংক্ষিপ্ত তাৎক্ষণিক কনফারেন্স	• মা/বাবার সাথে কনফারেন্স • গঠনমূলক সার্কেল • 1 দিন ISS/OSS	• আনুষ্ঠানিক কনফারেন্স • আচরণ পুনরুদ্ধারমূলক চুক্তি • 2 দিন OSS
A05 **প্রতারণা/একাডেমিক অসদাচরণ**	• মা/বাবার সাথে কনফারেন্স • কার্যকরী বক্তব্য/প্রশ্ন	• মা/বাবার সাথে কনফারেন্স • সংক্ষিপ্ত তাৎক্ষণিক কনফারেন্স	• মা/বাবার সাথে কনফারেন্স • গঠনমূলক সার্কেল • 1 দিন ISS/OSS	• আনুষ্ঠানিক কনফারেন্স • 2 দিন OSS
A06 **ভালোবাসার অনুপযুক্ত প্রদর্শন**	• মা/বাবার সাথে কনফারেন্স • কার্যকরী বক্তব্য/প্রশ্ন	• মা/বাবার সাথে কনফারেন্স • সংক্ষিপ্ত তাৎক্ষণিক কনফারেন্স	• মা/বাবার সাথে কনফারেন্স • গঠনমূলক সার্কেল • কাউন্সেলিং/SSW রেফারেল • 1 দিন ISS/OSS	• আনুষ্ঠানিক কনফারেন্স • কাউন্সেলিং/SSW রেফারেল • 2 দিন OSS
A08 **ক্লাস বাদ দেওয়া/ উদ্দেশ্যহীন ঘোরাফেরা**	• মা/বাবার সাথে কনফারেন্স • কার্যকরী বক্তব্য/প্রশ্ন	• মা/বাবার সাথে কনফারেন্স • সংক্ষিপ্ত তাৎক্ষণিক কনফারেন্স • CLT রেফারেল	• মা/বাবার সাথে কনফারেন্স • গঠনমূলক সার্কেল • আচরণ পুনরুদ্ধারমূলক চুক্তি • 1 দিন ISS/OSS	• আনুষ্ঠানিক কনফারেন্স • PBIS বা উপস্থিতি টিমে রেফারেল • 2 দিন OSS
A09 **ড্রেস কোড লঙ্ঘন**	• মা/বাবার সাথে কনফারেন্স • কার্যকরী বক্তব্য/প্রশ্ন	• মা/বাবার সাথে কনফারেন্স • সংক্ষিপ্ত তাৎক্ষণিক কনফারেন্স	• মা/বাবার সাথে কনফারেন্স • গঠনমূলক সার্কেল • কাউন্সেলিং/SSW রেফারেল	• আচরণ পুনরুদ্ধারমূলক চুক্তি • আনুষ্ঠানিক কনফারেন্স
A10 **ক্লাস/নির্ধারিত শিখন এলাকায় বিশৃঙ্খলা**	• মা/বাবার সাথে কনফারেন্স • কার্যকরী বক্তব্য/প্রশ্ন	• মা/বাবার সাথে কনফারেন্স • সংক্ষিপ্ত তাৎক্ষণিক কনফারেন্স • কাউন্সেলিং/SSW রেফারেল	• মা/বাবার সাথে কনফারেন্স • আচরণ পুনরুদ্ধারমূলক চুক্তি • গঠনমূলক সার্কেল • 1 দিন ISS/OSS	• আনুষ্ঠানিক কনফারেন্স • 2 দিন OSS
A11 **উগ্রতা**	• মা/বাবার সাথে কনফারেন্স • কার্যকরী বক্তব্য/প্রশ্ন	• মা/বাবার সাথে কনফারেন্স • সংক্ষিপ্ত তাৎক্ষণিক কনফারেন্স	• মা/বাবার সাথে কনফারেন্স • গঠনমূলক সার্কেল • 1 দিন ISS/OSS	• আনুষ্ঠানিক কনফারেন্স • আচরণ পুনরুদ্ধারমূলক চুক্তি • 2 দিন OSS

B লঙ্ঘন

দ্রষ্টব্য: **পরিণতি নির্ধারণ করার সময় কর্মীরা শিক্ষার্থীর বয়স ও গ্রেড বিবেচনা করবে। কিন্ডারগার্টেন গ্রেড-2-এর শিক্ষার্থীদের জন্য যেকোনো ধরনের স্থগিতকরণ এড়িয়ে চলুন। আচরণবিধিতে উল্লেখকৃত বিভিন্ন মধ্যস্থতা এবং সহায়তা ব্যবহার করুন। 3 য়-5 ম গ্রেডের জন্য পরিণতি নির্ধারণ করার সময় শিক্ষার্থীরা আচরণবিধিতে উল্লেখকৃত বিভিন্ন মধ্যস্থতা এবং সহায়তা ব্যবহার করুন এবং স্থগিতকরণ সীমাবদ্ধ করুন।**

B01 আপত্তিকর ভাষা

কঠোর, হিংস্র, অশ্লীল বা অবমাননাকর ভাষা (লিখিত, কথ্য বা অমৌখিক অঙ্গভঙ্গি) যা অন্যের মর্যাদাকে ক্ষুণ্ণ করে। এর মধ্যে রয়েছে, অশ্লীল কথা বলা, গালি দেওয়া, অপমান করা অথবা শিক্ষার্থীদের প্রকাশের অন্যান্য দ্বন্দ্বমূলক উপায়।

B03 নিষিদ্ধ বস্তু দখলে রাখা

D01, D02, ও D03-তে তালিকাভুক্ত বস্তু ব্যতীত অন্য কোনো বস্তু দখলে রাখা, যাতে বিপদ, অবহেলাজনিত ক্ষতি বা শেখার পরিবেশে বিঘ্ন ঘটার সম্ভাবনা রয়েছে। এর মধ্যে রয়েছে বিস্ফোরক ব্যতীত আতশবাজি, মেস, লাইটার/ম্যাচ এবং ওয়াটার গান যা দেখতে বন্দুক/নকল বন্দুকের মতো নয়।

B04 চুরি বা চুরিকৃত সম্পদ গ্রহণ ($100 ডলারের কম)

মালিক বা কাস্টোডিয়ানের অনুমতি ছাড়াই নেওয়া বা নেওয়ার ষড়যন্ত্র করা বা স্কুলের সম্পত্তিতে এবং স্কুলের ইভেন্টের সময় $100-এর কম মূল্যের চুরি হওয়া সম্পত্তি গ্রহণ করা বা দখল করা। এর মধ্যে রয়েছে জাল টাকা কপি বা ব্যবহার করার চেষ্টা বা ব্যবহার।

B05 চাঁদাবাজি

ইচ্ছার বিরুদ্ধে ব্যক্তির কাছ থেকে অর্থ বা সম্পত্তি বা মূল্যবান কিছু গ্রহণ বা কোনো ব্যক্তিকে শারীরিক শক্তি বা ভয় দেখিয়ে (যেমন: সম্মানহানি, সহিংসতা বা সম্পদের ক্ষতি) বা জবরদস্তি করে কাজ করতে বা বিরত থাকতে বাধ্য করা।

B06 সম্পত্তির ক্ষতিসাধন, গ্রাফিটিসহ

অন্য ব্যক্তির বা স্কুলের সম্পত্তির ইচ্ছাকৃত ক্ষতি, ধ্বংস বা বিকৃতিসাধন। অন্য ব্যক্তির বা স্কুলের সম্পত্তির ইচ্ছাকৃত ক্ষতি, ধ্বংস বা বিকৃতিসাধন। এমন কর্মকাণ্ড এর অন্তর্ভুক্ত যা কোনো কিছুর ব্যবহারকে ব্যাহত করে, যেমন ইচ্ছাকৃতভাবে প্ল্যাম্বিং সিস্টেম আটকে দেওয়া অথবা স্কুলের সরঞ্জামের এমন ক্ষতি করা যেক্ষেত্রে মেরামতের প্রয়োজন হয়।

B08 স্কুল কর্মীকে বাধা প্রদান বা ভীতি প্রদর্শন

সহিংসতা, হয়রানি বা ভয় দেখানোর হুমকির মাধ্যমে স্কুল কর্মীদের তাদের আইনী দায়িত্ব পালনে বাধা দেওয়া বা প্রতিরোধ করার চেষ্টা করা।

B09 হয়রানি

- অভিযুক্ত শিক্ষার্থী এবং ভুক্তভোগী যেকোনো শিক্ষার্থীর জন্য সহায়ক ব্যবস্থা গ্রহণ করা আবশ্যক
- হুমকি মূল্যায়ন সম্পাদন করুন - জরুরি অপসারণ প্রয়োজন হতে পারে
- কাউন্সেলিং/SSW রেফারেল

সম্ভাব্য পুনর্বহাল সাপেক্ষে, স্থায়ী বহিষ্কারের অপরাধ

ডিস্ট্রিক্ট পর্যায়ের অপসারণ প্রতিক্রিয়া: অস্থায়ী বহিষ্কার বা বিকল্প প্লেসমেন্ট সুপারিশ বিবেচনার জন্য MI সংশোধিত স্কুল বিধির 7টি নিয়ামক প্রয়োগ করবে।

নাগরিক অধিকার এবং সম্মতি অফিস (CRC) দ্বারা নির্দেশিত না হওয়া পর্যন্ত অন্য কোনো পদক্ষেপ গ্রহণ করবেন না

যথাযথ প্রক্রিয়ার অধিকার

শিক্ষাবোর্ড একজন শিক্ষার্থীর সাংবিধানিক অধিকার রক্ষার গুরুত্ব স্বীকার করে, বিশেষত যখন ডিস্ট্রিক্টের শৃঙ্খলামূলক পদ্ধতির আওতাধীন হয়।

কোনো শিক্ষার্থীকে যথাযথ প্রক্রিয়া সরবরাহ ভালভাবে নিশ্চিত করার জন্য, বোর্ড নিম্নলিখিত নির্দেশনা আরোপ করে:

A. স্বল্পমেয়াদী স্থগিতকরণের আওতাধীন শিক্ষার্থীর ক্ষেত্রে:

জরুরি অপসারণের প্রয়োজন ব্যতীত, একজন শিক্ষার্থীকে অবশ্যই তাদের বিরুদ্ধে অভিযোগের মৌখিক বা লিখিত নোটিশ দিতে হবে এবং স্থগিতাদেশ **বাস্তবায়নের আগে** মতামত জানানোর সুযোগ দিতে হবে। যখন জরুরি অপসারণ কার্যকর করা হয়, নোটিশ ও মতামত জানানোর সুযোগ যুক্তিসঙ্গতভাবে যত তাড়াতাড়ি সম্ভব দিতে হবে। স্বল্পমেয়াদী স্থগিতাদেশ দেওয়ার সিদ্ধান্ত নেওয়ার আগে, অধ্যক্ষ বা অন্যান্য মনোনীত প্রশাসক শিক্ষার্থীকে শুনানির সুযোগ প্রদান করবেন এবং স্থগিতাদেশের সিদ্ধান্ত নেওয়ার জন্য দায়বদ্ধ থাকবেন। স্বল্পমেয়াদী স্থগিতাদেশের বিরুদ্ধে আপিল আচরণবিধি অফিস (কোড অফিস) বরাবর করা যেতে পারে। এই প্রক্রিয়া চলাকালীন অধ্যক্ষের সিদ্ধান্ত বিলম্বিত হবে না।

B. দীর্ঘমেয়াদী স্থগিতকরণ এবং বহিষ্কারের আওতাধীন শিক্ষার্থীর ক্ষেত্রে:

একজন শিক্ষার্থী এবং তার মা-বাবা বা অভিভাবককে স্থগিতকরণ বা বহিষ্কারের অভিপ্রায় ও কারণ সম্পর্কে লিখিত নোটিশ দিতে হবে। বহিষ্কারের ক্ষেত্রে, কোনো শিক্ষার্থী এবং তার মা-বাবা বা অভিভাবককে অবশ্যই অভিযোগ মোকাবেলার জন্য সুপারইন্টেনডেন্ট বা তার মনোনীত ব্যক্তির সামনে হাজির হওয়ার সুযোগ দিতে হবে। শিক্ষার্থী এবং/অথবা তার অভিভাবককে অবশ্যই শিক্ষার্থীর অধিকার এবং শুনানি পদ্ধতির সংক্ষিপ্ত বিবরণ সরবরাহ করতে হবে। বোর্ড দীর্ঘমেয়াদী স্থগিতাদেশের আপিল সম্পর্কিত যেকোনো শুনানিতে সুপারইন্টেনডেন্ট বা তার মনোনীত ব্যক্তিকে প্রতিনিধি হিসেবে মনোনীত করে। বহিষ্কারের জন্য, পুনর্বহালের অনুরোধের জন্য, অথবা অন্য ডিস্ট্রিক্ট থেকে স্থায়ীভাবে বহিষ্কৃত হওয়ার পর ভর্তির অনুরোধ জমাদানের অবগতির পনেরো (15) পঞ্জিকা দিবসের মধ্যে, প্রাপ্ত কোনো আপিলের উপর বোর্ড কাজ করবে, যা অবশ্যই লিখিতভাবে দিতে হবে।

নীতি 5611 – যথাযথ প্রক্রিয়া

স্কুল পর্যায়ের কনফারেন্স, শুনানি এবং বহিষ্কার পর্যালোচনা

কোনো শাস্তিমূলক ব্যবস্থার ফলে কোনো শিক্ষার্থীকে বিকল্প কর্মসূচিতে নিযুক্তের জন্য রেফার করা হতে পারে অথবা বহিষ্কার করা যেতে পারে, **K-5 গ্রেডের ক্ষেত্রে লঙ্ঘনের তিন (3) স্কুল দিনের মধ্যে** এবং **গ্রেড 6-12 এর লঙ্ঘনের পাঁচ (5) স্কুল দিনের মধ্যে** স্কুলে স্কুল পর্যায়ের কনফারেন্স শুরু করতে হবে।

মা/বাবা/অভিভাবক (বা অনুমোদিত প্রতিনিধি) এবং শিক্ষার্থী সকল স্কুল পর্যায়ের কনফারেন্স ও শুনানিতে উপস্থিত থাকবেন বলে আশা করা হচ্ছে। স্কুল প্রশাসক বা মনোনীত ব্যক্তিকে অবশ্যই স্কুল পর্যায়ের শুনানি করতে হবে যদিও কোনো মা/বাবা/অভিভাবক (বা অনুমোদিত প্রতিনিধি) উপস্থিত থাকতে না পারেন অথবা না থাকতে সিদ্ধান্ত নেন। স্কুল প্রশাসককে অবশ্যই মা/বাবা/অভিভাবকের সাথে যোগাযোগের সকল প্রচেষ্টা নথিভুক্ত করতে হবে। মা-বাবা তাদের পছন্দের একজন পরামর্শক দ্বারা প্রতিনিধিত্ব করতে পারেন, যিনি একজন অ্যাটর্নি হতেও পারেন বা নাও হতে পারেন। শিক্ষার্থীর পক্ষে একজন পরামর্শকের উপস্থিতির জন্য মা-বাবার অনুমোদন অবশ্যই স্কুল পর্যায়ের সম্মেলনের সময় বা তার আগে অধ্যক্ষের কাছে লিখিতভাবে দাখিল থাকতে হবে। শুনানিতে শুধুমাত্র মা/বাবা/অভিভাবক বা পরামর্শক শিশুর পক্ষ থেকে কথা বলতে পারেন। স্কুল পর্যায়ের সম্মেলন শুরুর আগে নির্বাচিত বক্তা নির্ধারণ করা হবে।

স্কুল প্রশাসকদের শিক্ষার্থী আচরণবিধি অফিসে সুপারিশ করার ক্ষমতা থাকবে যে কোনো শিক্ষার্থীকে যেখানে উপযুক্ত সেখানে প্রশাসনিক বদলি করা হবে। এই ধরনের অনুরোধে অবশ্যই মূল্যায়ন/পদ্ধতি প্রদর্শন করতে হবে যে, নথিভুক্ত প্রচেষ্টা ও প্রমাণের মাধ্যমে, স্কুল এই সিদ্ধান্তে উপনীত হয়েছে নতুন স্কুল সেটিং ভালো হবে। যেমন, স্কুল বর্তমান প্লেসমেন্টে একজন অতিরিক্ত বয়সের শিক্ষার্থীর প্রভাবের দিকে নজর দিয়েছে, সহপাঠীদের সাথে শিক্ষার্থীর সম্পর্ক, সেটিং পরিবর্তনের প্রয়োজনীয়তা প্রদর্শন করে, অথবা স্পষ্টভাবে নথিভুক্ত কারণে শিক্ষার্থীর নিকটতম স্কুল আর সেই শিক্ষার্থীর পক্ষে নিরাপদ নয়, ইত্যাদি।

যদি স্কুল প্রশাসক বা তার মনোনীত ব্যক্তি অভিযোগকৃত আচরণের লক্ষ্য বস্তু হন, তাহলে অন্য প্রশাসক স্কুল পর্যায়ের কনফারেন্স পরিচালনা করবেন, শিক্ষার্থীকে অভিযোগ সম্পর্কে পরামর্শ দেবেন এবং শৃঙ্খলামূলক সিদ্ধান্ত নেবেন।

স্কুল পর্যায়ের কনফারেন্সে, শিক্ষার্থী ও অভিভাবকদের প্রথমেই আচরণের অভিযোগকৃত লঙ্ঘন সম্পর্কে পুরোপুরি অবহিত করতে হবে এবং তারপরে মামলায় পক্ষ উপস্থাপনের সুযোগ দিতে হবে। স্কুল পর্যায়ের কনফারেন্সের শুরুতে শিক্ষার্থী ও অভিভাবকদের শৃঙ্খলামূলক শুনানিতে শিক্ষার্থী ও অভিভাবকদের অধিকারের কপি দিতে হবে। (*পরিশিষ্ট B* দেখুন) যদি অগ্রহণযোগ্য আচরণের অভিযোগ প্রমাণিত হয়, তাহলে স্কুল প্রশাসক বা মনোনীত ব্যক্তি প্রয়োগের জন্য শাস্তিমূলক ব্যবস্থা নির্ধারণ করবেন।

স্কুল পর্যায়ের কনফারেন্স শেষে প্রশাসক বা মনোনীত ব্যক্তি অভিভাবক ও শিক্ষার্থীকে অভিযোগ ও শাস্তিমূলক ব্যবস্থা সম্পর্কে অবহিত করবেন।

বহিষ্কার পর্যালোচনা প্যানেল মামলাটি অধ্যক্ষের কাছে ফেরত পাঠানো, বিকল্প শিক্ষা কর্মসূচি নির্ধারণ অথবা বহিষ্কার শুনানির জন্য মামলাটি প্রেরণের উদ্দেশ্যে বহিষ্কারের জন্য সুপারিশকৃত শিক্ষার্থীদের বিষয়গুলো পর্যালোচনা করবে।

বহিষ্কারের শুনানি সুপারইন্টেনডেন্টের পক্ষে মনোনীত ব্যক্তি হিসেবে শুনানি কর্মকর্তা কর্তৃক পরিচালিত হয়। মা/বাবা/অভিভাবক (বা অনুমোদিত প্রতিনিধি) এবং শিক্ষার্থীকে অবশ্যই উপস্থিত থাকতে হবে। কোড অফিস মামলা পাওয়ার পর, পর্যালোচনার জন্য উপযুক্ত মনে করলে, এবং মা/বাবাকে ফোন/ও লিখিতভাবে অবগত করার পরে, অযাচিত ঘটনাটি ঘটার দশ (10) দিনের মধ্যে বহিষ্কার শুনানির সময় নির্ধারণ করা হবে। কোড অফিস মা/বাবা/অভিভাবকের সাথে যোগাযোগের সকল প্রচেষ্টা নথিভুক্ত করবে এবং শুনানিতে উপস্থিত না হওয়া পর্যন্ত শিক্ষার্থী স্কুলের বাইরে থাকবে। মা-বাবা তাদের পছন্দের একজন পরামর্শক দ্বারা প্রতিনিধিত্ব করতে পারেন, যিনি একজন অ্যাটর্নি হতেও পারেন বা নাও হতে পারেন। শিক্ষার্থীর পক্ষে একজন পরামর্শকের উপস্থিতির জন্য মা-বাবার অনুমোদন অবশ্যই শুনানির আগে কোড অফিসে কাছে লিখিতভাবে দাখিল থাকতে হবে। শুধুমাত্র মা/বাবা/অভিভাবক বা পরামর্শক শিক্ষার্থীর পক্ষে কথা বলতে পারেন যদি না কোনো নির্বাচিত বক্তা মনোনীত হয়।

শুনানিতে বহিষ্কার পর্যালোচনা প্যানেলের অভিযোগ ও সুপারিশ সম্পর্কে শিক্ষার্থী ও মা-বাবা/অভিভাবকদের পুরোপুরি অবহিত করা হবে। শিক্ষার্থীকে অভিযোগ মোকাবেলা করার এবং তার পক্ষ উপস্থাপনের সুযোগ দেওয়া হয়। শুনানি শেষে, শুনানি কর্মকর্তা সুপারইন্টেনডেন্ট বা তার মনোনীত ব্যক্তিকে তার সিদ্ধান্ত সম্পর্কে জানাবেন। সুপারইন্টেনডেন্ট বা তার মনোনীত ব্যক্তি কর্তৃক শাস্তির জন্য শুনানি কর্মকর্তার সুপারিশ গ্রহণ বা প্রত্যাখ্যান চূড়ান্ত বলে গণ্য হবে।

স্থায়ী বহিষ্কার

(MCL 380.1311)

মিশিগান আইনে নির্দিষ্ট কিছু কাজের জন্য ভবিষ্যতে সম্ভাব্য পুনর্বহাল সাপেক্ষে শিক্ষার্থীকে স্থায়ী বহিষ্কার আবশ্যক। এর মধ্যে রয়েছে বিপজ্জনক অস্ত্র ধারণ, স্কুল ভবনে বা স্কুলের মাঠে অগ্নিসংযোগ অথবা অপরাধমূলক যৌন আচরণ অথবা একই স্কুল ডিস্ট্রিক্টে ভর্তি হওয়া অন্য কোনো শিক্ষার্থীর বিরুদ্ধে অপরাধমূলক যৌন আচরণের জন্য দোষ স্বীকার বা দোষী সাব্যস্ত হওয়া; এবং, গ্রেড 6 এবং তার উপরে শিক্ষার্থীদের ক্ষেত্রে, কোনো কর্মী, স্বেচ্ছাসেবী বা ঠিকাদারকে স্কুলে শারীরিক আক্রমণ করা।

বিপজ্জনক অস্ত্র ধারণের জন্য ডিস্ট্রিক্টের বহিষ্কার করার আবশ্যকতা থাকে না যদি শিক্ষার্থী নিম্নলিখিতের মধ্যে কমপক্ষে একটি স্পষ্ট ও বিশ্বাসযোগ্য উপায়ে প্রতিষ্ঠা করতে পারে:

1. শিক্ষার্থীর সাথে থাকা বস্তু বা যন্ত্রটি অস্ত্র হিসেবে ব্যবহারের উদ্দেশ্যে রাখা হয়নি, অথবা অস্ত্র হিসেবে ব্যবহার করার জন্য অপর ব্যক্তির কাছে সরাসরি বা পরোক্ষভাবে সরবরাহের উদ্দেশ্যে রাখা হয়নি।
2. শিক্ষার্থী অস্ত্রটি জেনেশুনে সাথে রাখেনি।
3. শিক্ষার্থীর সাথে থাকা বস্তু বা যন্ত্রটি যে বিপজ্জনক যন্ত্র হিসেবে গঠিত এটি সে জানতো না অথবা জানার মতো কোনো কারণ ছিলো না।
4. শিক্ষার্থী অস্ত্রটি স্কুল বা পুলিশ কর্তৃপক্ষের পরামর্শ, অনুরোধ, বা নির্দেশনা অথবা প্রকাশ্য অনুমতিতে সাথে রেখেছিলো।

প্রত্যাখানযোগ্য অনুমান আছে যে নিচের উভয়টি পূরণ করা হলে বিপজ্জনক অস্ত্র বহনের জন্য বহিষ্কার আর ন্যায়সঙ্গত থাকে না:

1. ডিস্ট্রিক্ট লিখিতভাবে সিদ্ধান্ত দিয়েছেন যে উপরোক্ত ফ্যাক্টরের (1 - 4) কমপক্ষে একটি (1) স্পষ্ট ও বিশ্বাসযোগ্যভাবে প্রমাণিত হয়েছে, এবং;
2. শিক্ষার্থীর স্থগিতকরণ বা বহিষ্কারের কোনো ইতিহাস নেই।

স্থায়ী বহিষ্কারের পরে পুনর্বহাল

স্থায়ীভাবে বহিষ্কৃত শিক্ষার্থীকে DPSCD-তে ফিরে আসার জন্য অবশ্যই শিক্ষাবোর্ডের পুনর্বহাল শুনানিতে অংশ নিতে হবে।

পুনর্বহালের অনুরোধসহ পিটিশন অবশ্যই শিক্ষার্থী/মা/বাবা/অভিভাবক কর্তৃক পূরণ করতে হবে এবং শিক্ষা বোর্ডের অফিসে প্রেরণ করতে হবে। পিটিশন এবং যেকোনো সহায়ক তথ্য শিক্ষা বোর্ডের পুনর্বহাল পর্যালোচনা প্যানেল ("প্যানেল") কর্তৃক পর্যালোচনা করা হবে। শিক্ষার্থী, মা/বাবা এবং/অথবা অভিভাবক, প্যানেলে উপস্থিত হওয়ার এবং কথা বলার সুযোগ পাবেন।

প্যানেল নিঃশর্ত পুনর্বহাল, শর্তসাপেক্ষ পুনর্বহাল অথবা পুনর্বহালের বিপক্ষে সুপারিশ করতে পারে। যদি শর্তসাপেক্ষে পুনর্বহালের জন্য সুপারিশ করা হয় তাহলে অবশ্যই কোনো প্রস্তাবিত শর্ত অন্তর্ভুক্ত থাকতে হবে। নিচের সকল নিয়ামক বিবেচনার ওপর ভিত্তি করে সুপারিশটি করতে হবে:

a. শিক্ষার্থীর পুনর্বহাল অন্যান্য শিক্ষার্থী বা স্কুল কর্মীদের ক্ষতিগ্রস্ত হওয়ার ঝুঁকি সৃষ্টি করতে পারার সীমা।
b. শিক্ষার্থীর পুনর্বহাল স্কুল বোর্ড অথবা স্কুল ডিস্ট্রিক্ট কর্তৃপক্ষের জন্য স্কুল ডিস্ট্রিক্ট দায়বদ্ধতা অথবা স্বতন্ত্র দায়বদ্ধতার ক্ষতিসাধন করার ঝুঁকি সৃষ্টি করতে পারার সীমা।
c. ব্যক্তির বয়স ও সাবালকত্ব।
d. শিক্ষার্থীকে যে ঘটনাটির কারণে বহিষ্কার করা হয়েছে তার আগের স্কুল রেকর্ড।
e. শিক্ষার্থীকে যে ঘটনাটির কারণে বহিষ্কার করা হয়েছে সেটি সম্পর্কে তার মনোভাব।
f. বহিষ্কারের পরে শিক্ষার্থীর আচরণ এবং তার পুনঃমধ্যস্ততার জন্য প্রত্যাশাগুলো।
g. যদি আবেদনটি কোনো মা/বাবা বা আইনি অভিভাবক কর্তৃক দায়ের করা হয়, তাহলে মা/বাবা বা আইনি অভিভাবক যে মাত্রার সহযোগিতা ও সহায়তা করেছেন এবং যা ব্যক্তি পুনর্বহাল হলে প্রত্যাশা করা যায়, পুনর্বহালের উপর ধার্যকৃত শর্তের গ্রহণযোগ্যতা, এর অন্তর্ভুক্ত তবে এতেই সীমাবদ্ধ নয়।

পরবর্তীতে নির্ধারিত নিয়মিত বোর্ড সভায় একটি সিদ্ধান্তের জন্য প্যানেলের লিখিত সুপারিশটি অবশ্যই সম্পূর্ণ বোর্ডের উদ্দেশ্যে জমা দিতে হবে। যদি শিক্ষার্থীর পুনর্বহাল অনুমোদিত হয়, তাহলে পুনর্বহালের পূর্বে বোর্ড শিক্ষার্থী এবং/অথবা তার মা/বাবা অথবা অভিভাবকের কাছে নির্দিষ্ট শর্তাদিতে সম্মতি চাইতে পারে, যেমন আচরণ চুক্তিতে সম্মতি যা কোনো বাইরের এজেন্সিকে অন্তর্ভুক্ত করতে পারে, রাগ নিয়ন্ত্রণ কর্মসূচি বা অন্যান্য কাউন্সিলিং; নিয়মিত অগ্রগতি পর্যালোচনা, এবং কোনো শর্ত মেনে চলতে ব্যর্থ হলে নির্দিষ্ট, তাৎক্ষণিক পরিণতি, এর অন্তর্ভুক্ত তবে সীমাবদ্ধ নয়। বোর্ডের সিদ্ধান্তই চূড়ান্ত।

পুনঃভর্তি নীতিমালা ও শুনানি

পুনঃভর্তি অনুরোধসহ আবেদনটি অবশ্যই আচরণবিধি অফিসে পাঠাতে হবে। শিক্ষার্থী অস্থায়ী-বহিষ্কার অপরাধের কারণে বহিষ্কৃত থাকা অবস্থায়, পুনঃভর্তি পর্যালোচনা প্যানেল পুনঃভর্তির আবেদনটি পর্যালোচনা করবে। পুনঃভর্তি বিবেচিত এবং/অথবা অনুমোদিত হওয়ার আগে শিক্ষার্থীকে অবশ্যই DPSCD কর্তৃক প্রণীত মানদন্ড পূরণ করতে হবে।

পুনঃভর্তি শুনানি অনুষ্ঠিত হবে যেটি চলাকালে শুনানি কর্মকর্তা শিক্ষার্থীর কথা শুনবেন, আবেদন এবং অন্যান্য তথ্যাদি পর্যালোচনা করবেন, পুনঃভর্তি পর্যালোচনা প্যানেল কর্তৃক উপস্থাপিত প্রমাণ পর্যালোচনা করবেন এবং সিদ্ধান্ত নিবেন। যদি শিক্ষার্থীকে পুনঃভর্তি করার সিদ্ধান্ত নেওয়া হয় তাহলে শিক্ষার্থীর বহিষ্কারের সময়সীমা শেষ হয়ে গেলে অবিলম্বে পুনঃভর্তি করা যেতে পারে। পুনঃভর্তির শর্ত হিসেবে, প্রত্যাশিত আচরণ, উপস্থিতি, ও একাডেমিক অগ্রগতি এবং এগুলো লঙ্ঘনের পরিণতি সংশ্লিষ্ট চুক্তিমূলক সম্মতিতে শিক্ষার্থী, মা/বাবা/অভিভাবক, ও শুনানির কর্মকর্তাকে স্বাক্ষর করতে হতে পারে।

অস্থায়ী-বহিষ্কারের পরে পুনঃভর্তি

DPSCD-এর প্রতিষ্ঠিত শর্ত অনুযায়ী শিক্ষার্থী/মা/বাবা/অভিভাবক অথবা 18 বছর বা তার বেশি বয়সী শিক্ষার্থী পুনঃভর্তির জন্য আবেদন করতে পারে।

আপিল

স্বল্পমেয়াদী স্থগিতকরণ

শিক্ষার্থী স্বল্পকালীন স্থগিতকরণের বিরুদ্ধে আপিল করতে পারে, এই স্থগিতকরণ অধ্যক্ষ/স্কুল পর্যায়ের প্রশাসন কর্তৃক নির্ধারিত হয়। স্বল্পকালীন স্থগিতকরণের আপিল লিখিতভাবে এবং আচরণবিধি অফিস বরাবর করতে হবে।

দীর্ঘমেয়াদী স্থগিতকরণ

শুনানি কর্মকর্তা কর্তৃক প্রণীত দীর্ঘমেয়াদী স্থগিতকরণের ক্ষেত্রে শিক্ষার্থী আপিল করতে পারে। দীর্ঘমেয়াদী স্থগিতকরণের আপিল সম্পর্কিত কোনো শুনানিতে বোর্ড, সুপারইন্টেনডেন্ট বা তার মনোনীত ব্যক্তিকে এটির প্রতিনিধি হিসেবে নিযুক্ত করতে পারে।

পদ্ধতিগত লঙ্ঘন বা উল্লেখযোগ্য লঙ্ঘনের জন্য আপিল করা যেতে পারে। যদি লঙ্ঘনটি ফলাফলের ওপর লক্ষণীয় প্রভাব ফেলে শুধুমাত্র তখনই পদ্ধতিগত ক্ষেত্রে (অর্থাৎ, টাইমলাইন, বিজ্ঞপ্তি, ইত্যাদি) মঞ্জুর করা হবে। নির্ধারিত সময়সীমা থেকে সামান্য দেরি যদি কোনো প্রভাব না ফেলে, তাহলে সেক্ষেত্রে আপিল গ্রহণযোগ্য হবে না। প্রামাণিক ক্ষেত্রের ওপর আপিল তথ্য ও সিদ্ধান্তকে চ্যালেঞ্জ করে। শিক্ষার্থীর অধিকার লঙ্ঘিত হয়েছে কিনা সেটি আপিলের সিদ্ধান্তদাতা বিবেচনা করবেন, সেই সাথে:

- সকল নির্ধারিত সময়সীমা পূরণ করা হয়েছিল কিনা।
- সকল বিজ্ঞপ্তি সময়মতো ও সঠিক ছিলো কিনা।
- শিক্ষার্থী তার পছন্দের প্রতিনিধির সহযোগিতা নেওয়ার অধিকার পেয়েছিলো কিনা।
- প্রকৃত সিদ্ধান্তদাতা নিরপেক্ষ ছিলেন কিনা।
- শুনানিতে উপস্থাপিত তথ্যগুলো সুষ্ঠ ও সম্পূর্ণভাবে বিবেচনা করা হয়েছিলো কিনা।
- স্কুল বহিষ্কার প্রস্তাব করার আগে শিক্ষার্থীর আচরণ সনাক্ত করতে অ-বহিষ্কারমূলক বিকল্পগুলো চেষ্টা করেছিলো কিনা এবং করে থাকলে সেই বিকল্প কতটা ভালোভাবে প্রয়োগ করা হয়েছিলো।
- শিক্ষার্থীটির নিয়ন্ত্রণের বাইরে থাকা অন্যান্য ফ্যাক্টর আচরণটি ঘটিয়েছিলো কিনা, শিক্ষার্থীটির কোনো প্রতিবন্ধকতা আছে অথবা থাকতে পারে কিনা অথবা মানসিক স্বাস্থ্য উদ্বেগের জন্য কোনো চিকিৎসার প্রয়োজন আছে কিনা সেগুলো এর অন্তর্ভূক্ত।
- নির্দোষ প্রমাণ করে এমন কোনো নতুন তথ্য উদঘাটিত হয়েছে কিনা।
- বিদ্যালয়ের বিকল্প, অ-বহিষ্কারমূলক শাস্তির ধরন যথাযথ নয় কেন তা বর্ণনা করে বিদ্যালয় নির্ধারিত কারণ শিক্ষার্থীর পক্ষে ইতিবাচক উপায়ে পরিবর্তিত হয়েছে কিনা; এবং
- অন্য যেকোনো সংশ্লিষ্ট কারণ বা কার্যপ্রক্রিয়া

যদি উপর্যুক্ত যেকোনো কারণ আপিলে প্রমাণিত হয়, তাহলে স্কুলের ডেপুটি সুপারইন্টেনডেন্ট কর্তৃক ডকুমেন্টেশন পর্যালোচনা করা হতে পারে। শুনানির 5 কর্মদিবসের মধ্যে ডেপুটি সুপারইন্টেনডেন্টকে পাঠানো আপিলটি অবশ্যই ডাকযোগে বা ইমেইলের মাধ্যমে গৃহীত হতে হবে।

আপিল জমাদানের দশ (10) কর্মদিবসের মধ্যে আপিলের সিদ্ধান্ত প্রদান করা হবে। আপিল কার্যক্রম চলাকালে বিচারাধীন আপীলে শিক্ষার্থীর প্লেসমেন্টের কোনো পরিবর্তন হবে না, অর্থাৎ শিক্ষার্থী এখন যে স্কুলে আছে, সে স্কুলেই থাকবে। একইভাবে, যদি সেই শিক্ষার্থী স্কুলের বাইরে থাকে, তাহলে সে স্কুলের বাইরেই থাকবে।

শিক্ষার্থীর অভিযোগ

বোর্ড স্বীকৃতি দেয় যে, নাগরিক হিসেবে, শিক্ষার্থীদের অভিযোগ মীমাংসা করার অনুরোধ জানানোর অধিকার আছে। এছাড়াও, বোর্ড বিশ্বাস করে যে আইনত কার্যপদ্ধতির প্রতি সম্মানের ভিত দৃঢ়করণ শিক্ষা ব্যবস্থার গুরত্বপূর্ণ অংশ।

সে অনুযায়ী, পৃথক ও দলগত অভিযোগ নিষ্পত্তি করা হবে এবং যথাযথ প্রক্রিয়া প্রয়োগ করা হবে।

একজন শিক্ষার্থীর অভিযোগ যেকোনো রকমের হতে পারে যা এই বোর্ড বা এর কর্মীদের কার্যক্রম, কার্যপ্রক্রিয়া, নীতি বা এরূপ নীতি বা কার্যপ্রক্রিয়ার অভাব থেকে দেখা দিয়েছে। প্রাপ্তির দশ (10) দিনের মধ্যে অভিযোগের জবাব দেওয়া হবে।

বোর্ড বা এর কর্মীরা ডিস্ট্রিক্টের শিক্ষার্থীদের অভিযোগ ও নালিশ শুনবেন যদি এজাতীয় অভিযোগ ও নালিশগুলো সুপারইন্টেনডেন্ট দ্বারা প্রতিষ্ঠিত কার্যপ্রক্রিয়া অনুযায়ী করা হয়ে থাকে।

একজন অভিযোগকারী শিক্ষার্থী নিচের আনুষ্ঠানিক প্রক্রিয়াগুলো শুরু করার মাধ্যমে অভিযোগটি সমাধানের অনুরোধ জানাতে পারে:

আনুষ্ঠানিক অভিযোগ শিক্ষার্থী/মা/বাবার পক্ষ থেকে অধ্যক্ষ বা তার মনোনীত ব্যক্তির কাছে লিখিতভাবে দায়ের করা হয়। (অভিযোগটি অধ্যক্ষ, মনোনীত ব্যক্তি বা অন্যান্য প্রশাসনিক কর্মীর বিরুদ্ধে হওয়ার ক্ষেত্রে, লিখিত অভিযোগটি সরাসরি স্কুলের সুপারইন্টেনডেন্ট বা তার মনোনীত ব্যক্তির কাছে পাঠানো হবে।) লিখিত অভিযোগ যে ঘটনার সাথে সম্পর্কিত তার পাঁচ (5) স্কুল দিবসের মধ্যে, প্রয়োজন অনুসারে, নিম্নলিখিতসহ দায়ের করতে হবে:

a) অভিযোগের বিবৃতি।
b) অভিযোগকৃত প্রকৃত ঘটনার বর্ণনা।
c) সমস্যাটি সমাধানের উদ্দেশ্যে ইতিমধ্যে তারা যে পদক্ষেপগুলো নিয়েছে তার সারসংক্ষেপ।
d) অভিযোগকৃত ঘটনার জন্য যেসকল ব্যক্তিকে দায়ী ভাবা হচ্ছে তাদের নাম।
e) কেসের সাথে সম্পর্কযুক্ত বলে বিবেচিত অন্যান্য ঘটনা।
f) অভিযোগ সূচনাকারী ব্যক্তির স্বাক্ষর।

শিক্ষার্থী এবং তাদের পরিবারের জন্য অতিরিক্ত রিসোর্স

আপনার যদি আপনার স্কুলের বাইরে সহায়তার প্রয়োজন হয় তাহলে ডেট্রয়েট পাবলিক স্কুলস কমিউনিটি ডিসট্রিক্টের নিম্নলিখিত অফিস ও সেবায় সাহায্য করতে সক্ষম হতে পারে। প্রতিটি বিভাগের ওয়েবপেজে সরাসরি নিয়ে যাওয়ার জন্য নিচের লিঙ্ক অনুসরণ করুন অথবা www.detroitk12.org ঠিকানায় আমাদের প্রধান ওয়েবসাইট ভিজিট করুন।

- DPSCD জন নিরাপত্তা বিভাগ: ঘটনা প্রতিবেদন, হুমকি মূল্যায়ন, বাইরে রেফারেল, সংকট ব্যবস্থাপনা
- এনরোলমেন্ট (তালিকাভূক্তি) অফিস: তালিকাভুক্তি, আশেপাশের স্কুল, পরীক্ষার হাই স্কুল।
- নাগরিক অধিকার ও সম্মতি বিভাগ: শিক্ষার্থীদের হয়রানি ও বৈষম্যের অভিযোগ।
- ব্যতিক্রমী শিক্ষার্থীর শিক্ষা অফিস: প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য সেবা।
- পরিবার ও কমিউনিটি সম্পৃক্ততা অফিস: অভিভাবক শিক্ষক সমিতি, অভিভাবক একাডেমি এবং প্রাক্তন শিক্ষার্থীদের রিসোর্স।
- গৃহহীন এবং ফস্টার কেয়ার অফিস: গৃহহীন বা ফস্টার কেয়ারে থাকা তরুণদের জন্য সহায়তা ও সেবা।
- শারীরিক স্বাস্থ্য অফিস: ভ্যাকসিনেশন ফরম, স্বাস্থ্য ও সুরক্ষা তথ্য।
- শিক্ষার্থী বিষয়ক এবং পরামর্শ অফিস: শিক্ষার্থীদের উপস্থিতি, শৃঙ্খলা এবং সহায়তা সেবা।
- সকল শিশুরজন্য সহায়তা অফিস: আচরণগত স্বাস্থ্য এবং কল্যাণ সহায়তা, স্কুল কাউন্সেলর, 504 রেফারেল।

উত্তেজনা প্রশমন - পৃথকীকরণ এবং সংযতকরণ

এই নীতিমালার অভিপ্রায় সাংগঠনিক সহায়তার জন্য কাঠামো সরবরাহ করা যা দল-ভিত্তিক নেতৃত্ব, ডাটা-ভিত্তিক সিদ্ধান্ত গ্রহণ, শিক্ষার্থীদের আচরণের ক্রমাগত পর্যবেক্ষণ, নিয়মিত সর্বজনীন স্ক্রিনিং এবং কার্যকর চলমান পেশাগত উন্নয়নের উপর ভিত্তি করে কার্যকর মধ্যস্থতার ফলস্বরূপ। ডিস্ট্রিক্ট প্রতিরোধ প্রচেষ্টায় বিনিয়োগ করতে এবং শিক্ষার্থীদের জন্য ইতিবাচক একাডেমিক ও সামাজিক ফলাফল আনয়নকারী আচরণ শেখানো, অনুশীলন এবং জোরদার করতে প্রতিশ্রুতিবদ্ধ।

যদি শিক্ষার্থীদের নিয়ন্ত্রণ এবং/অথবা পৃথক করার প্রয়োজন হয়, তাহলে কর্মীদের অবশ্যই এই নীতি অনুসারে এটি করতে হবে, যার উদ্দেশ্য হলো:

A. স্কুল কমিউনিটির যত্ন, সুরক্ষা, কল্যাণ ও নিরাপত্তা এবং প্রতিটি শিক্ষার্থীর মর্যাদা প্রসার করা;
B. চ্যালেঞ্জিং আচরণের ঘটনা হ্রাস করতে, পৃথকীকরণ ও সংযতকরণের ব্যবহার দূর করতে এবং সকল শিক্ষার্থীর জন্য অর্থবহ শিক্ষামূলক সময় বৃদ্ধির জন্য সক্রিয়, কার্যকরী, প্রমাণ এবং গবেষণা-ভিত্তিক কৌশল এবং সর্বোত্তম অনুশীলনের ব্যবহার উৎসাহিত করা; এবং,
C. পৃথকীকরণ ও সংযতকরণ শুধুমাত্র জরুরি পরিস্থিতিতে শেষ অবলম্বন হিসেবে এবং প্রশিক্ষিত কর্মী কর্তৃক যথাযথ মূল্যায়ন, পর্যবেক্ষণ, ডকুমেন্টেশন ও রিপোর্টিং সাপেক্ষে ব্যবহৃত হওয়া নিশ্চিত করা।

এই উদ্দেশ্য পূরণের জন্য, ডিস্ট্রিক্ট সকল শিক্ষার্থীর জন্য একাডেমিক ও সামাজিক আচরণের ফলাফল বৃদ্ধি করতে ইতিবাচক আচরণগত মধ্যস্থতা ও সহায়তা (PBIS) ব্যবহার করবে। ডিস্ট্রিক্ট কর্তৃক বাস্তবায়িত PBIS-এর মধ্যে সামাজিকভাবে মূল্যায়িত ও পরিমাপযোগ্য ফলাফল, অভিজ্ঞতার আলোকে যাচাইকৃত এবং ব্যবহারিক অনুশীলন, এমন সিস্টেম যা দক্ষতার সাথে এবং কার্যকরভাবে এই অনুশীলনের বাস্তবায়নে সহায়তা করে এবং সিদ্ধান্ত গ্রহণের জন্য ক্রমাগত তথ্য সংগ্রহ ও ব্যবহার অন্তর্ভুক্ত থাকবে।

নীতি 5630.01 - শিক্ষার্থীদের পৃথকীকরণ এবং সংযতকরণ

পরিশিষ্ট A – পরিভাষা শব্দকোষ

আপিল	উচ্চতর প্রশাসনিক পর্যায়কে নিম্নতর প্রশাসনিক পর্যায়ের সিদ্ধান্ত পর্যালোচনা করার অনুরোধ জানানো।
অগ্নিসংযোগ	আগুন বা অগ্নি সংযোগকারী ডিভাইস দিয়ে কোনো বস্তুগত বা ব্যক্তিগত সম্পদ, অবৈধভাবে ও ইচ্ছাপূর্বক পুড়িয়ে দেওয়া অথবা পুড়িয়ে দেওয়ার চেষ্টা করা।
উৎপীড়ন	কোনো ব্যক্তিকে ক্ষতিগ্রস্ত করার ভয় দেখানোর উদ্দেশ্যে কোনো আচরণ অথবা যথেষ্ট হয়রানি করা
ভাঙা ও প্রবেশ	বেআইনিভাবে কোনো স্কুল ভবন অথবা স্কুলের অন্য কোনো অবকাঠামোতে প্রবেশ করা।
কালচার লিডারশিপ টিম (CLT)	কালচার লিডারশিপ টিম হল স্কুলের প্রধান কর্মচারী সদস্যদের একটি দল এবং, কখনও কখনও শিক্ষার্থী বা কম্যুনিটি সদস্য, যারা একটি স্কুলের মধ্যে একটি পজিটিভ সংস্কৃতি এবং আবহাওয়ার পরিবেশকে লালন ও বজায় রাখার জন্য নিবেদিত। এই দলটি স্কুলের মূল্যবোধ, নিয়মাবলী এবং প্রত্যাশাগুলিকে আকার দিতে এবং প্রচার করতে সহযোগিতামূলকভাবে কাজ করে, যার লক্ষ্য স্কুল কম্যুনিটি র প্রত্যেকের সামগ্রিক শিক্ষার অভিজ্ঞতা এবং মঙ্গলকে উন্নত করা।
সাইবার বুলিং	ইলেকট্রনিক যোগাযোগ, নেটওয়ার্ক, সোশ্যাল মিডিয়া বা প্রযুক্তি ব্যবহার করে ভয় দেখানো, হয়রানি করা, উৎপীড়ন করা অথবা হুমকি দেওয়া।
যথাযথ প্রক্রিয়া	সুনিয়ন্ত্রিত কার্যপ্রক্রিয়া যেখানে কোনো ব্যক্তিকে বিজ্ঞপ্তি সরবরাহ করা হয়, শুনানি ও অধিকার রক্ষা/প্রয়োগ করার সুযোগ দেওয়া হয়।
মুছে ফেলা	একজন শিক্ষার্থীর শৃঙ্খলা রেকর্ড থেকে স্থায়ীভাবে মুছে ফেলা।
মিথ্যা অ্যালার্ম	কোনো যুক্তিসংঙ্গত কারণ ছাড়াই ফায়ার অ্যালার্ম বাজানো অথবা আগুন বা সম্ভাব্য বোমা হামলা অথবা অন্য কোনো বিপর্যয়ের সতর্কতার মিথ্যা রিপোর্ট দেওয়া।
মারামারি	এক বা একাধিক শিক্ষার্থীর মধ্যে শারীরিক কোন্দল যা মারাত্মক কোনো আঘাত ঘটায় না।
বিনামূল্যে ও উপযুক্ত জন শিক্ষা	ধারা 504, প্রতিবন্ধী শিক্ষা আইন (IDEA), এবং মিশিগানের সংশোধিত প্রশাসনিক বিধিমালায় বলা হয়েছে যে জন্মবছর অনুযায়ী 25 বছরের মধ্যে সকল প্রতিবন্ধী শিক্ষার্থীর বিনামূল্যে উপযুক্ত শিক্ষা পাওয়ার অধিকার রয়েছে। বিনামূল্যে অর্থ হলো সাধারণ শিক্ষার্থীদের ওপর আরোপিত ফি-সমূহ ব্যতীত, অভিভাবকদের বিনামূল্যে সরবরাহকৃত শিক্ষা ও সংশ্লিষ্ট সেবাসমূহ।
কার্যকরী আচরণগত মূল্যায়ন	সাধারণত পরিবেশ এবং শিক্ষার্থীর চাহিদা পর্যালোচনাসহ, শিক্ষার্থীর আচরণে প্রভাব ফেলে এমন কারণসমূহ মূল্যায়ন।
গ্যাং কর্মকাণ্ড	যারা একই সনাক্তকারীর নাম, চিহ্ন বা প্রতীক ব্যবহার করে, অন্যদের ব্যতীত যাদের নিজেদের মধ্যে ব্যাপক আন্তঃযোগাযোগ থাকে এবং প্রায়ই অসামাজিক, অপরাধমূলক ও সন্ত্রাসী কর্মকান্ডে লিপ্ত হয়।
গ্যাং-সুলভ কর্মকাণ্ড	গ্যাং কর্মকাণ্ডের সাথে সংশ্লিষ্ট বা অনুরূপ কর্মকাণ্ড।
দলগত সহিংসতা	তিন বা ততোধিক ব্যক্তি এক বা একাধিক ভুক্তভোগীর শারীরিক ক্ষতি করা।
বেআইনি কার্যক্রম	এমন আচরণ যা স্টেট এবং/অথবা ফেডারেল আইন লঙ্ঘন করে।
অগ্নিসংযোগকারী যন্ত্র	যেকোনো উপকরণ/বস্তু যা অগ্নিকান্ড বা বিস্ফোরণ ঘটায়।
স্বকীয় শিক্ষা কর্মসূচি (IEP)	IEP টিম দ্বারা তৈরি একটি বিশেষভাবে ডিজাইন করা নির্দেশনা প্রোগ্রাম, যা বর্ণনা করে শিক্ষার্থীর যোগ্যতা, শিক্ষার্থীর অগ্রগতির বর্তমান পর্যায়, বার্ষিক লক্ষ্য ও স্বল্পমেয়াদী উদ্দেশ্য, নির্দিষ্ট শিক্ষা ও সংশ্লিষ্ট সেবা, সাধারণ শিক্ষায় ব্যয় হওয়া মোট সময়, সর্বনিম্ন নিয়ন্ত্রিত পরিবেশ, যে সকল কারণে IEP গৃহীত বা প্রত্যাখাত হয়, স্থানান্তর সেবা এবং সেবা তারিখ ও পুনরাবৃত্তি বর্ণনা করে। IEP প্রতি বছরে অথবা প্রয়োজন অনুযায়ী মাঝে মাঝে পর্যালোচনা করতে হবে।
সুচিন্তিত যোগাযোগ	ইঙ্গিত করে যে ক্রিয়াটি উদ্দেশ্যমূলক এবং দুর্ঘটনাজনিত নয়, সূচনাকারীর একটি নির্দিষ্ট উদ্দেশ্য বা উদ্দেশ্য মাথায় থাকে।
ভীতিপ্রদর্শন	কোনো ব্যক্তিকে ক্ষতিগ্রস্ত করার ভয় দেখানোর উদ্দেশ্যে করা উৎপীড়ন থেকে লঘু কোনো আচরণ।
অবাধ্যতা	অনুমোদিত স্কুল কর্মীর যুক্তিযুক্ত ও বিধিসঙ্গত নির্দেশনা মানতে অস্বীকার করা।
স্কুলের মধ্যে স্থগিতকরণ (ISS)	শিক্ষক ও শিক্ষার্থী, শিক্ষক ও শিক্ষক, শিক্ষার্থী, ও শিক্ষার্থীদের মধ্যে সম্মানজনক সম্পর্কের উপর ভিত্তি করে ইতিবাচক পরিচর্যামূলক স্কুল

এখতিয়ার	ডিস্ট্রিক্ট বস্তুগত সম্পত্তি এবং সেইসাথে ডিস্ট্রিক্ট নেটওয়ার্ক, অ্যাকাউন্ট, টেলিকমিউনিকেশন, ইলেকট্রনিক বা ভার্চুয়াল অনলাইন পরিষেবা বা সরঞ্জাম ব্যবহার করার সময় শিক্ষার্থীরা। এটি স্কুল চলাকালীন সময়ে প্রযোজ্য, সেইসাথে, স্কুল সময়ের আগে এবং পরে স্কুল-পরবর্তী ইভেন্ট, স্কুল ক্লাব, খেলাধুলা ইভেন্ট, জেলা-স্পন্সরকৃত অনুমোদন ইভেন্ট, স্কুল বাসে বা অন্যান্য স্কুলের যানবাহনে, স্কুল-স্পন্সর ফিল্ড ট্রিপের সময়, যখন স্কুল-সম্পর্কিত ইভেন্ট এবং ক্রিয়াকলাপগুলির সাথে সংযুক্ত থাকে এবং যখন শিক্ষার্থীরা স্কুলে যাওয়ার পথে এবং যাওয়ার পথে থাকে।
উদ্দেশ্যহীনভাবে ঘুরে বেড়ানো	অননুমোদিত সময়ে বা স্কুল কর্তৃপক্ষের নির্দিষ্ট অনুমতি ব্যতীত স্কুল প্রাঙ্গন অথবা এর আশেপাশে অথবা কোনো স্কুল ভবনের বিশেষভাবে নিয়ন্ত্রিত অঞ্চলে প্রবেশ করা।
স্কুলের বাইরে স্থগিতকরণ (OSS)	স্কুল এবং এর কার্যক্রম থেকে সাময়িকভাবে অপসারণ
পিটিশন	একটি আনুষ্ঠানিক লিখিত আবেদন।
শারীরিক আক্রমণ	জোর-জবরদস্তিপূর্বক উদ্দেশ্যমূলকভাবে কোনো শিক্ষার্থীর শারীরিক ক্ষতি করা অথবা করার চেষ্টা করা।
নিজের পরিচয় দিতে অস্বীকৃতি	স্কুল কর্মী কর্তৃক অনুরোধ করা সত্ত্বেও পরিচপত্র দেখাতে এবং/অথবা সঠিক নাম বলতে অস্বীকার করা।
ক্ষতিপূরণ	পুনরুদ্ধারমূলক ন্যায্য শাস্তিমূলক ব্যবস্থা যা শিক্ষার্থীকে তার অসদাচরণের জন্য ক্ষতিপূরণ প্রদানের সুযোগ দেয়। মোট পরিমাণ ঠিক করার সময়, সম্পত্তিটির ন্যায্য বাজার মূল্য ব্যবহার করা হবে।
যৌন হয়রানি	অভিযুক্ত ব্যক্তির দ্বারা কৃত যেকোনো প্রকারের অনাকাঙ্ক্ষিত আচরণ যা এতো তীব্র, বিস্তৃত ও উদ্দেশ্যমূলক আক্রমণাত্মক যে এটি কোনো ব্যক্তিকে স্কুলের শিক্ষামূলক প্রোগ্রাম বা কার্যক্রমে সমান অ্যাক্সেসকে কার্যকরভাবে বাধাগ্রস্ত করে।
সহায়ক ব্যবস্থা	তদন্তের আগে বা তদন্তকালীন এবং যৌন হয়রানির অভিযোগের ঘটনায় জড়িত অভিযোগকারী বা বিবাদী উভয়েরই জন্য উপযুক্ত হিসেবে দেওয়া স্বকিয় সেবা। সহায়ক ব্যবস্থার মধ্যে কাউন্সেলিং/SSW, সময় বাড়ানো বা কোর্স-সংশ্লিষ্ট অন্যান্য সমন্বয়, ক্লাস শিডিউল পরিবর্তন, পক্ষের মধ্যে যোগাযোগের ক্ষেত্রে পারস্পরিক সীমাবদ্ধতা, নীতিমালা বা পদ্ধতিতে পরিবর্তন এবং অন্যান্য অনুরূপ থাকার ব্যবস্থা অন্তর্ভুক্ত থাকতে পারে। উপযুক্ত সহায়ক ব্যবস্থা কার্যকর করার জন্য আনুষ্ঠানিক টাইটেল IX অভিযোগ দায়ের করার প্রয়োজন নেই।
দেরিতে উপস্থিত	ডিস্ট্রিক্টের উপস্থিতি নীতির বর্ণনা অনুযায়ী কোনো কারণ বা পাস ছাড়া শুরু হওয়ার একটি নির্দিষ্ট সময় পরে স্কুলে পৌঁছানো।
হুমকি মূল্যায়ন	প্রশ্নগুলির একটি সিরিজ, যেটি সেই শিক্ষাথীর ক্ষেত্রে ব্যবহার করা হয় যিনি হুমকি দিয়েছেন, যার ফলে হুমকির বিশ্বাসযোগ্যতা স্তর নির্ধারণের সিদ্ধান্ত নেওয়া হয়।
টাইটেল IX কোর্ডিনেটর	টাইটেল IX কোঅর্ডিনেটর নাগরিক অধিকার এবং সম্মতি বিষয়ক কার্যালয়ের (CRC) তত্ত্বাবধান করেন, এবং যৌন বৈষম্যের অভিযোগগুলোর প্রতি ডিস্ট্রিক্টের সাড়াদানকে সমন্বয় করেন।
অনধিকারপ্রবেশ	অনুমতি বা প্রবেশের কোনো বৈধ উদ্দেশ্য ব্যতীত স্কুল ডিস্ট্রিক্ট প্রাঙ্গনে প্রবেশ অথবা অবস্থান করা।
সন্ত্রাসবাদী কার্যক্রম	কোন সরকারী প্রতিষ্ঠানের দ্বারা কোন ধরনের প্রতিক্রিয়া সৃষ্টি করার অভিপ্রায়ে কোন ব্যক্তি বা সম্পত্তিকে হুমকি দেওয়া বা সহিংসতা সৃষ্টি করা বা এজেন্সি কর্তৃক যেকোনো ধরনের প্রতিক্রিয়া সৃষ্টি করার অভিপ্রায়সহ কোনো ব্যক্তি বা সম্পত্তিকে হুমকি দেওয়া বা সহিংসতা করা; কোনো অঞ্চল, বিল্ডিং বা কক্ষের দখল বা ব্যবহারকে বাধা দেয়া বা গণ যোগাযোগ, জল, গ্যাস, বা বিদ্যুৎ সরবরাহে বাধা সৃষ্টি করা।
স্কুল পালানো	অননুমোদিত অনুপস্থিতিসহ কোনো শিক্ষার্থী স্কুল বর্ষের কমপক্ষে 10% অনুপস্থিত থাকলে, সে দীর্ঘকালীন অনুপস্থিত/স্কুল (অনুমোদিত অনুপস্থিতি ও স্থগিতকরণ ব্যতীত)।
অনভিপ্রেত যোগাযোগ	একটি শারীরিক যোগাযোগ যা এটি শুরুকারী ব্যক্তির দ্বারা পরিকল্পিত বা উদ্দেশ্যকৃত নয়।

পরিশিষ্ট B – শৃঙ্খলা মামলায় শিক্ষার্থী এবং অভিভাবকদের যথাযথ প্রক্রিয়ার অধিকার

1. শৃঙ্খলামূলক শুনানির বিষয়ে শিক্ষার্থীদের যথাযথ প্রক্রিয়া অনুসরণ করা হবে। বহিষ্কারের বিবেচনার উপর ভিত্তি করে যথাযথ প্রক্রিয়া কম বা বেশি আনুষ্ঠানিক হবে।
2. স্কুল কর্মীরা এই ধরনের অভিযোগের ভিত্তি (প্রমাণ) সহ তাদের বিরুদ্ধে আনীত অভিযোগ সম্পর্কে শিক্ষার্থীকে অবহিত করবেন।
3. স্থগিতকরণের কারণে বাদ পড়া শিক্ষার্থীর অ্যাসাইনমেন্টের জন্য মেক-আপ কাজ পাওয়ার অধিকার রয়েছে।
4. যখন এমন ঘটনা ঘটে যার জন্য শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া প্রয়োজন তখন শিক্ষার্থীরা আবশ্যিক পরীক্ষা দেওয়ার অধিকার রাখে। পরীক্ষার ব্যবস্থা করার জন্য অভিভাবকদের অবশ্যই অধ্যক্ষের সাথে যোগাযোগ করতে হবে।
5. যখন কোনো শিক্ষার্থীকে স্থগিত করা হয়, তখন স্থগিতকরণ শুরু হওয়ার আগে স্কুলে শৃঙ্খলামূলক শুনানি অনুষ্ঠিত হবে। পুনঃভর্তি শুনানিও হতে পারে।
6. মা/বাবা/অভিভাবক অ্যাপয়েন্টমেন্ট বাতিল করলে স্কুলের অধ্যক্ষকে অবশ্যই আরেকবার শুনানির তারিখ পুনঃনির্ধারণ করতে হবে।
7. মা-বাবা/অভিভাবকদের পক্ষে তাদের পছন্দের পরামর্শদাতা প্রতিনিধিত্ব করতে পারেন।
8. যদিও বাবা-মা/অভিভাবক ও পরামর্শদাতার সাক্ষীকে জিজ্ঞাসাবাদ করার অধিকার নেই, তারা স্কুল কর্মীদের তাদের পক্ষে সাক্ষীর কাছে প্রশ্ন উপস্থাপনের জন্য অনুরোধ করতে পারেন।
9. শৃঙ্খলামূলক শুনানিতে, শিক্ষার্থীকে আত্মপক্ষ সমর্থনে আনীত আচরণ বা অভিযোগ মোকাবেলা করার সুযোগ দেওয়া হবে।
10. যদি স্কুল পর্যায়ের শুনানিতে অভিযোগ প্রমাণিত হয়, তাহলে মা/বাবা অভিভাবকের বোর্ড নীতি 5611 – যথাযথ প্রক্রিয়া অনুযায়ী শিক্ষার্থীর আচরণবিধি অফিসে স্থগিতাদেশের জন্য অভিযোগের আপিল করার অধিকার রয়েছে।
11. কোনো মা/বাবা/অভিভাবক বা শিক্ষার্থী বহিষ্কার পর্যালোচনা না হওয়া পর্যন্ত কোনো শিক্ষার্থীকে স্থগিত করার অধ্যক্ষের সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল করতে পারবেন না।
12. শিক্ষার্থীদের সময়মতো শুনানি করার অধিকার রয়েছে। শুনানির সময়সূচীতে অযৌক্তিক বিলম্ব বা একাধিক বাতিল অনুমোদিত হবে না।
13. বহিষ্কারের পর বাবা-মা পুনরায় ভর্তির জন্য আবেদন করতে পারেন।
14. যদি কোনো প্রতিবন্ধী শিক্ষার্থীকে প্রাথমিক মোট দশ (10) দিনের বেশি স্থগিত করা হয়, তাহলে স্কুলকে অবশ্যই প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য পদ্ধতি অনুসরণ করতে হবে এবং আচরণটি শিক্ষার্থীর অক্ষমতার বহিঃপ্রকাশ কিনা তা নির্ধারণ করতে হবে।
15. আচরণবিধি অফিস কোনো শিক্ষার্থীর শৃঙ্খলাভঙ্গ অপ্রমাণিত বলে নির্ধারণ করে মুছে ফেলতে পারে (যেমন, যথাযথ প্রক্রিয়া লঙ্ঘনের ফলস্বরূপ, অপর্যাপ্ত প্রমাণের ভিত্তিতে অথবা শিক্ষার্থী লঙ্ঘনের জন্য দোষী না হলে) যা ডিস্ট্রিক্টের ডাটাবেজে সংরক্ষিত ছিল।
16. যদি কোনো শিক্ষার্থী বিশ্বাস করে যে বিধিতে উল্লেখকৃত কোনো শিক্ষার্থীর অধিকার লঙ্ঘন করা হয়েছে, তাহলে শিক্ষার্থী এবং/অথবা মা/বাবা বা অভিভাবক লিখিতভাবে অভিযোগ জমা দিতে পারেন, স্কুল প্রশাসন এবং/অথবা সুপারইন্টেনডেন্টের অফিসে, শিক্ষার্থীর অভিযোগ দেখুন।
17. যে প্রমাণের উপর ভিত্তিতে অভিযোগ করা হয়েছে বহিষ্কারের শুনানির আগে শিক্ষার্থীর সেটি পর্যালোচনা করার অধিকার রয়েছে।

পরিশিষ্ট C – জিজ্ঞাসাবাদ ও তল্লাশী

ডেট্রয়েট পাবলিক স্কুলস কমিউনিটি ডিস্ট্রিক্ট জননিরাপত্তা বিভাগ, ডেট্রয়েট পুলিশ বিভাগ বা অন্য কোনো পুলিশ বিভাগ দ্বারা শুরু হওয়া অথবা অনুরোধকৃত তল্লাশী প্রযোজ্য আইনি মানদন্ডের মাধ্যমে পরিচালিত হবে।

<u>তল্লাশীর ধরন</u>:

1. শিক্ষার্থীকে এককভাবে তল্লাশি

স্কুল কর্মীদের প্রত্যেক শিক্ষার্থী এবং তাদের ব্যক্তিগত সম্পত্তি (যাতে পোশাক, ব্যাগপ্যাক, বইয়ের ব্যাগ, পার্স, যানবাহন যা শিক্ষাবোর্ডের মালিকানাধীন বা লিজ নেওয়া সম্পত্তিতে পার্ক করা এবং এই জাতীয় আইটেম অন্তর্ভুক্ত তবে এগুলোর মধ্যেই সীমাবদ্ধ নয়) তল্লাশির অধিকার রয়েছে। তল্লাশি শুধুমাত্র তখনই পরিচালিত হবে যদি স্কুল কর্তৃপক্ষের যৌক্তিক সন্দেহ থাকে যে:

A. কোনো অপরাধমূলক কর্মকান্ড সংঘটিত হয়েছে অথবা স্কুল কোনো নীতি বা শিক্ষার্থীদের বাধ্যতামূলক আচরণ বা শৃঙ্খলা বিধি ভঙ্গ করা হয়েছে; এবং,

B. তল্লাশির অধীনস্থ ব্যক্তি লঙ্ঘন বা ভঙ্গে অংশগ্রহণ করেছিলো; এবং,

C. লঙ্ঘন বা ভঙ্গের প্রমাণ, বা সেখান থেকে প্রাপ্ত জিনিস, তল্লাশি করা হবে এমন স্থানে শিক্ষার্থীর কাছে রয়েছে।

যৌক্তিক সন্দেহ অর্থ হলো স্কুল কর্মকর্তাদের এমন ভাবার কারণ থাকা যে, কোনো শিক্ষার্থীর কাছে এমন কিছু থাকতে পারে যা তাদের স্কুলে আনার অনুমতি নেই। তারা কিছু দেখেছে, কিছু শুনেছে অথবা কেউ তাদেরকে বলেছে। তবে একজন শিক্ষার্থীকে তল্লাশি করার জন্য শুধুমাত্র অনুভূতি আসা বা অনুমান করাই যথেষ্ট নয়।

যদি কোনো স্কুল কর্মী বা নিরাপত্তা কর্মী বিশ্বাস করেন যে কোনো শিক্ষার্থীর কাছে এমন কিছু থাকতে পারে যা তাদের থাকা উচিত নয়, তাহলে তারা পকেট চেপে অথবা ব্যাগ ও কোটের ভিতরে দেখার মতো সাধারণ তল্লাশী করতে পারেন। যদি তাদের এর চেয়ে বেশি কিছু করার প্রয়োজন হয়, তাহলে তারা প্রথমে জেনারেল কাউন্সেলের অফিসে কথা বলবেন।

যখন কোনো স্কুল কর্মীর কোনো শিক্ষার্থীকে তল্লাশী করার প্রয়োজন হয়, তখন সবসময় শিক্ষার্থীর মতো একই লিঙ্গের কারো দ্বারা করতে হবে। সম্ভব হলে সাক্ষী হিসেবে একই লিঙ্গের আরেকজন ব্যক্তিও থাকতে হবে। তল্লাশী গোপনভাবে করা হবে যাতে অন্য কেউ দেখতে না পারে। তল্লাশী নিরাপত্তা কর্মী, স্কুল কর্মী বা স্কুল কর্মকর্তাদের দ্বারা করা যেতে পারে। তল্লাশীর পর প্রতিবেদন লিখে DPSCD জননিরাপত্তা বিভাগে পাঠানো হবে।

লকার ও ডেস্ক তল্লাশি

ডেস্ক ও লকার শিক্ষাবোর্ডের সম্পত্তি। শিক্ষার্থীদের এই সম্পত্তিগুলো ব্যবহার করার অনুমতি দেওয়া হয়, তবে সবসময়ই, শিক্ষাবোর্ড ডেস্ক ও লকারগুলোর নিয়ন্ত্রণ ও মালিকানার অধিকারী। বোর্ডের সম্পত্তি ব্যবহারের শর্ত হিসেবে, শিক্ষার্থীরা তাদের জন্য নির্ধারিত লকার এবং/অথবা ডেস্কের নিরাপত্তা বজায় রাখার সম্পূর্ণ দায়িত্ব বহন করে।

বোর্ড মাঝে মাঝে ডেস্ক, লকার ও ব্যক্তিগত উপকরণ (যেমন পার্স, বইয়ের ব্যাগ, কোট, ইত্যাদি) তল্লাশি করার অধিকার সংরক্ষণ করে। যেকোনো সময় যেকোনো কারণে, নোটিশ ছাড়া, শিক্ষার্থীর সম্মতি ব্যতীত, এবং যৌক্তিক সন্দেহ বা সার্চ ওয়ারেন্ট ছাড়াই এই তল্লাশি করা হতে পারে।

লকার এবং/অথবা ডেস্ক তল্লাশী করতে নিম্নলিখিত বিষয়গুলো নির্দেশনা হিসেবে ব্যবহৃত করতে হবে:

D. শিক্ষার্থীরা উপস্থিত না থাকলে লকার ও ডেস্ক অনুসন্ধান সবচেয়ে ভালোভাবে করা যায়, যেমন স্কুল খোলার আগে, স্কুল শেষে বা ছুটির দিনে।

E. লকার ও ডেস্ক অনুসন্ধানে প্রশিক্ষিত কুকুর অথবা অন্যান্য প্রশিক্ষিত প্রাণি ব্যবহার করা হতে পারে।

F. শিক্ষার্থীদের তাদের হ্যান্ডবুক অথবা অন্যান্য লিখিত উপকরণ দিয়ে সতর্ক করা হবে যে তাদের লকার ও ডেস্ক যেকোনো সময়ে তল্লাশি করা হতে পারে।

G. স্কুল কর্মকর্তারা লকার ও ডেস্ক তল্লাশি করতে পারেন, তারা DPSCD PD কর্মীদের সাহায্য নিতেও পারেন বা নাও নিতে পারেন।

2. মেটাল ডিটেকটর স্ক্রিনিং

A. ভূমিকা

মেটাল ডিটেকটর স্ক্রিনিংয়ের উদ্দেশ্য অস্ত্র/নিষিদ্ধ পণ্য স্কুলে প্রবেশ করা প্রতিরোধ করা। ওয়াক থ্রু মেটাল ডিটেক্টর, হাতে ধরা "ওয়ান্ড" মেটাল ডিটেক্টর, বহনযোগ্য ওয়াক থ্রু মেটাল ডিটেক্টর, ও এক্স-রে মেশিনসহ আরও অনেক কিছু ব্যবহারের অধিকার DPSCD সংরক্ষণ করে। একাডেমিক নির্দেশনার জন্য ব্যবহৃত ডিস্ট্রিক্ট ভবনে প্রবেশকারী সকল ব্যক্তিকে মেটাল ডিটেক্টরে স্ক্যান করা হবে। বোর্ড বিভিন্ন ধরনের মেটাল ডিটেক্টরের মাধ্যমে স্ক্রিনিংয়ের অনুমোদন দিয়েছে।

1. "প্রয়োজন অনুযায়ী" স্ক্রিনিং: সুপারইন্টেনডেন্ট, তার নিযুক্ত ব্যক্তি, বা স্কুল কর্মকর্তা এমন দিনগুলোতে মেটাল-ডিটেক্টরের মাধ্যমে স্ক্রিনিংয়ের অনুমোদনও দিতে পারেন, যেখানে অ্যাথলেটিক ইভেন্ট বা বিশিষ্ট ব্যক্তিদের আগমনের মতো বিশেষ ইভেন্ট অনুষ্ঠিত হয়। নিরাপত্তা বিষয়ক উদ্বেগ মোকাবেলার জন্যও প্রয়োজন অনুযায়ী স্ক্রিনিং করা যেতে পারে।
2. দৈনিক স্ক্রিনিং: সুপারইন্টেনডেন্ট, তার নিযুক্ত ব্যক্তি, বা স্কুল কর্মকর্তারা শিক্ষার্থীদের, স্টাফ, স্বেচ্ছাসেবক ও দর্শনার্থীদের সুরক্ষা ও নিরাপত্তা নিশ্চিত করতে শিক্ষার্থীদের দৈনিক মেটাল-ডিটেক্টর স্ক্রিনিং অনুমোদিত করতে পারেন।

B. গণবিজ্ঞপ্তি

ডিস্ট্রিক্ট সম্পত্তির প্রতিটি প্রবেশপথে নিম্নোক্ত বিবৃতির অনুরূপ লেখা সম্বলিত একটি সাইনবোর্ড থাকতে হবে: "এই ভবনে প্রবেশ করা যেকোনো ব্যক্তিকে তল্লাশি করা হতে পারে।" তবে ভাঙচুরের মাধ্যমে চিহ্ন অপসারণ বা এই নীতিমালায় অন্তর্ভুক্ত থাকা কোনো বিষয়ে তল্লাশি চালাতে ডিস্ট্রিক্টের ক্ষমতা হ্রাস পাবে না।

C. স্ক্যানিংয়ের পদ্ধতি

1. মেটাল-ডিটেক্টর দিয়ে স্ক্রিনিংয়ের সময় যেসকল প্রবেশদ্বার ব্যবহার করা হয় না সেগুলো বাইরে থেকে লক করা থাকবে। সেগুলো জরুরি ক্ষেত্রে ভিতর থেকে খোলা যাবে।
2. মেটাল ডিটেক্টরের মধ্য দিয়ে যাওয়ার আগে, আমাদেরকে চাবি ও কয়েনের মত ধাতব জিনিসগুলো একটি পৃথক পাত্রের মধ্যে রাখতে হবে। যারা মেটাল ডিটেক্টর দিয়ে স্ক্রিনিং করছেন তারা কোট, বইয়ের ব্যাগ, পার্সের মত ব্যক্তিগত জিনিসপত্রগুলো সরিয়েও নিতে বলতে পারেন যাতে তাদের হাতে থাকা মেটাল ডিটেকটর দ্বারা স্ক্যান করা যায়।
3. মেটাল ডিটেক্টর যদি জোরে শব্দ করে তাহলে দায়িত্বে থাকা লোকদের, ব্যক্তির বা তার ব্যাগ বিশেষ তল্লাশি করার প্রয়োজন হতে পারে। তারা সতর্কতা ও সম্মানের সাথে এটি করবেন। তল্লাশির পরে, তারা সবকিছু ঠিক আছে কিনা তা নিশ্চিত করার জন্য আবার স্ক্যান করবেন।
4. কোনো সমস্যা ছাড়াই মেটাল ডিটেক্টরের মধ্য দিয়ে না যাওয়া পর্যন্ত অথবা অ্যালার্মের শব্দের কারণ খুঁজে বের করার জন্য আরো বিস্তারিত তল্লাশী না করা পর্যন্ত কেউ স্কুলের ভিতরে যেতে পারবে না।
5. কার্যক্রম নির্বিঘ্নভাবে চলমান রাখতে মেটাল ডিটেক্টর দিয়ে দ্রুত চেক করা হবে।

D. সহযোগিতা করতে অস্বীকার:

এই নীতি দ্বারা অনুমোদিত তল্লাশির সময় যে ব্যক্তি স্কুল কর্মকর্তাদের সাথে সহযোগিতা করতে অস্বীকার করবে তাকে সংশ্লিষ্ট বিদ্যালয়ের অধ্যক্ষের সাথে কথা বলতে হবে। শিক্ষার্থী তল্লাশি করতে দিতে অস্বীকৃতি জানালে, স্কুল থেকে তার মা-বাবার সাথে যোগাযোগ করা হবে। তবে যতক্ষণ না কেউ স্ক্যান ও তল্লাশি করাতে ইচ্ছুক হয়, ততক্ষণ পর্যন্ত তাদেরকে স্কুলে প্রবেশের অনুমতি দেওয়া হবে না। প্রত্যাখ্যান করার ফলে কেউ বাইরে থাকলে সেটি অননুমোদিত অনুপস্থিতি হিসেবে গণ্য করা হবে।

নীতিমালায় সংযুক্তি: নেই

আইনি রেফারেন্স: রাইনা ম্যাকবারোস ও অন্যান্য বনাম DPSCDমামলা নং. 2:09-cv-14863 -সম্মতিতে রায় **MCLA** §380.1308

পরিশিষ্ট D – প্রতিবেদনযোগ্য ঘটনার তালিকা

মিশিগান স্কুল সুরক্ষা আইন অনুযায়ী নিম্নলিখিত ঘটনাগুলো স্থানীয় আইন প্রয়োগকারী সংস্থাকে জানানো আবশ্যক: (MCL 380.1308)

অস্ত্রধারী শিক্ষার্থী বা জিম্মি

সন্দেহভাজন অস্ত্রধারী শিক্ষার্থী

স্কুলের সম্পত্তিতে অস্ত্র

মৃত্যু বা হত্যা

গাড়ি থেকে গুলি করে পালিয়ে যাওয়া

শারীরিক আক্রমণ (মারামারি)

বোমা হামলার হুমকি

মাদক সম্পত্তি দখল বা বিনষ্টকরণ সম্পত্তির বিকৃতিসাধন

ভাংচুর বা সম্পত্তি ধ্বংস

অ্যালকোহল দখলে রাখা নাবালক

বাসে অনাকাঙ্খিত ঘটনা বা দুর্ঘটনা

ডাকাতি বা চাঁদাবাজি

শিক্ষার্থীদের অননুমোদিত অপসারণ আত্মহত্যার হুমকি

আত্মহত্যার হুমকি

আত্মহত্যার প্রচেষ্টা

চৌর্যবৃত্তি (চুরি)

অনুপ্রবেশকারী (অনধিকারপ্রবেশ)

অবৈধ মাদক ব্যবহার বা ওভারডোজ

বিষ্ফোরণ

অগ্নিসংযোগ

যৌন নিপীড়ন

পরিশিষ্ট E – টাইটেল IX সংজ্ঞাসমূহ

বাস্তব জ্ঞান – যৌন হয়রানির অভিযোগের বিষয়ে স্কুলকে নোটিশ দেওয়া। কোনো স্কুলের বাস্তব জ্ঞান থাকবে যখন এর নিকট যে কোনো ব্যক্তির ভুক্তভোগী হওয়ার ব্যাপারে নোটিশ থাকবে। যখন কোনো ব্যক্তি স্কুল কর্মীর কাছে যৌন হয়রানির কথা জানান বা স্কুল কর্মীরা যদি যৌন হয়রানির সাক্ষী হন, তখন স্কুলকে নোটিশ দেওয়া হয়।

অভিযোগকারী – কোনো ব্যক্তি যিনি যৌন হয়রানি হতে পারে এমন আচরণের শিকার বলে অভিযোগ করা হয়, যার মধ্যে শিক্ষার্থী, শিক্ষার্থীর মা/বাবা/অভিভাবক, ডিস্ট্রিক্ট কর্মী বা তৃতীয় পক্ষ অন্তর্ভুক্ত যিনি টাইটেল IX দ্বারা নিষিদ্ধ যৌন হয়রানির অভিযোগ দায়ের করেন।

বিবাদী – এমন ব্যক্তি যিনি যৌন হয়রানির মত আচরণ সংঘটনকারী বলে অভিযোগ করা হয়েছে।

যৌন হয়রানি – যৌনতার ভিত্তিতে কৃত আচরণ যা নিম্নলিখিত এক বা একাধিক বর্ণনার সাথে মেলে:

1. কোনো স্কুল কর্মী কোনো ব্যক্তিকে অপ্রত্যাশিত যৌন আচরণের বিনিময়ে শিক্ষাগত সুবিধা বা সেবার শর্ত আরোপ করে।
2. অভিযুক্ত ব্যক্তির দ্বারা কৃত যেকোনো প্রকারের অনাকাঙ্ক্ষিত আচরণ যা এতো তীব্র, বিস্তৃত ও উদ্দেশ্যমূলক আক্রমণাত্মক যে এটি কোনো ব্যক্তিকে স্কুলের শিক্ষামূলক প্রোগ্রাম বা কার্যক্রমে সমান অ্যাক্সেসকে কার্যকরভাবে বাধাগ্রস্ত করে।
3. 1092(f)(6)(A)(v) অনুসারে "যৌন হয়রানি" হিসেবে সংজ্ঞায়িত, 34 U.S.C. 12291(a)(10) অনুসারে "ডেটিং সহিংসতা" হিসেবে সংজ্ঞায়িত, 34 U.S.C. 12291(a)(8) অনুসারে "পারিবারিক সহিংসতা" হিসেবে সংজ্ঞায়িত, অথবা 34 U.S.C. 12291(a)(30) অনুসারে "লাঞ্ছিত করা" হিসেবে সংজ্ঞায়িত।

যৌন নিপীড়নকে সংজ্ঞায়িত করা হয়:

- ধর্ষণ: সংক্ষুব্ধ ব্যক্তির সম্মতি ছাড়াই যোনি বা মলদ্বারে, শরীরের কোনো অংশ বা বস্তু অনুপ্রবেশ তা যত সামান্যই হোক না কেন, অথবা কোনো ব্যক্তির যৌনাঙ্গ মুখে প্রবেশ করানো।
- মর্দন: সংক্ষুব্ধ ব্যক্তির সম্মতি ছাড়াই, সংক্ষুব্ধ ব্যক্তির বয়সের কারণে বা তাদের অস্থায়ী বা স্থায়ী মানসিক অক্ষমতাজনিত কারণে সম্মতি জানাতে অক্ষম ক্ষেত্রে যৌন তৃপ্তির উদ্দেশ্যে অন্য ব্যক্তির দেহের ব্যক্তিগত অঙ্গ স্পর্শ করা।
- ব্যভিচার: এমন ডিগ্রীর মধ্যে যারা একে অপরের সাথে সম্পর্কযুক্ত ব্যক্তিদের মধ্যে জোরপূর্বক যৌন সঙ্গম যেখানে আইন দ্বারা বিবাহ নিষিদ্ধ।
- সংবিধিবদ্ধ ধর্ষণ: সম্মতি দিতে অক্ষম বিধিবদ্ধ বয়সী ব্যক্তির সাথে জবরদস্তিবিহীন যৌন মিলন।

লাঞ্ছিত করা – কোনো নির্দিষ্ট ব্যক্তিকে উদ্দেশ্য করে কোনো আচরণ করা যা বুদ্ধিমত্তাসম্পন্ন বিচক্ষণ ব্যক্তিকে:

1. নিজের বা অন্যের নিরাপত্তাহীনতার ভয়; অথবা
2. যথেষ্ট মানসিক চাপে ভোগায়।

এই সংজ্ঞার উদ্দেশ্য পূরণকল্পে:

a. আচরণগুলোর মধ্যে লাঞ্ছনাকারী প্রত্যক্ষ, অপ্রত্যক্ষভাবে, বা তৃতীয় পক্ষের মাধ্যমে, কোনো কাজ, পদ্ধতি, ডিভাইস বা উপায় দ্বারা, অনুসরণ, পর্যবেক্ষণ, জরিপ, হুমকি, বা কোনো ব্যক্তির সাথে বা তার সম্পর্কে যোগাযোগ করে, বা কোনো ব্যক্তির সম্পত্তিতে হস্তক্ষেপ করে, এমন দুই বা ততোধিক কাজ অন্তর্ভুক্ত, তবে এগুলোর মধ্যেই সীমাবদ্ধ নয়।
b. বুদ্ধিমত্তাসম্পন্ন বিচক্ষণ ব্যক্তি অর্থ হলো ক্ষতিগ্রস্থ ব্যক্তির সাথে একই রকম পরিস্থিতিতে একই পরিচয় থাকা একজন বুদ্ধিমত্তাসম্পন্ন বিচক্ষণ ব্যক্তি।
c. পর্যাপ্ত মানসিক চাপের অর্থ উল্লেখযোগ্য মানসিক যন্ত্রণা বা কষ্ট তবে চিকিৎসা বা অন্যান্য পেশাদার চিকিৎসা বা পরামর্শ বা কাউন্সেলিং/SSW-এর প্রয়োজন বোধ করা আবশ্যক নয়।

ডেটিং সহিংসতা – কোনো ব্যক্তির দ্বারা সংঘটিত সহিংসতা যার ভুক্তভোগীর সাথে রোমান্টিক বা ঘনিষ্ঠ সামাজিক সম্পর্ক আছে।

এই সংজ্ঞার উদ্দেশ্য পূরণকল্পে:

a. যৌন বা শারীরিক নির্যাতন বা এই ধরনের নির্যাতনের হুমকি ডেটিং সহিংসতার অন্তর্ভুক্ত তবে এগুলোর মধ্যেই সীমাবদ্ধ নয়।

b. ডেটিং সহিংসতার মধ্যে পারিবারিক সহিংসতার সংজ্ঞার মধ্যে নিহিত কোনও কর্ম অন্তর্ভুক্ত নয়।

পারিবারিক সহিংসতা – সহিংসতার ঘৃণ্য বা জঘন্য অপরাধ নিম্নলিখিতের দ্বারা কৃত:

1. ভুক্তভোগীর বর্তমান বা প্রাক্তন স্বামী/স্ত্রী বা অন্তরঙ্গ সঙ্গী;
2. এমন ব্যক্তি যার সাথে ভুক্তভোগীর সন্তান আছে;
3. এমন ব্যক্তি যিনি স্বামী/স্ত্রী বা অন্তরঙ্গ সঙ্গী হিসেবে ভুক্তভোগীর সাথে বসবাস করেন বা করেছেন;
4. পারিবারিক সহিংসতা আইন অনুযায়ী যেহেতু সহিংসতার ঘটনাটি ঘটেছিল তার আওতাধীন বা পারিবারিক সহিংসতা আইনের আওতায় ভুক্তভোগীর স্বামী/স্ত্রীর সাথে একইভাবে অবস্থাযুক্ত কোনো ব্যক্তি; বা,
5. অন্য যেকোনো ব্যক্তির দ্বারা ভুক্তভোগী প্রাপ্তবয়স্ক বা যুবক-যুবতীর বিরুদ্ধে যারা সেই ব্যক্তির কর্ম থেকে পারিবারিক সহিংসতা আইনের আওতাধীন সুরক্ষিত যেখানে সহিংসতার অপরাধ সংঘটিত হয়েছে।

নাগরিক অধিকার ও সম্মতি বিষয়ক বিভাগ (CRC) – ডিস্ট্রিক্টের মধ্যে শিক্ষার্থীদের টাইটেল IX তদন্ত পর্যবেক্ষণের জন্য নিযুক্ত বিভাগ।

আনুষ্ঠানিক টাইটেল IX অভিযোগ – টাইটেল IX কোঅর্ডিনেটর বা নাগরিক অধিকার ও সম্মতি বিষয়ক কার্যালয়ে দায়ের করা অভিযোগ যা নিচের অভিযোগের পদ্ধতিগুলো ট্রিগার করে।

অভিযোগ জমাদানের তারিখ – যে তারিখে আনুষ্ঠানিক টাইটেল IX অভিযোগটি টাইটেল IX কোঅর্ডিনেটর বা নাগরিক অধিকার ও সম্মতি বিষয়ক কার্যালয়ে জমা দেওয়া হয়েছিল।

সহায়ক ব্যবস্থা – তদন্তের আগে বা তদন্তকালীন এবং যৌন হয়রানির অভিযোগের ঘটনায় জড়িত অভিযোগকারী বা বিবাদী উভয়েরই জন্য উপযুক্ত হিসেবে দেওয়া স্বকীয় সেবা। সহায়ক ব্যবস্থার মধ্যে কাউন্সেলিং/SSW, সময় বাড়ানো বা কোর্স-সংশ্লিষ্ট অন্যান্য সমন্বয়, ক্লাস শিডিউল পরিবর্তন, পক্ষের মধ্যে যোগাযোগের ক্ষেত্রে পারস্পরিক সীমাবদ্ধতা, নীতিমালা বা পদ্ধতিতে পরিবর্তন এবং অন্যান্য অনুরূপ থাকার ব্যবস্থা অন্তর্ভুক্ত থাকতে পারে। উপযুক্ত সহায়ক ব্যবস্থা কার্যকর করার জন্য আনুষ্ঠানিক টাইটেল IX অভিযোগ দায়ের করার প্রয়োজন নেই।

প্রমাণের অগ্রগণ্যতা – যৌন হয়রানির অভিযুক্ত ঘটনা ঘটেছে কিনা তা নির্ধারণের জন্য প্রমাণের যে মানদণ্ড ব্যবহার করা হয়েছিল। কোনো অভিযুক্ত ঘটনা না ঘটার চেয়ে বেশি সম্ভাবনা রয়েছে কিনা তা নির্ধারণের জন্য মানদণ্ডটি প্রমাণকে যাচাই করে।

(আপনার রেকর্ডের জন্য এই কপিটি সংরক্ষণ করুন)

শিক্ষার্থীদের অধিকার, দায়িত্ব এবং আচরণবিধি অনুধাবন, প্রাপ্তিস্বীকার ও পর্যালোচনার ব্যাপারে মা/বাবা ও শিক্ষার্থীর বিবৃতি

বরাবর অধ্যক্ষ:

আমরা, নিম্নে স্বাক্ষরকারী, "শিক্ষার্থীদের ইতিবাচক আচরণ এবং অর্জনের প্রচারণার জন্য একটি পরিচ্ছন্ন, নিরাপদ ও স্বাস্থ্যকর পরিবেশ তৈরি করার প্রচেষ্টাতে" ডেট্রয়েট পাবলিক স্কুলস কমিউনিটি ডিস্ট্রিক্টে যোগদান করছি।

অতএব, **আমরা, নিম্নে স্বাক্ষরকারীরা, সম্মতি দিচ্ছি:**

শিক্ষার্থীর জন্য

- শিক্ষার্থী আচরণবিধিতে বর্ণিত বিধিবিধান পড়েছি ও অনুসরণ করব।
- উৎপীড়নের সাথে জড়িত থাকব না এবং আমি এটি হতে দেখলে রিপোর্ট করব।
- এমন কোনো অস্ত্র বা এমন কিছু আনব না যা স্কুলে বা ইভেন্টে অন্যকে বিপদে ফেলতে পারে।
- যদি আমি স্কুলে বা কোনো স্কুল ইভেন্টে অস্ত্র বা বিপজ্জনক পরিস্থিতি দেখি তাহলে স্কুল কর্মীদের অবহিত করব।
- যখন আমার বা আমার সহপাঠীদের সাথে বিরোধ সৃষ্টি হয় তখন স্কুল কর্মীদের সহায়তা নিব।

শিক্ষার্থীর স্বাক্ষর _____ **তারিখ** _____

স্কুল _____

মা/বাবা/অভিভাবকের জন্য

- শিক্ষার্থীদের আচরণবিধিতে বর্ণিত বিধিবিধান পড়েছি ও অনুসরণ করব।
- আমার সন্তানকে স্কুল নির্দেশিকা অনুসরণ করতে শেখাব ও উৎসাহিত করব।
- স্কুল কর্মীদের সম্মান করব এবং স্কুল নীতি ও পদ্ধতি মেনে চলব।
- শিক্ষার্থীদের মধ্যে বিরোধ দেখা দিলে স্কুল কর্মীদের জানাব।

মা/বাবা/অভিভাবকের স্বাক্ষর _____ **তারিখ** _____

আমরা এই প্রতিজ্ঞায় সম্মতি দিচ্ছি এবং প্রত্যাশা করছি যে স্কুলের অধ্যক্ষ:

- শিক্ষার্থী ও মা-বাবা/অভিভাবকদের অধিকারকে সম্মান করব এবং শিক্ষার্থীদের আচরণবিধি কার্যকর করব।
- বিবাদের মীমাংসা ত্বরান্বিত করব।
- স্কুলে নিরাপদ ও স্বাস্থ্যসম্মত পরিবেশ বিকাশের জন্য উপযুক্ত ক্ষেত্রে মা/বাবা ও শিক্ষার্থীদের উদ্বেগগুলো শুনব এবং সেগুলোর উপর কাজ করব।

(এই কপিটি আপনার সন্তানের স্কুলে ফেরত দিন)

শিক্ষার্থীদের অধিকার, দায়িত্ব এবং আচরণবিধি অনুধাবন, প্রাপ্তিস্বীকার ও পর্যালোচনার ব্যাপারে মা/বাবা ও শিক্ষার্থীর বিবৃতি

বরাবর অধ্যক্ষ:

আমরা, নিম্নে স্বাক্ষরকারী, "শিক্ষার্থীদের ইতিবাচক আচরণ এবং অর্জনের প্রচারণার জন্য একটি পরিচ্ছন্ন, নিরাপদ ও স্বাস্থ্যকর পরিবেশ তৈরি করার প্রচেষ্টাতে" ডেট্রয়েট পাবলিক স্কুলস কমিউনিটি ডিস্ট্রিক্টে যোগদান করছি।

অতএব, **আমরা, নিম্নে স্বাক্ষরকারীরা, সম্মতি দিচ্ছি:**

শিক্ষার্থীর জন্য

- শিক্ষার্থী আচরণবিধিতে বর্ণিত বিধিবিধান পড়েছি ও অনুসরণ করব।
- উৎপীড়নের সাথে জড়িত থাকব না এবং আমি এটি হতে দেখলে রিপোর্ট করব।
- এমন কোনো অস্ত্র বা এমন কিছু আনব না যা স্কুলে বা ইভেন্টে অন্যকে বিপদে ফেলতে পারে।
- যদি আমি স্কুলে বা কোনো স্কুল ইভেন্টে অস্ত্র বা বিপজ্জনক পরিস্থিতি দেখি তাহলে স্কুল কর্মীদের অবহিত করব।
- যখন আমার বা আমার সহপাঠীদের সাথে বিরোধ সৃষ্টি হয় তখন স্কুল কর্মীদের সহায়তা নিব।

শিক্ষার্থীর স্বাক্ষর _____ **তারিখ** _____

স্কুল _____

মা/বাবা/অভিভাবকের জন্য

- শিক্ষার্থীদের আচরণবিধিতে বর্ণিত বিধিবিধান পড়েছি ও অনুসরণ করব।
- আমার সন্তানকে স্কুল নির্দেশিকা অনুসরণ করতে শেখাব ও উৎসাহিত করব।
- স্কুল কর্মীদের সম্মান করব এবং স্কুল নীতি ও পদ্ধতি মেনে চলব।
- শিক্ষার্থীদের মধ্যে বিরোধ দেখা দিলে স্কুল কর্মীদের জানাব।

মা/বাবা/অভিভাবকের স্বাক্ষর _____ **তারিখ** _____

আমরা এই প্রতিজ্ঞায় সম্মতি দিচ্ছি এবং প্রত্যাশা করছি যে স্কুলের অধ্যক্ষ:

- শিক্ষার্থী ও মা-বাবা/অভিভাবকদের অধিকারকে সম্মান করব এবং শিক্ষার্থীদের আচরণবিধি কার্যকর করব।
- বিবাদের মীমাংসা ত্বরান্বিত করব।
- স্কুলে নিরাপদ ও স্বাস্থ্যসম্মত পরিবেশ বিকাশের জন্য উপযুক্ত ক্ষেত্রে মা/বাবা ও শিক্ষার্থীদের উদ্বেগগুলো শুনব এবং সেগুলোর উপর কাজ করব।

শিক্ষার্থীদের অধিকার, দায়িত্ব ও আচরণবিধি অনুধাবন,
প্রাপ্তিস্বীকার ও পর্যালোচনার ব্যাপারে কর্মীর বিবৃতি

আমি, নিম্নে স্বাক্ষরকারী, শিক্ষার্থীদের ইতিবাচক আচরণ এবং অর্জনের ব্যাপারে প্রচারণার জন্য একটি পরিচ্ছন্ন, নিরাপদ ও স্বাস্থ্যকর পরিবেশ তৈরি করার প্রচেষ্টাতে ডেট্রয়েট পাবলিক স্কুলস কমিউনিটি ডিস্ট্রিক্টে যোগদান করছি।

অতএব, **আমি, নিম্নে স্বাক্ষরকারী, সম্মতি দিচ্ছি:**

.....

.....

- শিক্ষার্থী আচরণবিধিতে বর্ণিত বিধিবিধান পড়েছি ও অনুসরণ করব।
- শিক্ষার্থী ও মা-বাবা/অভিভাবকদের অধিকারকে সম্মান করব এবং শিক্ষার্থীদের আচরণবিধি কার্যকর করব।
- উৎপীড়নের সাথে জড়িত থাকব না এবং আমি এটি হতে দেখলে রিপোর্ট করব।
- আমার শিক্ষার্থীকে স্কুল নির্দেশিকা অনুসরণ করতে শেখাব ও উৎসাহিত করব।
- বিবাদের মীমাংসা ত্বরান্বিত করব।
- স্কুলে নিরাপদ ও স্বাস্থ্যসম্মত পরিবেশ বিকাশের জন্য উপযুক্ত ক্ষেত্রে মা/বাবা ও শিক্ষার্থীদের উদ্বেগগুলো শুনব এবং সেগুলোর উপর কাজ করব।
- 3139.01 নীতিসহ বোর্ডের সকল নীতিমালা মেনে চলব – ওয়ার্ক রুলস অ্যান্ড স্টাফ সংশোধনমূলক শৃঙ্খলা ও নীতি 3210 – নৈতিক আচরণের স্ট্যান্ডার্ড, যা উল্লেখ করে যে কর্মীদের , "ইচ্ছাকৃতভাবে কোনো শিক্ষার্থীকে অপ্রয়োজনীয় বিব্রতকর বা অসম্মানের সাথে প্রকাশ করা যাবে না" বা তার সাথে "অবমাননাকর এবং/বা অশুদ্ধ ভাষা ব্যবহার করা যাবে না।"

কর্মীর স্বাক্ষর _____ **তারিখ** _____

স্কুল _____